„ শরৎকুমার দত্ত, বেলগাছা, কুড়িগ্রাম পোঃ, রঙ্গপুর।
„ কুমার শরৎকুমার রায় এম্ এ, দয়ারামপুর পোঃ, ভায়া নাটোর, রাজসাহী।
„ শশধর রায় এম্ এ, বি এল্, ঘোড়ামারা, রাজসাহী।
„ শশিকিশোর চঙ্গদার বি এল্, উকীল, নওগাঁ, রাজসাহী।
৫৬০ „ শশিকুমার ভট্টাচার্য্য, ম্যানেজার, মুস্তোফীর ষ্টেট, কুচবিহার।
„ শশিভূষণ ঘোষ, ঝাওয়াকুঠি, ভাগলপুর।
„ শশিভূষণ চৌধুরী, ডিঃ এবং সেসন জজ, বীরভূম।
„ শশিভূষণ ঠাকুর, বরিয়া-পাকুড়িয়া, রাজসাহী।
„ শশিভূষণ বন্দ্যোপাধ্যায়, কাল্‌না, বর্দ্ধমান।
৫৬৫ „ শশিভূষণ বসু এম্ এ, অধ্যাপক, কৃষ্ণনগর কলেজ, কৃষ্ণনগর।
„ শশিভূষণ রায়, দুবলহাটি রাজষ্টেটের ম্যানেজার, রাজসাহী।
„ শশিভূষণ সিংহ, নায়েব তারাপুর, মল্লারপুর, বীরভূম।
„ শান্তণচরণ বিশ্বাস, হড়া, পোঃ ব্রাহ্মণপাড়া, হুগলী।
„ শিবচন্দ্র শীল, চুঁচুড়া, হুগলী।
৫৭০ „ শিবনাথ গুপ্ত বি এ, আরা স্কুলের শিক্ষক, আরা, সাহাবাদ।
„ ডাঃ শিবপ্রসাদ শর্ম্মা রায় এম্ বি, এম্ আর্ সি এস, ৪ লায়াল রোড, এলাহাবাদ।
„ শিবরতন মিত্র, রতন লাইব্রেরী, সিউড়ী।
„ শিশিরকুমার বর্দ্ধন এম্ এ, বি এল্, অধ্যাপক, কৃষ্ণনাথ কলেজ, বহরমপুর।
৫৭৪ „ শীতলচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, হেড্ মাষ্টার, আগরতলা উমাকান্ত একাডেমি, আগরতলা, ত্রিপুরা।

৫৭৫ শ্রীযুক্ত শৈলেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, শ্যামবাজার, বর্দ্ধমান।
,, কুমার শৌরীন্দ্রকিশোর রায় চৌধুরী, জমিদার, রামগোপালপুর পোঃ, ময়মনসিংহ।
,, শৌরীন্দ্রমোহন গুপ্ত, ডাক্তার মনোমোহন গুপ্তের বাটী, মুঙ্গের।
,, শ্যামাকিশোর মুন্সী, জমিদার, সেরপুর, বগুড়া।
,, শ্যামলানন্দ মুখোপাধ্যায় বি এল্, উকীল, রামপুরহাট, বীরভূম।
৫৮০ ,, শ্যামাচরণ চক্রবর্ত্তী এম্ এ, (ক) ভিক্টোরিয়া কলেজের অধ্যাপক, কুচবিহার।
,, শ্যামাচরণ চক্রবর্ত্তী (খ), কালীপুর পোঃ, গৌরীপুর, ময়মনসিংহ।
,, শ্যামাপদ ভট্যাচার্য্য বি এ, কানুনগো, জলপাইগুড়ী।
,, শ্যামাপ্রসাদ বক্সী, ফুলমতী, নাওডাঙ্গা, রঙ্গপুর।
,, শ্রীনাথ সিংহ, মধ্য শ্রীরামপুর, জোয়ানিয়া ভালুকা পোঃ, নদীয়া।
৫৮৫ ,, শ্রীনাথ সেন, ভূতপূর্ব্ব ডেপুটী ম্যাজিষ্ট্রেট, কামারখারা, পোঃ স্বর্ণগ্রাম, ঢাকা।
,, শ্রীজীবচন্দ্র লাহিড়ী, গৌরীপুর ষ্টেট, আসাম।
,, শ্রীমাধব চট্টরাজ বি এ, এডোয়ার্ড করোনেশন স্কুলের প্রধান শিক্ষক, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।
,, শ্রীরামচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, বি এল্, রামপুরহাট।
,, শ্রীরাম মৈত্রেয়, ফেটগ্রাম, মান্দা পোঃ রাজসাহী।
৫৯০ ,, শ্রীশচন্দ্র বসু বি এল্, সবজজ, এলাহাবাদ।
,, শ্রীহর্ষ মুখোপাধ্যায় বি এল, উকীল, বর্দ্ধমান।
,, সতীপ্রসাদ সেনগুপ্ত, সুপারিণ্টেণ্ডেণ্ট পোষ্টমাষ্টার জেনারেলের আফিস, ঢাকা।
,, সতীন্দ্রনাথ রায় চৌধুরী, "রায়কুটীর", পাঁচচর, ফরিদপুর।
,, মোহান্ত মহারাজ সতীশচন্দ্র গিরি, তারকেশ্বর, হুগলী।
৫৯৫ ,, ডাক্তার সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ, ডি এল্, ১৩ এডমনষ্টোন্ রোড, এলাহাবাদ।
,, সতীশচন্দ্র ঘোষ এম্ আই আর এস্, রাঙ্গামাটী, চট্টগ্রাম।
,, সতীশচন্দ্র চট্টোপাপাধ্যায় বি ই, (ক) ডিষ্ট্রীক্ট ইঞ্জিনীয়ার, কৃষ্ণনগর।
,, সতীশচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, বি এল্, বাবনাপাড়া, বর্দ্ধমান।
,, সতীশচন্দ্র বড়ুয়া, জমীদার, আগমনী পোঃ, ধুবড়ী, আসাম।
৬০০ ,, সতীশচন্দ্র মিত্র বি এ, অধ্যাপক, হিন্দু একাডেমি, দৌলতপুর, খুলনা।
,, সতীশচন্দ্র মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, ৯২ ক্ষেত্র বাঁড়ুয্যের ষ্ট্রীট, শিবপুর, হাওড়া।
,, সতীশচন্দ্র লাহিড়ী, পুলিস সব্ ইন্স্পেক্টার, গাইবান্ধা, রঙ্গপুর।
,, সতীশচন্দ্র সাহা, রথের সড়ক, হাটখোলা, চন্দননগর।
,, সতীশচন্দ্র সিংহ বি এল্, উকীল, কান্দি, মুরশিদাবাদ।
৬০৫ ,, সতীশচন্দ্র সেন বি এল্, বগুড়া।

৬০৬ শ্রীযুক্ত রায় চৌধুরী সম্মোহন বক্শী, জমিদার, মহারাজের, এ, ডি, সি, কুচবিহার।
„ সত্যচরণ বসু বি এল্, উকীল, বনগ্রাম, যশোহর।
„ সত্যচরণ মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, ১৯ শ্যামাচরণ মুখোপাধ্যায়ের ষ্ট্রীট, কোন্নগর, হাওড়া।
„ সত্যপ্রসন্ন মজুমদার এম্ এ, বি এল্, মুন্সেফ, ঝিনেদহ, যশোহর।
৬১০ „ সত্যেন্দ্রচন্দ্র মল্লিক সি এস্, ডিঃ এবং সেসন্ জজ, গয়া।
„ সত্যেন্দ্রনাথ বটব্যাল বি এ, ডেপুটী মাজিষ্ট্রেট, ডালটনগঞ্জ, পালামৌ।
„ সত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়, একাউন্টাণ্ট জেনারেল, জয়পুর-রাজ, "মায়ামরু", জয়পুর, রাজপুতানা।
„ সত্যেন্দ্রনাথ রায় বি এল্, উকীল, হাইকোর্ট, বেহালা ২৪ পরগণা।
„ সত্যেশচন্দ্র গুপ্ত এম্ এ, সব্ ডেপুটি কলেক্টার, সিউরি, বীরভূম।
৬১৫ „ সরোজকৃষ্ণ ঘোষ মৌলিক বি এ, জমিদার, পাঁচথুপী, মুরশিদাবাদ।
„ সরোজিনীনাথ বৰ্দ্ধন বি এ, এল্ এম্ এস্, ২৮ রেস্ কোর্স রোড, সিঙ্গাপুর।
„ সাতকড়ি বন্দ্যোপাধ্যায়, ভূতপূর্ব্ব "সৎসঙ্গ" সম্পাদক, বেলডাঙ্গা, মুরশিদাবাদ।
„ সারদাগোবিন্দ তালুকদার, চিত্রকোল, বাগদুয়ার, রঙ্গপুর।
„ সারদাপ্রসাদ সরকার এম্ এ, সব্‌ডিবিসনাল অফিসার, মাধেপুরা, ভাগলপুর।
৬২০ „ ডাঃ সিদ্ধচরণ মিত্র এল্ এম্ এস্, ৪ ক্যাণ্টনমেণ্ট রোড, লক্ষ্ণৌ।
„ পণ্ডিত সিদ্ধেশ্বর বাৎস্যবেদার্থী, বেলুন, পাণ্ডুয়া, হুগলী।
„ সীতানাথ রায় বস্যা খান্দুয়া, লালগোলা, মুরশিদাবাদ।
„ সুখরঞ্জন সেন গুপ্ত, রায়পাড়া, সেনহাটী, খুলনা।
„ সুধাংশুভূষণ রায় বি এল্, উকিল, ৭৭ কোতোয়ালী রোড, ভাগলপুর।
৬২৫ „ সুবোধচন্দ্র মজুমদার বি এ, হাথরোই ভিলা জয়পুর, রাজপুতানা।
„ সুরেন্দ্রকুমার বসু বি সি ই, অধ্যাপক ইঞ্জিনীয়ারিং কলেজ, শিবপুর, ২১ শিবপুর রোড, হাওড়া।
„ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী, জমিদার সপ্তপুষ্করিণী, পোঃ শ্যামপুর, রঙ্গপুর।
„ সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, সব্ রেজিষ্ট্রার, ডোমার, রঙ্গপুর।
„ সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, সম্পাদক, হিরণ্ময়ী লাইব্রেরী, বাগাছাড়া, আমতলা পোঃ, মুরশিদাবাদ।
৬৩০ „ সুরেন্দ্রনাথ চক্রবর্ত্তী এম্ এ, আসিষ্টাণ্ট, ফাইনান্সাল ডিপার্টমেণ্ট, জেল রোড, শিলং।
„ সুরেন্দ্রনাথ দাস গুপ্ত এম্ এ, অধ্যাপক, ফরম্যান ক্রিষ্টিয়ান কলেজ, লাহোর।
„ সুরেন্দ্রনাথ দেব এম্ এ, কায়স্থ কলেজের অধ্যাপক, কর্ণেলগঞ্জ, এলাহাবাদ।
৬৩৩ „ সুরেন্দ্রনাথ দেব রায়, পোর্ট ব্লেয়ার।

৬৩৪ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বক্সী, জমিদার, ইনাতপুর, মহাদেবপুর, রাজসাহী।

৬৩৫ „ সুরেন্দ্রনাথ ভায়া বি এল্, উকীল, ঘোড়ামারা, রাজসাহী।

„ সুরেন্দ্রনাথ মজুমদার বি এ, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, ভাগলপুর।

„ সুরেন্দ্রনাথ রায় চৌধুরী, (ক) সিদ্ধকাটী, বরিশাল।

„ সুরেন্দ্রনাথ রায় চৌধুরী বি এল্, (খ) এড্‌ভোকেট, নিউইস ষ্ট্রীট, রেঙ্গুন।

„ ডাঃ সুরেন্দ্রনাথ সেন এল্ এম্ এস্, (ক) "দি মল্", কাণপুর।

৬৪০ „ সুরেন্দ্রনাথ সেন বি এল্, (খ) উকীল, রঙ্গপুর।

„ ডাঃ সুরেন্দ্রনাথ সেন গুপ্ত এল্ এম্ এস্, পোর্ট ব্লেয়ার।

„ সুরেন্দ্রনারায়ণ মিত্র এম্ এ, অধ্যাপক, পাবনা কলেজ, পাবনা।

„ সুরেন্দ্রনারায়ণ রায়, দিনাজপুর রাজবাটী, দিনাজপুর।

„ সুরেন্দ্রমোহন মৈত্রেয় বি এল্, উকীল, রাজসাহী।

৬৪৫ „ সুরেন্দ্রপ্রসাদ লাহিড়া চৌধুরী, জমিদার কৃষ্ণপুর, পোঃ গৌরীপুর, ময়মনসিংহ।

„ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম্ এ, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের বাটী, কহলগাঁও, ভাগলপুর।

„ সুরেশচন্দ্র সরকার এম্ এ, এম্ আর এ এস্, ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টার, রাঁচী।

„ সুরেশচন্দ্র সেন এম্ এ, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, বালুরঘাট, দিনাজপুর।

„ সুরেশচন্দ্র বসু বি এ, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, কক্স্‌বাজার, চট্টগ্রাম।

৬৫০ „ সুশীলেন্দ্র বন্দ্যোপাধ্যায়, পুলিস্ সব ইন্সপেক্টার, বালুরঘাট, দিনাজপুর।

„ সোমেশচন্দ্র সিংহ, চম্পানগর, ভাগলপুর।

„ সৌরেন্দ্রমোহন সিংহ, ঝাওয়াকুটী, ভাগলপুর।

„ ডাঃ হরকুমার গুহ, গৌরীপুর, আসাম।

„ হরকুমার সরকার, জমিদার, ঘোড়ামারা, রাজসাহী।

৬৫৫ „ হরগোপাল দাস কুণ্ডু, জমিদার, মাহিগঞ্জ, রঙ্গপুর।

„ হরগোবিন্দ লস্কর চৌধুরী, জামালপুর, সেরপুর টাউন।

„ হরগোবিন্দ সরকার, নাটোর, রাজসাহী।

„ হরনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীনগর, কাশ্মীর।

„ হরিকিশোর মৈত্র, সেরপুর, বগুড়া।

৬৬০ „ হরিচরণ সেনগুপ্ত, কালীতলা, দিনাজপুর।

„ ডাঃ হরিতারণ বন্দ্যোপাধ্যায় এল্ এম্ এস্, রামপুরহাট, বীরভূম।

„ হরিদাস রায় চৌধুরী, বারুইপুর, ২৪ পরগণা।

„ হরিধন চট্টোপাধ্যায়, নপাড়া, শ্যামনগর, ২৪ পরগণা।

„ হরিনাথ পাঁড়ে প্রতাপপুর, রুকুনপুর পোঃ, মুরশিদাবাদ।

৬৬৬ শ্রীযুক্ত হরিপদ পাঁড়ে, এম্ এ, কুচবিহার কলেজের অধ্যাপক, কুচবিহার।
„ ডাঃ হরিপদ বসু এল্ এম্ এস্, চকদীঘি, বর্দ্ধমান।
„ হরিপ্রসন্ন দাস গুপ্ত, নায়েব, রাজা যোগেন্দ্রকিশোর রায় চৌধুরীর ষ্টেট, ভেদারগঞ্জ, ফরিদপুর।
„ হরিপ্রসাদ বসু এম্ এ, বি এল্, উকীল, বোলপুর, বীরভূম।
৬৭০ „ হরিমোহন সিংহ বি এ, দিনাজপুর রাজবাড়ী, দিনাজপুর।
„ সুমনস্ হরিলাল ধ্রুব, ডাঃ ধ্রুব হাউস, খড়িয়া, আমেদাবাদ।
„ হরেন্দ্রকুমার ঘোষ বি এ, ডেপুটি কালেক্টার, চট্টগ্রাম।
„ হরেন্দ্রচন্দ্র লাহিড়ী, জমিদার, নীলফামারী, রঙ্গপুর।
„ হরেন্দ্রনারায়ণ চৌধুরী, সদর নায়েব, আহেলকার, কুচবিহার।
৬৭৫ „ হরেন্দ্রনারায়ণ রায় মহাশয়, জমিদার, লক্ষ্মণনাথ পোঃ, বালেশ্বর।
„ হরেন্দ্রলাল রায় বি এল্, উকীল, ভাগলপুর।
„ হৃদয়বন্ধু মজুমদার, সুপাঃ কাকিনা-রাজ, কাকিনা, রঙ্গপুর
„ হৃষীকেশ রায়, জমিদার, উদয়গ্রাম, কুমারগঞ্জ, দিনাজপুর।
„ হৃষীকেশ রায় চট্টোপাধ্যায়, এডওয়ার্ড করোনেশন ইন্‌ষ্টিটিউশনের ২য় শিক্ষক, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।
৬৮০ „ ডাক্তার হৃষীকেশ লাহিড়ী এম্ বি, নবাবগঞ্জ, রঙ্গপুর।
„ পণ্ডিত হৃষীকেশ শাস্ত্রী, ভট্টপল্লী, কাঁকিনারা, ২৪ পরগণা।
„ হৃষীকেশ সেন, সব ইন্সপেক্টর, মাধেপুরা, ভাগলপুর।
„ হেমচন্দ্র কুণ্ডু, বারদুয়ারী গোলা, সেরপুর, বগুড়া।
„ হেমচন্দ্র সরকার এম্ এ, অধ্যাপক, কৃষ্ণনগর কলেজ, কৃষ্ণনগর।
৬৮৫ „ হেমচন্দ্র সেন, (ক) শ্রীযুক্ত সতীশচন্দ্র দাস গুপ্ত মহাশয়ের বাসা, সেনপাড়া, রঙ্গপুর।
„ হেমচন্দ্র সেন, (খ) আসিষ্টাণ্ট, ই, বি এণ্ড আসাম সেক্রেটেরিয়াট, লাবান, শিলং।
„ কবিরাজ হেমপ্রসন্ন রায় গুপ্ত, কালীতলা, দিনাজপুর।
„ হেমন্তকুমার কর, 'সারস্বত নিকেতন', মূলাজোর, শ্যামনগর, ২৪ পরগণা।
„ হেমন্তকুমার ভট্টাচার্য্য বি এ, সাঁতরাগাছী, ব্যাতোড়, হাওড়া।
৬৯০ „ হেমন্তকুমার হালদার এম্ এ, বি এল্, মুন্সেফ, সিউরী, বীরভূম।
„ হেমাঙ্গচন্দ্র বসু বি এল্, ভূতপূর্ব্ব সব্‌জজ, কেরাণীটোলা, মেদিনীপুর।
„ কুমার হেমেন্দ্রকুমার রায়, রাজসাহী।
„ হেমেন্দ্রকিশোর আচার্য্য চৌধুরী, 'দেবনিবাস', ময়মনসিংহ।
৬৯৪ „ হেমেন্দ্রমোহন বসু বি এ, সহকারী প্রধান শিক্ষক, বর্দ্ধমান মিউনিসিপাল স্কুল, বর্দ্ধমান।

৬৯৫ শ্রীযুক্ত হেমেন্দ্রলাল কাস্তগির এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, মতিহারী, চম্পারণ।
„ হেরম্বচন্দ্র চৌধুরী, জমিদার, হেমনগর, ময়মনসিংহ।
৬৯৭ „ মুন্সী হেলালউদ্দীন খান, পোঃ পূর্ণনগর, রঙ্গপুর।

ছাত্র-সভ্য

শ্রীযুক্ত রাখালদাস কাব্যতীর্থ, ৫৬ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ কুলদাপ্রসাদ মল্লিক বি এ, সিউড়ি।
„ হৃষীকেশ মিত্র, ১২।১ রামকৃষ্ণ দাসের লেন, কলিকাতা।
„ নিতাইহরি দে, ৫২ রাজবল্লভ ষ্ট্রীট, কলিকাতা।
৫ „ লালবিহারী দাস ঘোষ, ১৬ শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
„ ভূপেন্দ্রনাথ বসু, ৭১ পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।
„ সুশীলচন্দ্র মুখোপাধ্যায়, ১৫ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা, কলিকাতা।
„ দেবেন্দ্রমোহন লাহিড়ী, ১০ কাশী ঘোষের লেন, কলিকাতা।
„ শচীন্দ্রলাল ভাড়ড়ী, ঐ ঐ
১০ „ সীতেশচন্দ্র সেন বি এ, কালিয়া।
„ তারাপ্রসন্ন বাক্‌চী, মেড়তলা, বৰ্দ্ধমান।
„ ইন্দুভূষণ নাথ, আড়বালিয়া, ২৪ পরগণা।
„ বিনোদেশ্বর দাস গুপ্ত বি এ, ৮৮ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ নিকুঞ্জবিহারী পাল, শালিমপুর, দৌলতপুর, শ্রীযুক্ত ইমানালি পণ্ডিতের বাটী।
১৫ „ সুরেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়, সাটুই, শক্তিপুর, মুরশিদাবাদ।
„ শ্যামাচরণ আচার্য্য, ৭১।১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
„ শচীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, ঐ ঐ
„ সুরেশচন্দ্র ঘোষ, ঐ ঐ
„ অক্ষয়কুমার বসু, ২৪ মহেন্দ্র বসুর লেন, কলিকাতা।
২০ „ হরিদাস মজুমদার, ১৪৪ আপার সার্কুলার রোড, কলিকাতা।
„ রবীন্দ্রকুমার মিত্র, ৫০ গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
„ ভোলানাথ বন্দ্যোপাধ্যায়, ৮১ বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
„ ধীরেন্দ্রলাল সেন, শ্রীযুক্ত কামিনীকমল সেন উকীলের বাসা, ময়মনসিংহ।
„ প্রভাসচন্দ্র ভট্টাচার্য্য, কুচবিহার জেল, কুচবিহার।
২৫ „ সত্যচরণ পাল বি এ, ৬৮ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
„ রোহিণীকুমার সেন গুপ্ত, ৩০ শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।
„ মাধবচন্দ্র দাস গুপ্ত, ঐ ঐ
„ প্রফুল্লকুমার বন্দ্যোপাধ্যায় বি এ, প্রেসিডেন্সী কলেজ, কলিকাতা।
২৯ „ ফণিমোহন ঘোষ, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।

৩০ শ্রীযুক্ত শিবেন্দ্রনারায়ণ চৌধুরী, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।
„ শশিকান্ত সেন গুপ্ত, ১৬৬ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।
„ যশোদাকুমার মালাকার, ৫ ভীম ঘোষের লেন, কলিকাতা।
„ রাখালচন্দ্র চৌধুরী, ৬ সিমলা ষ্ট্রীট, কলিকাতা।
„ দেবেন্দ্রনাথ গোস্বামী, ঐ ঐ
৩৫ „ সুরেন্দ্রনাথ নামহাতা, ঐ ঐ
„ বীরেন্দ্রনাথ সেন গুপ্ত, ১৭ ডাফ্ ষ্ট্রীট, ঐ
„ যতীশচন্দ্র সেন, ৮৮ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ ব্রজেন্দ্রকৃষ্ণ সেন গুপ্ত বি এ, মত্ত, মাণিকগঞ্জ, ঢাকা।
„ হরলাল দাস গুপ্ত, ৫৬।১।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
৪০ „ কিরণচন্দ্র মুখোপাধ্যায় বি এ, ৬১ মেছুয়াবাজার ষ্ট্রীট কলিকাতা।
„ কৃষ্ণবিহারী গুপ্ত বি এ, ৬০ নিমতলা ঘাট ষ্ট্রীট, কলিকাতা।
„ যোগেশচন্দ্র গুপ্ত, ৫৬।১।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ সুরেন্দ্রনাথ সেন গুপ্ত, ঐ ঐ ঐ
„ জ্যোতিশ্চন্দ্র বিশ্বাস, ৩ শম্ভুচন্দ্র চট্টোপাধ্যায়ের ষ্ট্রীট, কলিকাতা।
৪৫ „ সতীশচন্দ্র গুপ্ত, ৬২ শ্যামপুকুর ষ্ট্রীট, কলিকাতা।
„ উমেশচন্দ্র ভট্টাচার্য্য বি এ, ২০ রাধানাথ বসুর লেন, কলিকাতা।
„ সত্যরঞ্জন দাস গুপ্ত, ৪৪ ইডেন হিন্দু হোষ্টেল, কলিকাতা।
„ ভূপেন্দ্রনাথ গুপ্ত, ৬২ শ্যামপুকুর ষ্ট্রীট, কলিকাতা।
„ রাসবিহারী সেন গুপ্ত, ২১।১ পটুয়াটোলা লেন, কলিকাতা।
৫০ „ সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য বি এ, ৬১ মেছুয়াবাজার ষ্ট্রীট কলিকাতা।
„ অঘোরনাথ ঘোষ, ২৮ বৃন্দাবন মল্লিকের লেন, কলিকাতা।
„ সীতানাথ কর্ম্মকার বি এ, ২৯ রামকান্ত মিস্ত্রীর লেন, কলিকাতা।
„ ভববিভূতি ভট্টাচার্য্য, ৩য় বার্ষিক শ্রেণী, সংস্কৃত কলেজ, কলিকাতা।
„ রাজেন্দ্রকিশোর ধর, গগন চৌধুরীর লেন, ময়মনসিংহ।
৫৫ „ ফণিভূষণ বসু, ৯।১ রামচন্দ্র মৈত্রের লেন, কলিকাতা।
„ প্রফুল্লকুমার চট্টোপাধ্যায়, ৪১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা
„ প্রশান্তচন্দ্র মহলানবিশ, ২১০ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
„ প্রভাতকুমার মুখোপাধ্যায়, ১৬৬ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।
„ কেদারনাথ চট্টোপাধ্যায়, ২১০।৩ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
৬০ „ রেবতীমোহন চক্রবর্ত্তী, ৫ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা।
„ বীরেন্দ্রকুমার রক্ষিত জোয়াড়া, গাছবাড়িয়া পোঃ, চট্টগ্রাম।
৬২ „ ইন্দ্রনারায়ণ দে বি এ, ৪ রামতনু বসুর লেন, কলিকাতা।

৬৩ শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র দাস সুজাতপুর, শ্রীহট্ট, (৪১।৬ কেনেল ওয়েষ্ট, রোড কলিকাতা)।

„ প্রশান্তভূষণ গুপ্ত, আউট্সাহী, ঢাকা।

৬৫ „ জিতেন্দ্রনাথ সেন, কবিরাজ-বাড়ী, খান্দারপাড়া, ফরিদপুর।

„ সুখবিন্দু সেন গুপ্ত বি এ, বিক্রমপুর, ঢাকা।

„ যতীন্দ্রকৃষ্ণ নিয়োগী, রিপন কলেজ, প্রথম বার্ষিক শ্রেণী, ১৪ রতন নিয়োগীর লেন, গৌরীবেড় কলিকাতা।

„ রাজেন্দ্রকিশোর রায় বি এ, আউট্সাহী, ঢাকা।

„ সুরেশচন্দ্র দত্ত রায়, কাস্তল, অষ্টগ্রাম পোঃ, ময়মনসিংহ, (২৮ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা)।

৭০ „ নরেন্দ্রচন্দ্র পাল বি এ, যশোদল পোঃ, ময়মনসিংহ, (২৮ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা)।

„ প্রমথনাথ বিশ্বাস, পোড়াগাছা, আসন্নগর পোঃ, নদীয়া।

„ সুশীলচন্দ্র দে বি এ, প্রেসিডেন্সী কলেজ, ৫ম বার্ষিক শ্রেণী, দমদম রোড, কাশীপুর পোঃ।

„ গিরিজাশঙ্কর রায় চৌধুরী বি এ, পঞ্চম বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ।

„ জিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়, রিপণ কলেজ, ৪ ঠাকুর-কাসল রোড, কলিকাতা।

৭৫ „ সুরেশচন্দ্র চক্রবর্ত্তী বি এ, ৩ রমানাথ মজুমদারের লেন, কলিকাতা।

„ রাখালমোহন সোম, প্রথম বার্ষিক শ্রেণী, রিপন কলেজ, ১ বল্দেপাড়া রোড, মাণিকতলা।

„ সমতুলচন্দ্র সেন গুপ্ত, ৩য় বার্ষিক শ্রেণী, সিটী কলেজ, ১২০ লোয়ার সার্কুলার রোড, কলিকাতা।

„ সত্যেন্দ্রমোহন চৌধুরী, ২য় বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ, ৬৩ হ্যারিসন রোড, কলিকাতা।

„ প্রমথনাথ বিশ্বাস, ৬০৩ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮০ „ বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, ৩য় বার্ষিক শ্রেণী, স্কটিশ চার্চ্চ কলেজ,১৭৬কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

„ শরৎলাল বিশ্বাস, ৭৩।১ শ্রীগোপাল মল্লিকের লেন, কলিকাতা।

„ পুলিনচন্দ্র মুখোপাধ্যায়, ১৭ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা।

„ গোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ, পল্লীবাসী-কার্য্যালয়, কাল্না, বর্দ্ধমান।

„ জিতেন্দ্রনাথ সেন, ৩২ প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীট, কলিকাতা।

৮৫ „ অবনীকান্ত উপাধ্যায়, ৩০ শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

„ ক্ষীরোদচন্দ্র ভঞ্জ „ „ „ „

„ নরেন্দ্রনাথ সেনগুপ্ত „ „ „ „

৮৮ „ বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায় „ „ „ „

৮৯ শ্রীযুক্ত মুন্‌শী মোহাম্মদ মোজাম্মেল হক্, ২।১ ক্রীক রো, কলিকাতা।

৯০ ,, রাজেন্দ্রলাল রায় চৌধুরী, ৫৬।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

,, অতুলচন্দ্র দাস গুপ্ত, ৩য় বার্ষিক শ্রেণী, সংস্কৃত কলেজ, কলেজ স্কোয়ার, কলিকাতা।

,, যোগেশচন্দ্র গুপ্ত, ৫৬।১।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

,, সুরেন্দ্রনাথ সেন গুপ্ত, ,, ,, ,,

,, লালমোহন সোম, ১নং বলদেবপাড়া রোড, মাণিকতলা, কলিকাতা।

৯৫ ,, মোক্ষদাকুমার বিশ্বাস, ৪৩ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

,, নির্ম্মলচন্দ্র পাকড়াসী, ২৭ নং বলদিয়াপাড়া রোড, কলিকাতা।

,, রমেশচন্দ্র দাস দাস, ৩।১ ওয়ার্ড ইন্‌ষ্টিটিউসন, মাণিকতলা, কলিকাতা।

,, রাজেন্দ্রলাল নাথ, ৬নং গৌরীবেড়ে লেন, কলিকাতা।

,, নরেন্দ্রনাথ দালাল, ১১ উল্টাডিঙ্গি মেন রোড, কলিকাতা।

১০০ ,, দেবেন্দ্রচন্দ্র নাথ, ৬নং গৌরীবেড়ে লেন, কলিকাতা।

,, রাধিকাপ্রসাদ নাথ, ৬৮।৪ বেচু চাটুর্য্যে ষ্ট্রীট, কলিকাতা।

১০২ ,, শচীন্দ্রভূষণ ঘোষ, রায়গ্রাম, যশোহর।

১৩১৭ বঙ্গাব্দের কার্য্য-নির্ব্বাহক-সমিতি

মাননীয় শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্—সভাপতি।

মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর—(সহকারী সভাপতি)।

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্— ঐ।

,, ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় ডি এস্‌সি; পি এইচ ডি— ঐ।

,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ—সম্পাদক।

,, ব্যোমকেশ মুস্তফী—সহকারী সম্পাদক।

,, হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ, এম্ আর এ এস্—ঐ।

,, রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ—ঐ।

,, তারাপ্রসন্ন গুপ্ত বি এ—ঐ।

,, নগেন্দ্রনাথ বসু প্রাচ্য-বিদ্যামহার্ণব—পত্রিকা-সম্পাদক।

,, হীরেন্দ্রনাথ দত্ত বেদান্ত-রত্ন এম্ এ, বি এল্, এটর্ণি—ধনরক্ষক।

,, অসিতকুমার মুখোপাধ্যায় বি এ—গ্রন্থ-রক্ষক।

,, খগেন্দ্রনাথ মিত্র এম্ এ—ছাত্র-সভা-পরিদর্শক।

কার্য্য-নির্ব্বাহক-সমিতির সদস্যগণ

নির্ব্বাচিত-সভ্য

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাক্তার সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পিএইচ ডি।

" সুরেশচন্দ্র সমাজপতি।

কুমার " শরৎকুমার রায় এম্ এ।

" ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ।

" দেবকুমার রায় চৌধুরী।

" অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।

" শৈলেশচন্দ্র মজুমদার।

রায় " বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর।

মনোনীত-সভ্য

" মন্মথমোহন বসু বি এ।

" বিহারীলাল সরকার।

" যোগেন্দ্রচন্দ্র বসু বি এ।

" চারুচন্দ্র বসু এম্ আর এ এস।

ষোড়শ সাংবৎসরিক কার্য্যবিবরণী

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ষোড়শ বর্ষ অতিক্রম করিলেন। গতবৎসর পরিষদের নবগৃহ-প্রবেশ উপলক্ষে সভাপতি মহাশয় বলিয়াছিলেন, "ষোড়শে প্রবৃত্ত হইলে বাল্যাবস্থা অতিক্রান্ত হয়।" পরিষৎ যে নূতন উদ্যমে ও নূতন বলে কর্ম্মক্ষেত্রে প্রবেশ করিয়াছেন, তাহাতে এই উক্তি সার্থক হইয়াছে। গত বৎসর চারিদিকেই কর্ম্মক্ষেত্রের বিস্তার ঘটিয়াছে, সভ্যসংখ্যা দ্রুতবেগে বৃদ্ধি পাইয়াছে, আয়ের পরিমাণও সেইরূপে বাড়িয়াছে; তদপেক্ষা আনন্দের বিষয়, দেশের গণ্যমান্য লোকে কেহ অর্থ দ্বারা, কেহ পরিশ্রম দ্বারা, কেহ পরামর্শ দ্বারা পরিষদের হিতসাধনে প্রবৃত্ত হইয়াছেন; দেশের ভিতরে ও বাহিরে নানা সাহিত্য-সমিতি পরিষদের শাখারূপে গণ্য হইবার জন্য আগ্রহ প্রকাশ করিতেছেন। দেশের সর্ব্বত্র-সাহিত্য-পরিষৎ যেরূপ আদর ও সম্মান লাভ করিতেছেন, তাহা পরিষদের পক্ষে বিশেষ স্পর্দ্ধার কারণ হইয়া উঠিয়াছে।

সভ্য-সংখ্যা—গত বর্ষের শেষে শ্রেণীভেদে সভ্যসংখ্যা এইরূপ ছিল;—

আজীবন সভ্য	১
বিশিষ্ট সভ্য	৯
বিশেষ সভ্য	৭
সাধারণ সভ্য	১০০২
কলিকাতা ৪৯৪	
মফস্বল ৫০৮	
	১০১৯

আলোচ্যবর্ষে আজীবন সভ্য একজনই আছেন।

গত বৎসর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ মহাশয় যথারীতি বিশিষ্ট সভ্য নির্ব্বাচিত হওয়ায় বিশিষ্ট সভ্য-সংখ্যা ১১ জন হইয়াছিল; কিন্তু রমেশচন্দ্র দত্ত মহাশয় ও মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়ের পরলোক-গমনে বিশিষ্ট সভ্যসংখ্যা পুনরায় ৯ জনে দাঁড়াইয়াছে। বিশেষ সভ্য-মধ্যে শ্রীযুক্ত দেবীপ্রসাদ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত বিজয়চন্দ্র পুরকায়েত ও শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী এই তিনজন নির্ব্বাচিত হওয়ায় বিশেষ সভ্যের সংখ্যা ১০ জন হইয়াছে। কলিকাতাবাসী সাধারণ সভ্য বর্ষারম্ভে ৪৯৪ জন ছিলেন, তন্মধ্যে পদত্যাগ বা বহুদিন চাঁদা অনাদায় হেতু ৩৩ জনের নাম উঠিয়াছে, ৬ জনের মৃত্যু হইয়াছে, ১৫ জন মফস্বলে গিয়াছেন, ১ জনের নাম সাধারণ সদস্যের তালিকা হইতে বিশিষ্ট সভ্যের তালিকায় গিয়াছে। পক্ষান্তরে নব-নির্ব্বাচিত ১১৩ জন সভ্যের মধ্যে ১ জন পদত্যাগ করিয়াছেন ও ৯ জন

মফস্বল হইতে কলিকাতায় আসিয়াছেন। এইরূপে বর্ষান্তে কলিকাতাবাসী সভ্যসংখ্যা ৫৫১ হইয়াছে। মফস্বলবাসী সভ্যসংখ্যা বর্ষারম্ভে ৫০৮ ছিল, তন্মধ্যে ৩ জন মৃত ; পদত্যাগ বা চাঁদা অনাদায় হেতু ৩৬ জনের নাম গিয়াছে এবং ৭ জন কলিকাতায় আসিয়াছেন ; নব-নির্ব্বাচিত ২২৪ জনের মধ্যে ২ জন মৃত, ২ জন কলিকাতায় আসিয়াছেন ; আর কলিকাতাবাসী ১৫ জন মফস্বলে আসিয়াছেন ; এই সকল কারণে বর্ষান্তে সভ্যসংখ্যা ৬৯৭ হইয়াছে। কলিকাতা ও মফস্বল উভয়ের একযোগে সাধারণ সভ্যসংখ্যা ১২৪৮ হইয়াছে। বর্ষশেষে সভ্যতালিকা এইরূপ দাঁড়াইয়াছে—

আজীবন সভ্য	১
বিশিষ্ট সভ্য	৯
বিশেষ সভ্য	১০
সাধারণ সভ্য	৪৮
কলিকাতা ৫	
মফস্বল ৬৯৭	
সাকল্যে	১২৬৮

তিন চারি বৎসর বা ততোধিক কাল কোন চাঁদা দেন নাই, পত্রাদি লিখিলে উত্তরও দিতেন না, এইরূপ অনেকগুলি সভ্যের নাম এবার তুলিয়া দেওয়া হইয়াছে, তৎসত্ত্বেও সভ্যসংখ্যা বৎসর মধ্যে ১০১৯ হইতে ১২৬৮ হওয়ায় পরিষৎ বিশেষ আনন্দিত। এরূপ বলবৃদ্ধি পরিষদের জীবনে আর কখনও ঘটে নাই।

মৃত-সভ্যগণ—আলোচ্য-বর্ষে নিম্নোক্ত সভ্যগণের মৃত্যু হইয়াছে ঃ—

রমেশচন্দ্র দত্ত—রমেশচন্দ্রের মৃত্যু এই বৎসরের সর্ব্বাপেক্ষা শোকাবহ ঘটনা। রমেশচন্দ্রের সর্ব্বতোমুখী প্রতিভা বাঙ্গালা-সাহিত্যের জন্য, বাঙ্গালা-দেশের জন্য, সমস্ত ভারত-বর্ষের জন্য যেরূপ অক্লান্তভাবে নিযুক্ত ছিল, তাহা সর্ব্বজনবিদিত ; এস্থলে তাহার আলোচনা অসম্ভব। তিনি জীবন ব্যাপিয়া স্বদেশকে সর্ব্বতোভাবে গৌরবান্বিত করিবার চেষ্টা করিয়াছেন, স্বদেশের ইতিহাস ও স্বদেশের সাহিত্যকে নানা উপায়ে সর্ব্বদেশে পরিচিত করিবার জন্য চেষ্টা করিয়াছেন ; এ বিষয়ে তাঁহার অক্লান্ত অধ্যবসায় তুলনারহিত বলিলেও অত্যুক্তি হয় না। ইংরেজি গদ্য ও পদ্য রচনায় প্রচুর শক্তি থাকিতেও, তাঁহার মত উচ্চপদস্থ ও শিক্ষিত লোক যখন বাঙ্গালা-সাহিত্যকে ঘৃণা ও দয়া করিতেন, সেই সময়ে তিনি শ্রদ্ধার সহিত মাতৃভাষার সেবায় প্রবৃত্ত হইয়াছিলেন এবং নানারূপে বঙ্গ-সাহিত্যের সমৃদ্ধি বাড়াইয়া গিয়াছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহিত তাঁহার বিশেষ সম্পর্ক পরিষদের ইতিহাসে চিরস্মরণীয় হইবে। ১৩০১ সালের আরম্ভে তাৎকালিক Bengal Academy of Literature যখন কয়েক মাসের নিষ্ফল জীবনের পর বঙ্গীয়-সাহিত্য-পরিষদে রূপান্তরিত হয়, তিনি সেই সময়েই প্রথম সভাপতিরূপে উহার নেতৃত্ব গ্রহণ করেন। তাহার কিছুদিন পূর্ব্বেই

বঙ্কিমচন্দ্র ইহলোক ত্যাগ করিয়াছেন; পরিষদের গঠনকার্য্যে যাঁহারা ব্যাপৃত ছিলেন, তাঁহারা এই নবপ্রতিষ্ঠিত সাহিত্য-সভার পরিচালনা-কার্য্যে রমেশবাবুকেই যোগ্যতম ব্যক্তি বলিয়া স্থির করেন। দেড়বৎসর মাত্র পরিচালনার পর তিনি রাজকার্য্য উপলক্ষে উড়িষ্যায় গমন করেন এবং তজ্জন্য তাঁহাকে পরিষদের সভাপতিত্ব ত্যাগ করিতে হয়; কিন্তু তিনি সেই অল্প সময়েই পরিষৎকে যে ছাঁচে ঢালিয়া গিয়াছেন, পরিষৎ তদনুযায়ী মূর্ত্তি গ্রহণ করিয়াছে। তিনি যেরূপ যত্নের সহিত পরিষদের অধিবেশনে উপস্থিত হইয়া সমুদয় কার্য্যের তত্ত্বাবধান করিতেন, যেরূপে কর্ম্মক্ষেত্রের পরিসর বাড়াইবার উপায় নির্দ্দেশ করিতেন, যেরূপে আগ্রহের সহিত পরিষদের নবোদ্গত জীবনে বলসঞ্চার করিতেন, তাহা পরিষদের প্রাচীন সভ্যগণের অন্তরে চিরকাল জাগরূক থাকিবে। বস্তুতঃ সেই সময়ে রমেশচন্দ্রের ন্যায় উদ্যমশীল, কর্ম্মঠ, অনুরক্ত, উচ্চপদস্থ নেতার সাহায্য না পাইলে পরিষদের জীবনাখ্যায়িকা হয় ত অন্য রূপ গ্রহণ করিত। সূতিকাগৃহের বিঘ্নবিপত্তি হইতে পরিষৎ-শিশুকে এইরূপে রক্ষা করিয়া, তিনি সভাপতিত্ব হইতে অবসর গ্রহণের পর আর একবার ব্যতীত পরিষদের কার্য্যে সাক্ষাৎ সম্বন্ধে লিপ্ত হইতে পারেন নাই। তৎপরে তাঁহার কর্ম্মবহুল জীবনের অধিকাংশ ভাগ ইংলণ্ডে অথবা বরোদায় অতিবাহিত হওয়ায় পরিষদের কর্ম্মে যোগদান অসাধ্য হইয়াছিল; কিন্তু সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার মমত্ব চিরকাল অক্ষুণ্ণ ছিল। বিলাত-প্রবাস কালের মধ্যে যখন একবার স্বদেশে আসেন, সেই সময়ে—১৩০৯ সালে পরিষৎ তাঁহাকে এক বৎসরের জন্য পুনরায় সভাপতিত্বে বরণ করিয়া কৃতার্থ হইয়াছিলেন; সেই অবকাশে একদিন তাঁহার বহুকালের ও বহুব্যয়ে সঞ্চিত সংস্কৃত-গ্রন্থরাশি পরিষৎকে দান করিয়া পরিষদের প্রতি তাঁহার স্নেহানুগ্রহ প্রকাশ করেন। তৎপরে পরিষৎ তাঁহাকে বিশিষ্ট সভ্যরূপে নির্ব্বাচিত করিয়া কথঞ্চিৎ কৃতজ্ঞতা প্রকাশের চেষ্টা করিয়াছিলেন। গত বৎসরের প্রারম্ভে যখন তিনি বরোদার প্রধান মন্ত্রিপদ গ্রহণের পূর্ব্বে কলিকাতায় অবস্থিতি করিতেছিলেন, সেই সময়ে পরিষৎ তাঁহাকে সান্ধ্য-সম্মিলনে আহ্বান করিয়াছিলেন। পরিষদের নূতন মন্দিরে পদার্পণ করিয়া এবং পরিষদের সর্ব্বাঙ্গীণ উন্নতির পরিচয় পাইয়া তিনি যে আন্তরিক হর্ষ প্রকাশ করিয়াছিলেন, তাহা সেদিনে উপস্থিত সভ্যগণের চিরস্মরণীয় হইবে। এই ঘটনার কিছুদিন পরে পরিষদের সম্পাদক ও সহকারী সম্পাদকদ্বয় তাঁহার সহিত সাক্ষাৎ করেন; সেই অবসরে তিনি পরিষদের ভবিষ্যৎ সম্বন্ধে নানা উপদেশ দিয়াছিলেন। বরোদায় মন্ত্রিত্ব গ্রহণের পর বিগত শারদীয়া পূজার সময় বরোদা নগরে মহারাজ গাইকোয়াড়ের প্রবর্ত্তনায় যে মহারাষ্ট্র-সাহিত্য-সম্মিলন অনুষ্ঠিত হয়, সেই সম্মিলনে প্রতিনিধি প্রেরণের জন্য তিনি স্বহস্তে বিশেষ নিমন্ত্রণ দ্বারা পরিষৎকে আহ্বান করেন এবং বরোদাধিপতির কৃপাকটাক্ষ দ্বারা পরিষৎকে সাহায্য করিবেন, এই আশা পর্য্যন্ত দিয়া-ছিলেন। মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় পরিষদের প্রতিনিধিরূপে সেই সভায় উপস্থিত হইয়াছিলেন এবং তিনি সেখানে যে সবিশেষ সম্মান লাভ করেন, তাহাতে পরিষৎ সভাস্থলে সমবেত দাক্ষিণাত্য পণ্ডিতমণ্ডলীর সমক্ষে বিশেষ গৌরব ও প্রতিষ্ঠা লাভ করেন। মুখ্যতঃ রমেশচন্দ্রের যত্নে ও উৎসাহেই সেই সম্মিলন উপলক্ষে বঙ্গীয়-সাহিত্য-

পরিষদের অনুকরণে মহারাষ্ট্র-সাহিত্য-পরিষৎ-স্থাপনার সূচনা হইয়াছে, ইহাও বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অত্যন্ত শ্লাঘার বিষয়।

এই সাহিত্য-সম্মিলনের অল্পদিন পরেই রমেশচন্দ্রের পরলোক-প্রাপ্তি ঘটে। এখনও তাঁহার স্বদেশ তাঁহার নিকট প্রচুর আশায় ছিল; তাঁহার অকালমৃত্যুতে সে আশা নির্ম্মূল হইল।

রমেশচন্দ্রের স্মৃতির প্রতি বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ চিরকৃতজ্ঞ থাকিবেন। তাঁহার স্মৃতিরক্ষার জন্য সাহিত্য-পরিষৎ যে চেষ্টা করিতেছেন এবং সেই চেষ্টা কতদূর সফল হইতে চলিয়াছে, তাহার বিবরণ পরে যথাস্থানে লিখিত হইবে। সাহিত্য-পরিষৎ আশা করেন যে, সমুদয় ভারতবর্ষের সমবেত চেষ্টার ফলস্বরূপ নূতন সংকল্পিত রমেশভবন প্রতিষ্ঠিত হইয়া ভারতের এই কৃতী সন্তানের স্মৃতি রক্ষা করিবে এবং এই রমেশভবন বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অঙ্গস্বরূপ হইয়া পরিষদের সহিত রমেশচন্দ্রের ঘনিষ্ঠ সম্পর্কের কথা চিরস্মরণীয় রাখিবে।

চন্দ্রকান্ত তর্কালঙ্কার—মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার পূর্ব্ববঙ্গের অলঙ্কার হইলেও পাণ্ডিত্য-গুণে পশ্চিম বঙ্গেও সমুচিত পূজালাভ করিয়াছিলেন। স্বদেশের সীমা ছাড়াইয়া বিদেশেও তাঁহার যশের প্রভা বিকীর্ণ হইয়াছিল। কলিকাতা-বিশ্ববিদ্যালয় তাঁহাকে ৺শ্রীগোপাল মল্লিক প্রদত্ত ফেলোশিপ-সংক্রান্ত বেদান্ত-অধ্যাপনায় নিযুক্ত করিয়াছিলেন; তদুপলক্ষে তাঁহার রচিত গ্রন্থ ভাষার বিশুদ্ধিতে, প্রাঞ্জলতায় ও গভীরতায় বাঙ্গালা-সাহিত্যের অভাব পূরণ করিয়াছে। সাহিত্য-পরিষৎ তাঁহাকে বিশিষ্ট সভ্যরূপে গ্রহণ করিয়া গৌরবান্বিত হইয়াছিলেন। পরিষৎকে তিনি অতিশয় স্নেহের চক্ষে দেখিতেন। পরিষদের গৃহ-প্রবেশের দিন তিনি জরাক্রান্ত দুর্ব্বল শরীরেও সভাস্থলে উপস্থিত হইয়া পরিষৎকে আশীর্ব্বচন শুনাইয়াছিলেন। তর্কালঙ্কার মহাশয়ের স্মৃতিরক্ষার জন্য পরিষৎ সচেষ্ট আছেন। তাঁহার পরলোকগমনে সমুদয় দেশের সহিত একযোগে সাহিত্য-পরিষৎ বেদনা অনুভব করিয়াছেন।

প্রাণশঙ্কর চৌধুরী—তেওতা-নিবাসী জমিদার ৺রায় প্রাণশঙ্কর চৌধুরী পরিষদের পুরাতন সভ্য ও বন্ধুগণের অন্যতম ছিলেন। পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে তিনি এক সময় উৎসাহের সহিত কার্য্য করিয়াছিলেন এবং গৃহ-নির্ম্মাণ-সমিতির অধিবেশনে উপস্থিত হইয়া পরামর্শ দিতেন। দেশের হিতকল্পে তিনি নানা অনুষ্ঠানে যোগদান করিতেন; তাঁহার ন্যায় সহৃদয় কর্ম্মশীল হিতৈষীকে হারাইয়া পরিষৎ অত্যন্ত ব্যথা অনুভব করিয়াছেন।

ধর্ম্মানন্দ মহাভারতী—ইনি অল্পদিন হইল সাহিত্য-পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন। বাঙ্গালা মাসিক পত্রিকায় নানা বিষয়ে রচনা দ্বারা ইনি সাহিত্য-সমাজে সুপরিচিত হইয়া পড়িয়াছিলেন।

প্রাণকৃষ্ণ দত্ত—৺প্রাণকৃষ্ণ দত্ত দরিদ্র অনাথের বন্ধু ছিলেন; অনাথাশ্রম প্রতিষ্ঠা দ্বারা তিনি পুণ্যবান্ হইয়াছিলেন। সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার প্রচুর অনুরাগ ছিল; পরিষদের অধিবেশনে তিনি প্রায় উপস্থিত হইতেন এবং সাহিত্যালোচনায় যোগ দিতেন।

সুখবিন্দু সেন গুপ্ত—এই ছাত্র-সভ্যের অকাল মরণে পরিষৎ অত্যন্ত বেদনা বোধ করিয়াছেন। ইনি পরম উৎসাহের সহিত পরিষদের কর্ম্মে সাহায্য করিতেছিলেন; ইঁহার রচিত ঐতিহাসিক প্রবন্ধ গত বর্ষের পরিষৎ পত্রিকার চতুর্থ সংখ্যায় স্থান পাইয়াছে। যেরূপে ইনি পুরাতত্ত্বের অনুসন্ধানে প্রবৃত্ত হইয়াছিলেন, তাহা বিশেষ আশাপ্রদ ছিল। বস্তুতই ইঁহার নিকট পরিষৎ অনেক আশা করিতেছিলেন। গতবৎসর তাঁহার অকালমরণে সে আশা নির্ম্মূল হইল। গত বৎসরে একদিন ছাত্র-সভ্য-পরিদর্শক খগেন্দ্রবাবুর উদ্যোগে ছাত্র-সভ্যগণ সমবেত হইয়া রবীন্দ্রবাবুর সম্মুখে আপন আপন কার্য্যের পরিচয় দিয়াছিলেন। সেই সময়ে সুখবিন্দুর পঠিত প্রবন্ধ বিশেষ প্রশংসা পাইয়াছিল এবং পরিষৎ-দত্ত পুরস্কারের যোগ্য হইয়াছিল।

মোহিনীমোহন মিত্র—ইনি বর্দ্ধমানের উকীল ছিলেন। বাঙ্গালা-সাহিত্যে ইঁহার অনুরাগ ছিল। বর্দ্ধমানের সকল সদনুষ্ঠানে ইনি অগ্রণী হইতেন। অল্পবয়সেই ইনি এতদূর লোকপ্রিয় ও দেশবৎসল হইয়া উঠিয়াছিলেন যে, ইঁহার মৃত্যুর পর বর্দ্ধমানে ইঁহার স্মৃতিচিহ্ন স্থাপনের উদ্যোগ হইয়াছে। এরূপ একজন সদস্যের মৃত্যুতে পরিষৎ অতিমাত্র দুঃখিত হইয়াছেন।

উমাপতি দত্তজী পাঁড়ে—পণ্ডিত উমাপতি দত্ত অনেকগুলি বিদ্যালয়ে অধ্যাপনা করিতেন। ইঁহারই যত্নে একলিপি-বিস্তার-পরিষদের কার্য্য এবং 'দেবনাগর'-পত্রিকার পরিচালনা অতি সুশৃঙ্খলে সুসমাহিত হইত। পাঁড়ে মহাশয় বাঙ্গালা-সাহিত্যের বিশেষ ভক্ত এবং হিতৈষী ছিলেন। বাঙ্গালা-সাহিত্যের আদর্শে হিন্দী-সাহিত্য যাহাতে মার্জ্জিত ও পরিপুষ্ট হইয়া উঠে, তাহার জন্য তিনি বিধিমতে চেষ্টা করিতেন। পরিষদের প্রতি তাঁহার অগাধ শ্রদ্ধা ছিল। অল্পবয়সেই তাঁহার মৃত্যু হওয়ায় পরিষৎ একজন প্রকৃত বন্ধু হারাইয়াছেন বলিতে হইবে।

নরেন্দ্রনাথ রায়—অতি অল্পবয়সে (২৬ বৎসর বয়সে). এই যুবক ইহলোক হইতে অপসারিত হইয়াছেন। এই বয়সেই তিনি ইংরাজী-রচনায় পটুতা লাভ করিয়াছিলেন। মহিলা নামক একখানি কাব্য ইনি ইংরাজী কবিতায় এবং শেক্স্পীয়ারের "কিঙ্ লীয়ার্" নাটক বাঙ্গালা-পদ্যে অনুবাদ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন।

বসন্তকুমার বসু এবং প্রিয়নাথ চট্টোপাধ্যায়—এই দুই ব্যক্তি পরিষদের অতি পুরাতন সদস্য ছিলেন। পরিষদের প্রতি ইঁহাদের যথেষ্ট শ্রদ্ধা ছিল।

এতদ্ভিন্ন প্রভাসচন্দ্র মিত্র, কালীনাথ চৌধুরী, শিবদয়াল চট্টোপাধ্যায় প্রভৃতি সদস্যের মৃত্যুতেও পরিষৎ দুঃখিত হইয়াছেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি

আলোচ্যবর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন :—

সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্

সহকারী সভাপতি—

শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্

শ্রীযুক্ত ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় ডি এস্‌সি, পিএচ ডি

সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ

সহকারীসম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় বি এ

শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী

পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্য-বিদ্যামহার্ণব

ধনরক্ষক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্

গ্রন্থরক্ষক শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় বি এ

ছাত্র-পরিদর্শক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পিএচ ডি

শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি

শ্রীযুক্ত কুমার শরৎকুমার রায় এম্ এ

শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ

শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ

শ্রীযুক্ত শৈলেশচন্দ্র মজুমদার

শ্রীযুক্ত রায় বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর

শ্রীযুক্ত মন্মথমোহন বসু বি এ

শ্রীযুক্ত অমৃতকৃষ্ণ মল্লিক বি এল্

শ্রীযুক্ত বিহারীলাল সরকার

শ্রীযুক্ত চারুচন্দ্র বসু

শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র বসু বি এ

ইহার মধ্যে প্রথম বারজন কর্ম্মচারী-রূপে, পরবর্ত্তী আটজন নির্ব্বাচিত সদস্যরূপে এবং শেষ চারিজন মনোনীত সদস্যরূপে কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য সম্পাদন করিয়াছিলেন।

এতদ্ব্যতীত শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম্ এ, বি এল্ ও শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ

মহাশয় আয়ব্যয়-পরীক্ষক ছিলেন। পরিষদের কর্ম্মক্ষেত্রের প্রসারের সহিত কার্য্য-নির্ব্বাহক-সমিতির কর্ত্তব্য প্রচুর পরিমাণে বৃদ্ধি পাইয়াছে। অধিবেশনের সংখ্যা ও অধিবেশনের আলোচ্য বিষয়ের পরিমাণ অত্যন্ত বাড়িয়া গিয়াছে। সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ মহাশয় বহুকর্ম্মে লিপ্ত থাকিয়াও প্রায় প্রত্যেক অধিবেশনে যথাসময়ে উপস্থিত হইয়া যেরূপ শৃঙ্খলার সহিত ও যত্নের সহিত কার্য্য পরিচালনা করিয়াছেন, তজ্জন্য সমিতি তাঁহার নিকট চিরকৃতজ্ঞ। তাঁহার এইরূপ যত্ন ও উৎসাহ ব্যতিরেকে কার্য্য-নির্ব্বাহক-সমিতি এরূপ শৃঙ্খলার সহিত কর্ত্তব্য সম্পাদন করিতে পারিতেন না। প্রথমে আশঙ্কা ছিল, পরিষদের নূতন মন্দির নগরের এক প্রান্তে স্থাপিত হওয়ায় এবং মন্দিরে যাতায়াতের সুবিধা না থাকায়, কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণের উপস্থিতিপক্ষে বিঘ্ন ঘটিবে; কিন্তু অধিকাংশ সভ্যই এই বিঘ্ন অগ্রাহ্য করিয়া অধিবেশনে উপস্থিত হইয়াছেন; এমন কি পূর্ব্ব পূর্ব্ব বৎসরের তুলনায় এখন অধিবেশনে সভ্যসংখ্যা অধিক হইতেছে এবং যথাসময়ে উপস্থিতির জন্য কার্য্যের শৃঙ্খলা সুনিয়ত হইয়াছে। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কর্ত্তব্য পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সম্পাদকের অনুরোধে আর একজন সহকারী-সম্পাদক নিয়োগের প্রস্তাব হইয়াছে। এতদিন পর্য্যন্ত তিনজন সহকারী সম্পাদক ছিলেন; আশা করা যায় আগামী বার্ষিক অধিবেশনে চতুর্থ সহকারী নিয়োগের প্রস্তাব অনুমোদিত হইবে।

শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী এই সহকারী সম্পাদকত্রয়ের সাহায্যে পরিষদের কার্য্যালয় সুপরিচালিত হইয়াছে। কর্ত্তব্যবৃদ্ধির সহিত সহকারী সম্পাদকগণের পরিশ্রমের পরিমাণও অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। তাঁহারা যেরূপ সময় ও পরিশ্রম দিয়া কর্ত্তব্য নির্ব্বাহিত করিয়াছেন, তজ্জন্য সম্পাদক তাঁহাদের নিকট কৃতজ্ঞ আছেন। হেমবাবুর উপর প্রধানতঃ কার্য্যবিবরণ লেখার ও চিঠিপত্রের উত্তর দিবার ভার ছিল। শ্রীযুক্ত রাখালবাবুর যত্নে পরিষদের চিত্রশালায় সংগৃহীত দ্রব্যাদি সুসজ্জিত হইয়াছে ও হস্তলিখিত পুঁথিগুলির উদ্ধার হইতেছে। ব্যোমকেশ বাবুর দৃষ্টি স্নেহময়ী ধাত্রীর ন্যায়, পরিষদের সর্ব্বকর্ম্মের প্রতি সর্ব্বদা বিন্যস্ত আছে। সম্পাদক ইঁহাদের সকলের প্রতি যথোচিত কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

কার্য্যালয়

শ্রীযুক্ত রামকমল সিংহ মুখ্যতঃ আদায় ও হিসাবের কর্ম্মে নিযুক্ত ছিলেন। শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্ত গতবৎসর স্থায়ীভাবে লেখকের কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। এই উভয় ব্যক্তি কর্ত্তব্যসাধনপক্ষে পরিশ্রমের ত্রুটী করেন নাই। অনেক সময় তাঁহাদিগকে অনাহারে অনিদ্রায় দিবারাত্রি পরিশ্রম করিয়া কাজ চালাইতে হইয়াছে। কার্য্য-নির্ব্বাহক-সমিতিও তাঁহাদের কর্ম্মপটুতার পুরস্কারস্বরূপ বেতনবৃদ্ধির ব্যবস্থা করিয়াছেন। লাইব্রেরির কার্য্য চালাইবার জন্য একজন অস্থায়ী লোক নিযুক্ত করা হইয়াছিল। সম্প্রতি শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র ঘোষ এই কার্য্যে নিযুক্ত আছেন ও কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাকে স্থায়ীভাবে নিযুক্ত করিয়াছেন; এতৎসত্ত্বেও পরিষদের কর্ম্মের পরিমাণ এত বাড়িয়া গিয়াছে যে, আগামী

বৎসরের জন্য আরও দুইজন লোক নিয়োগের প্রস্তাব অনুমোদিত হইয়াছে। তন্মধ্যে একজন আপাততঃ অস্থায়ী ভাবে এক বৎসরের জন্য নিযুক্ত হইবেন।

সভ্যসংখ্যা বৃদ্ধি পাওয়ায় আদায়কারী পিয়নের সংখ্যাও আগামী বৎসর বাড়াইতে হইবে। পরিষদের নূতন মন্দিরের তত্ত্বাবধানের জন্য একজন ভৃত্য নিযুক্ত করিতে হইয়াছে।

আহ্লাদের বিষয় এই যে, পরিষদের আয়বৃদ্ধি হওয়ায় এই সকল নূতন ব্যয়-ভার-বহনে পরিষৎকে বিশেষ ক্লেশ পাইতে হয় নাই বা হইবে না।

পরিষৎ-মন্দির

পরিষৎ-মন্দিরের সমুদয় অভাব এখনও মোচন করিতে পারা যায় নাই। আলোকের জন্য ইলেকট্রিক্ লাইটের ব্যবস্থা হইয়াছে: কিন্তু হাওয়ার জন্য পাখার ব্যবস্থা অদ্যাপি হয় নাই। কার্য্য-নির্ব্বাহক-সমিতি সম্প্রতি এজন্য ব্যয় মঞ্জুর করিয়াছেন এবং শীঘ্রই কয়েকখানি পাখার বন্দোবস্ত হইবে। অর্থাভাবে চেয়ার প্রভৃতি আসবাব ক্রয় করিতে পারা যায় নাই; প্রত্যেক অধিবেশনের জন্য কয়েকখানি অতিরিক্ত চেয়ার ভাড়া করিয়া আনিতে হয়। আগামী বৎসর এই অতিরিক্ত ব্যয় সংক্ষেপে কার্য্য-নির্ব্বাহক-সমিতি মনোযোগী হইবেন। লাইব্রেরির পুস্তক-রক্ষার জন্য আলমারি আবশ্যক মত খরিদ হইয়াছে এবং চিত্রশালার দ্রব্যাদির জন্য আধার এবং সংগৃহীত মূল্যবান্ মুদ্রা ও তাম্রশাসনাদি-রক্ষার জন্য একটী লোহার সিন্ধুক খরিদ হইয়াছে। এই সকল বিষয়ে ব্যয় দিন দিন বাড়িয়া যাইবে।

ভৃত্য ও পিয়নদের বাসের জন্য বাহিরের ঘরের নক্সা প্রস্তুত হইয়া আছে; কিন্তু সে বিষয়ে হস্তক্ষেপ করিতে পারা যায় নাই।

যে সকল নূতন তৈলচিত্র, ব্রোমাইড প্রভৃতি পরিষৎ-মন্দিরের শোভা সম্পাদন করিতেছে, তাহার স্বতন্ত্র উল্লেখ যথাস্থানে হইবে।

সাহিত্য-পরিষৎ ব্যতীত কায়স্থ-সভা প্রভৃতি অন্যান্য সভার জন্য পরিষৎ-মন্দির ব্যবহৃত হইয়াছে। বস্তুতঃ পরিষদের দ্বিতলস্থিত বিস্তৃত হল এই কারণে কলিকাতা নগরের একটা প্রধান অভাব মোচন করিয়াছে।

গৃহনির্ম্মাণের জন্য পরিষদের যে শাখা-সমিতি ছিল, মন্দিরনির্ম্মাণ-কার্য্য সমাপ্ত হওয়ায় গতবর্ষে তাহার তিরোধান ঘটিয়াছে। গৃহ-নির্ম্মাণ-সমিতির যাবতীয় কর্ম্ম এখন কার্য্য-নির্ব্বাহক-সমিতিই সম্পাদন করিতেছেন।

গৃহনির্ম্মাণ-তহবিলের অবস্থা যথাস্থানে উল্লিখিত হইবে।

পঞ্চদশ বার্ষিক অধিবেশন

গতবৎসর ২৬শে বৈশাখ (১৩১৭) তারিখে পরিষদের পঞ্চদশ বার্ষিক অধিবেশন হইয়াছিল। সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র সভাপতির আসন গ্রহণ করেন এবং অভিভাষণার্থ প্রবন্ধ পাঠ করিয়া পরিষদের উদ্দেশ্য ও কর্ত্তব্য-সম্বন্ধে উপদেশ দেন। বহুপূর্ব্বে শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর বার্ষিক সভায় সভাপতির অভিভাষণ পাঠ করিয়াছিলেন; তৎপরে আর সেই প্রথা অনুসৃত হয় নাই। সভাপতি মহাশয় গতবৎসর

এই প্রথার পুনঃপ্রবর্ত্তন করিয়াছেন এবং আশা আছে, বৎসর বৎসর সভাপতির মুখে চিন্তাপূর্ণ উপদেশ শুনিয়া পরিষৎ কর্ত্তব্য-নির্ণয়ে সাহায্য ও উপকার পাইবেন। সভাপতি মহাশয়ের প্রবন্ধ গতবৎসরের সাহিত্য-পরিষৎ-পত্রিকার প্রথম সংখ্যায় প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ পূর্ব্ব পূর্ব্ব বৎসরের অনুসরণে আলোচ্য বৎসরের বাঙ্গালা-সাহিত্যের অবস্থা সম্বন্ধে বিবরণ পাঠ করিয়াছিলেন। এই বিবরণ-সংগ্রহের জন্য তাঁহাকে যে পরিশ্রম ও অনুসন্ধান করিতে হইয়াছিল, তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট কৃতজ্ঞ।

মাসিক অধিবেশন—গত বৎসরের মাসিক সাধারণ অধিবেশন যথা ;—

অধিবেশন	তারিখ	প্রবন্ধ :—
১ম অধিবেশন—	জ্যৈষ্ঠ ১৩১৬ রবিবার—	(ক) শঙ্করাচার্য্য, ৩য় প্রস্তাব—শঙ্করের গ্রন্থ, তাঁহার গ্রন্থধৃত শাস্ত্রপরিচয় এবং তাঁহার দার্শনিক মত ও অধ্যায় আলোচনা—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ। (খ) বন্দিপুরের শ্যামরায়—শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্।
২য় ——	৬ই আষাঢ় „ „	পঞ্চবটী ভ্রমণ—শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ।
৩য় ——	২৭শে আষাঢ়—	প্রাকৃত ব্যাকরণ ও অভিধান—শ্রীযুক্ত শ্রীনাথ সেন।
৪র্থ ——	৩০ শ্রাবণ „ „	(ক) কুমার গুপ্তের তাম্রশাসন—শ্রীযুক্ত রাখাল দাস বন্দ্যোপাধ্যায় বি এ। (খ) প্রবাদ-প্রসঙ্গ—শ্রীযুক্ত শৈলেশচন্দ্র মজুমদার।
৫ম ——	২৭ ভাদ্র „ „	বিক্রমপুরে প্রাপ্ত অবলোকিতেশ্বর মূর্ত্তি—শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত।
৬ষ্ঠ ——	২৪ আশ্বিন „ „	মধ্যমরাজদেবের তাম্রশাসন—শ্রীযুক্ত রাখাল দাস বন্দ্যোপাধ্যায় বি এ।
৭ম ——	২৬শে অগ্রহায়ণ „	বাঙ্গালা-ভাষার দ্রাবিড়ী উপাদান—শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার বি এল্।
৮ম ——	২৮ পৌষ „ „	(ক) বাঙ্গালা-ভাষায় স্ত্রী-সর্ব্বনামের প্রয়োজনীয়তা—ডাক্তার শ্রীযুক্ত চন্দ্রশেখর কালী এল্ এম্ এস্। (খ) বিক্রমপুরে সৌর প্রভাব—শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত।

৯ম — ২৪ মাঘ " " সংস্কৃত ভাষাই সমস্ত আর্য্যভাষার জননী—শ্রীযুক্ত উমেশচন্দ্র গুপ্ত বিদ্যারত্ন।

১০ম অধিবেশন—২২শে ফাল্গুন রবিবার—(ক) কবি ঈশানচন্দ্রের অপ্রকাশিত রচনা—শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ।

(খ) গাজীর গান—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্য-বিদ্যামহার্ণব।

১১শ — ২৭ চৈত্র " " (ক) বঙ্গসাহিত্যে পিয়ারীচাঁদ—শ্রীযুক্ত পিয়ারী লাল দত্ত।

(খ) নওরতন—শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার বি এল্।

প্রবন্ধ পাঠ ব্যতীত ঐ সকল অধিবেশনে অন্যান্য কার্য্য হয়।

প্রথম অধিবেশনে—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় বি এ মহাশয় মুসলমানের বঙ্গ-বিজয় সম্বন্ধে কয়েকখানি নবাবিষ্কৃত তাম্রশাসনের প্রতিলিপি প্রদর্শন করিয়া সিদ্ধান্ত করেন যে, বখ্‌তিয়ারের বাঙ্গালা জয়ের কাল ১১৯৮,৯৯ অথবা ১২০৩ খৃষ্টাব্দ হইতে পারে না এবং তখন লক্ষ্মণসেন বাঙ্গালার রাজা ছিলেন না।

চতুর্থ অধিবেশনে—শ্রীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয় বৃন্দাবন দাস কৃত "শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর বংশবিস্তার", জয়দাস কৃত "শ্রীশ্রীচৈতন্য পারিষদ জন্মস্থান নিরূপণ" এবং মাধবদাস-কৃত "বৈষ্ণব-বন্দনা" পুঁথি প্রদর্শন করেন ও তৎসম্বন্ধে স্বীয় মন্তব্য জ্ঞাপন করেন।

পঞ্চম অধিবেশনে—বাণড় হইতে শ্রীযুক্ত কেদারনাথ সেন গুপ্তের সংগৃহীত মিনা করা ইষ্টকাদি ও মৃৎপাত্রাদির ভগ্নখণ্ড এবং মহাস্থান গড় হইতে নিজ সংগৃহীত ঐরূপ দ্রব্যাদি শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় প্রদর্শন করেন। শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয় কাশ্মীর হইতে আনীত দুইটি 'জীবাশ্ম' (fossil) প্রদর্শন করেন।

ষষ্ঠ অধিবেশনে—শ্রীযুক্ত কিরণকুমার সেন গুপ্ত নাগপুর জেলায় প্রাপ্ত শিলিট (scheelite) নামক খনিজ পদার্থ প্রদর্শন করেন। ইতিপূর্ব্বে ভারতবর্ষে আর কেহ কখন এই দ্রব্য পান নাই। এই অধিবেশনে মুসলমান সাহিত্য-সংস্কার-সমিতির সভাপতি মিঃ এ রসুল ব্যারিষ্টার মহোদয়ের পত্র পঠিত হয়। ঐ পত্র দ্বারা ঐ সমিতি পরিষৎকে হিন্দু-মুসলমানের মধ্যে সদ্ভাববর্দ্ধনের জন্য ঐ সমিতির উদ্দেশ্যসাধনে সহকারিতা করিতে অনুরোধ করেন এবং বাঙ্গালী গ্রন্থকার, নাটককার ও নাট্যশালার কর্ত্তৃপক্ষগণকে মুসলমান-সমাজের বিরক্তিকর ও আপত্তিকর শব্দ-ব্যবহার দ্বারা নাটক-রচনায় বা তদনুরূপ নাটক-অভিনয়ে বিরত করিবার নিমিত্ত চেষ্টা করিতে বলেন। এই সময়ে ৺রমেশচন্দ্র দত্ত মহাশয়ের চেষ্টায় বরোদায় মহারাষ্ট্র-সাহিত্য-পরিষৎ গঠনের ব্যবস্থা হইয়াছিল। সেই সংবাদ এবং সেখানকার নিমন্ত্রণ সভায় জানান হয়। এই অধিবেশনে ৺রামমোহন রায়, ৺ রাজনারায়ণ বসু, ৺ উমেশচন্দ্র বটব্যাল মহাশয়ের প্রতিকৃতি প্রতিষ্ঠিত হয়।

৭ম অধিবেশনে—কান্দী নিবাসী শ্রীযুক্ত কিশোরীমোহন সিংহ প্রদত্ত তিনটি প্রাচীন পিত্তল-প্রতিমা এবং বুদ্ধগয়া হইতে প্রাপ্ত মাটীর ছাঁচে তোলা বুদ্ধমূর্ত্তি প্রদর্শিত হয়। চিত্রশালার বিবরণের মধ্যে এইগুলির স্বতন্ত্র উল্লেখ হইয়াছে। রাখালবাবু এই অধিবেশনে কতকগুলি প্রাচীন মুদ্রা পরিষৎকে উপহার প্রদান করেন। নড়িয়ার ঘটকচৌধুরী বাড়ীর একটী কামানের নলি ও মহাপ্রভুর হস্তাক্ষরের ফটোগ্রাফ প্রদর্শিত হয়। ডাঃ শ্রীযুক্ত সরসীলাল সরকারের আগ্রহে ভাগলপুরের বিহার নামক স্থানের মিসেস্ জোন্স নাম্নী এক মহিলা কতকগুলি প্রাচীন প্রস্তরমূর্ত্তি পরিষৎকে উপহার দেন। সেগুলিও এই অধিবেশনে প্রদর্শিত হয়।

৮ম অধিবেশনে-রাখালবাবু উত্তর পশ্চিম সীমান্তে প্রাচীন বৌদ্ধস্তূপে প্রাপ্ত ভস্মাধারের আদর্শ এবং পেশোয়ারে আবিষ্কৃত কনিষ্কস্তূপে প্রাপ্ত বুদ্ধাস্থির আধারের আদর্শ প্রদর্শন করেন।

৯ম অধিবেশনে—৺পিয়ারীচাঁদ মিত্রের ছবি প্রতিষ্ঠিত হয় এবং শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় বিষবৃক্ষে উল্লিখিত কুমারসম্ভবের হরযোগভঙ্গ ছবি উপহার দেন। এই দিনই শ্রীযুক্ত গোপেন্দ্রমোহন ঠাকুর মহাশয় ঐ ছবির জোড়া মদনভস্ম ছবিখানি উপহার দেন এবং ৺পিয়ারীচাঁদ মিত্র মহাশয়ের পৌত্রগণ তাঁহার ইংরাজী ও বাঙ্গালা হস্তাক্ষর এবং ৺ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম ছাপা ভাগবত পুঁথি উপহার দেন।

১০ম অধিবেশনে—কবি ৺ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের ছবি প্রতিষ্ঠিত হয়।

১১শ অধিবেশনে—চিত্রশালায় সংগৃহীত বহুপ্রস্তরমূর্ত্তি ও বহু প্রাচীন মুদ্রা প্রদর্শিত হয়। ইহাদের বিশেষ বিবরণ চিত্রশালার বিবরণে প্রদত্ত হইবে।

বিশেষ অধিবেশন—মাসিক অধিবেশন ব্যতীত গতবৎসরে কোন বিশেষ অধিবেশন ঘটে নাই।

বিজ্ঞানালোচনা

সাহিত্য-পরিষৎ প্রাচীন সাহিত্য ও প্রত্নতত্ত্ব লইয়াই অতিমাত্র ব্যাপৃত আছেন, আধুনিক বিজ্ঞানাদির আলোচনায় ও প্রচারে তাদৃশ মনোযোগ দেন না, এই-রূপ অনুযোগ মধ্যে মধ্যে শুনিতে পাওয়া যায়। সাহিত্য-পরিষৎ যখন বাঙ্গালা-সাহিত্যের সর্ব্বাঙ্গীণ উন্নতিসাধন ও পুষ্টিসাধন উদ্দেশ্য করিয়া লইয়াছেন, তখন বৈজ্ঞানিক সাহিত্যের দিকে পরিষদের দৃষ্টি রাখা একান্ত আবশ্যক, ইহা অস্বীকার করিতে পারা যায় না। দুই প্রকারে বৈজ্ঞানিক সাহিত্যের উন্নতি হইতে পারে; প্রথম স্বাধীন ভাবে বিজ্ঞান-চর্চ্চা ও বৈজ্ঞানিক গবেষণা, দ্বিতীয় পুস্তক ও উপদেশ দ্বারা অন্যত্র আবিষ্কৃত বৈজ্ঞানিক তথ্যের প্রচার। স্বাধীন ভাবে বিজ্ঞানালোচনায় যে যন্ত্র তন্ত্রের প্রয়োজন ও পর্য্যবেক্ষণ ও পরীক্ষাকর্ম্মের ব্যবস্থার প্রয়োজন, সাহিত্য-পরিষদের তাহা নাই এবং সেই ব্যয়সাধ্য ব্যাপারে হস্তক্ষেপ করিবার ক্ষমতাও নাই। পাশ্চাত্যদেশে যে সকল সুবিখ্যাত বৈজ্ঞানিক সমাজ আছে, তাঁহারাও স্বতঃপ্রবৃত্ত হইয়া পর্য্যবেক্ষণ ও পরীক্ষার জন্য লাবরেটরি প্রভৃতির ব্যবস্থা করিতে পারেন নাই। অপরের আবিষ্কৃত বৈজ্ঞানিক তথ্যের আলোচনা ও প্রচার কার্য্যেই তাঁহারা নিযুক্ত আছেন এবং পুরস্কারাদি অর্থ সাহায্য দ্বারা তাঁহারা বিজ্ঞানের উন্নতির চেষ্টা

করেন মাত্র। বঙ্গদেশে স্বাধীন বিজ্ঞানচর্চ্চায় নিযুক্ত অভিজ্ঞ পণ্ডিতের সংখ্যা অতি অল্প এবং তাঁহাদের মধ্যে যাঁহারা কোন নূতন আবিষ্কার করেন, তাঁহারাও তাঁহাদের অনুসন্ধান ফল ইংরেজি ভাষায় প্রচার করিয়া থাকেন. বঙ্গদেশে বাঙ্গালা-ভাষায় প্রচার করিলে বর্ত্তমান অবস্থায় সমুচিত আদরের সম্ভাবনা থাকে না। এইহেতু গণিত-জ্যোতিষ, পদার্থ-বিস্থা, রসায়ন, জীববিস্থা প্রভৃতি শাস্ত্রে কোন নূতন আবিষ্কারের সংবাদ প্রকাশ করিয়া যশস্বী হইতে সাহিত্য-পরিষৎ সম্প্রতি সমর্থ নহেন। তথাপি পরিষৎ এ বিষয়ে যথাসাধ্য দৃষ্টিক্ষেপে সচেষ্ট হইয়াছেন। ১৩১৫ সালে পরিষদের জনৈক সভ্য শ্রীযুক্ত নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য এম এ মহাশয় শুষণি শাক সম্বন্ধে একটী নূতন সংবাদ পরিষদের গোচর করেন। গতবৎসর পরিষদের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত কাশ্মীরে প্রাপ্ত কোন প্রাচীন মৎস্যের প্রস্তরীভূত কঙ্কাল প্রদর্শন করিয়াছিলেন এবং শ্রীযুক্ত কিরণকুমার সেন গুপ্ত এম্ এ, বি এসসি মহাশয় ভারতবর্ষে নবাবিষ্কৃত টংষ্টেট্ শিলা প্রদর্শন করেন। এই দুই নবাবিষ্কারের বিশেষ বিবরণ আগামী বর্ষের সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইবে। মনস্বী শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর বর্গ-রাশি (Magic Square) সংক্রান্ত ঘরপূরণের একটী সাধারণ নিয়ম উদ্ভাবন করিয়া পরিষৎ-পত্রিকায় প্রকাশ করিয়াছেন। আশা করা যায়, বিশেষজ্ঞ পণ্ডিতগণ ক্রমশঃ অগ্রসর হইয়া সাহিত্য-পরিষদে তাঁহাদের বিজ্ঞানালোচনার ফল উপস্থিত করিয়া পরিষৎকে গৌরবযুক্ত করিবেন।

জনসমাজে বিজ্ঞান-প্রচারের জন্য সাহিত্য-পরিষৎ একবারে নিশ্চেষ্ট নাই। আচার্য্য ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়-রচিত "নব্য রসায়নী বিস্থা ও তাহার উৎপত্তি" নামক পুস্তক সাহিত্য-পরিষদের প্রকাশিত গ্রন্থাবলী-মধ্যে প্রকাশিত হইয়া বাঙ্গালার বৈজ্ঞানিক সাহিত্যের অভাব কিঞ্চিৎ মোচন করিয়াছে। গতবৎসর বিজ্ঞান-প্রচারের জন্য পরিষৎ কিছু বিশেষ চেষ্টা করিয়াছেন। বিশেষজ্ঞ পণ্ডিতগণের দ্বারা বিবিধ বিজ্ঞান-বিষয়ে ধারাবাহিক উপদেশ-দানের ব্যবস্থা করা হইয়াছিল। পরিষৎ-সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ধারাবাহিক উপদেশ-মালার উপক্রমণিকাস্বরূপে একটী প্রবন্ধ পাঠ করিয়া এই কর্ম্মের প্রবর্ত্তন করেন। ২রা আশ্বিন তারিখে এইজন্য একটী বিশেষ অধিবেশন আহূত হয়; শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় সভাপতির আসনে আসীন ছিলেন, এবং শ্রীযুক্ত ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়, শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত বনোয়ারীলাল চৌধুরী প্রভৃতি গণ্য মান্য সভ্যের উপস্থিতিতে সভাস্থল পূর্ণ হইয়াছিল। সম্পাদক পঠিত প্রবন্ধ মায়াপুরী নামে সাহিত্য-পত্রিকায় মুদ্রিত হইয়াছে, এবং পরিষদ্-গ্রন্থাবলী-ভুক্ত হইয়া প্রকাশিত হইবে। এই উপক্রমণিকা পাঠের পর শ্রীযুক্ত বনোয়ারীলাল চৌধুরী মহাশয় ১৬ই আশ্বিন তারিখে জীববিজ্ঞান সম্বন্ধে উপদেশ দেন ও শ্রীযুক্ত ডাক্তার ইন্দু-মাধব মল্লিক মহাশয় মনুষ্যের শরীরবিজ্ঞান বিষয়ে কতিপয় বক্তৃতা করেন। ৩রা মাঘ, ২৩শে মাঘ ৩০শে মাঘ, তারিখে ডাঃ ইন্দুমাধবের উপদেশ প্রদত্ত হইয়াছিল। যে সকল পণ্ডিতেরা পরিষৎকে এই বিজ্ঞান প্রচারকার্য্যে সাহায্য করিতেছেন, পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞ।

উৎসবাদি

১৩১৬ সালের ২রা বৈশাখ তারিখে রমেশ বাবুর সম্বর্দ্ধনার জন্য যে সান্ধ্য-সম্মিলন অনুষ্ঠিত হয়, তাহার বিবরণ গতবর্ষের কার্য্য-বিবরণীতেই দেওয়া হইয়াছিল। বর্ত্তমান ১৩১৭ সালের ৯ই বৈশাখ তারিখে পরিষদের পরমহিতৈষী লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের সম্বর্দ্ধনার জন্য সান্ধ্য-সম্মিলন অনুষ্ঠিত হয়; কলিকাতাবাসী সভ্যগণ ঐ সম্মিলনে আহূত হইয়াছিলেন। এই উপলক্ষে পরিষৎ-মন্দির পুষ্পমাল্যাদি দ্বারা অলঙ্কৃত হইয়াছিল। সভাপতি মহাশয় ও বহু গণ্যমান্য সভ্য রাজা বাহাদুরের অভ্যর্থনার্থ উপস্থিত ছিলেন। সভাস্থলে গীতবাদ্যের ও সভাভঙ্গের পর মিষ্টান্নেরও ব্যবস্থা ছিল। আনন্দ-উৎসবের অবসরে রাজাবাহাদুর কর্ত্তৃক অনুরুদ্ধ হইয়া সভাপতি মহাশয় ঘোষণা করিলেন যে, পরিষদের পরমবন্ধু রাজা বাহাদুর পরিষদের সঙ্কল্পিত স্থায়ী তহবিলে আবশ্যক পঞ্চাশ হাজার টাকার এক-চতুর্থাংশ অর্থাৎ সাড়ে বার হাজার টাকা একাকী দান করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। পরিষদের প্রতি এই রাজোচিত নূতন অনুগ্রহ-প্রকাশের সংবাদে সভাস্থল হর্ষ-কোলাহলে পূর্ণ হইয়া উঠিয়াছিল। সভাপতি মহাশয়, তৎপরে সার গুরুদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত রাজা বাহাদুরকে সাধুবাদ দিয়া কৃতজ্ঞতা প্রকাশ করিলে কিয়ৎক্ষণ পরে সভা ভঙ্গ হয়।

পুস্তকালয় ও পাঠাগার

পরিষৎ এ পর্য্যন্ত যে সকল মুদ্রিত ও হস্তলিখিত পুস্তকরাশি সংগ্রহ করিয়াছেন নূতন মন্দির নির্ম্মাণের পূর্ব্বে স্থানাভাবে সে সকল একত্র স্তূপীকৃত হইয়া রহিয়াছিল। নূতন মন্দির নির্ম্মিত হইলে এই সকল পুস্তকরাশি সুসজ্জিত করিয়া তাহার তালিকা প্রস্তুত করিবার ব্যবস্থা হইয়াছে। পরিষদের গ্রন্থ-রক্ষক শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয় যেরূপ যত্ন ও পরিশ্রম সহকারে এই কার্য্য সম্পাদন করিয়াছেন, তাহা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। দিনের পর দিন তিনি স্কুলের ছুটির পর ক্লান্তদেহে পরিষৎ-মন্দিরে উপস্থিত হইয়াছেন এবং মজুরের মত কোমর বাঁধিয়া ষোল বৎসরের সঞ্চিত ধূলা ও আবর্জ্জনা ঝাড়িয়া পুস্তকগুলিকে নামাইয়া তুলিয়া যথাস্থানে রাখিয়া সাজাইয়া ফেলিয়াছেন। এইজন্য তাঁহাকে যে পরিশ্রম করিতে হইয়াছে, যিনি চোখে দেখিয়াছেন, তিনিই তাহার মর্ম্ম বুঝিবেন। সাহিত্য-পরিষৎ কৃতজ্ঞতা প্রকাশ ভিন্ন অন্যরূপে ইহার প্রতিশোধ দিতে অক্ষম। তাঁহার বৎসরব্যাপী যত্নে পুস্তকগুলি আলমারিতে যথাস্থানে সাজান হইয়াছে—মাসিক-পত্রিকাগুলির অনেকের সংখ্যা পূরণ হইয়া বাঁধান হইয়াছে। আগামী বৎসর এই সকল পুস্তকের শ্রেণি-বিভাগ করিয়া যথাযথ তালিকা প্রস্তুত করিতে হইবে। পরিষৎ অসিত বাবুর সাহায্যের জন্য স্থায়ী লোক নিযুক্ত করিয়াছেন; আশা আছে, আগামী বৎসর পরিষদের গ্রন্থ-তালিকা সম্পূর্ণ হইবে।

পরিষৎ এখনও মূল্য দিয়া নূতন গ্রন্থ ক্রয়ে অক্ষম। নূতন গ্রন্থের জন্য এখনও গ্রন্থকার-গণের অনুগ্রহের উপরই পরিষদের নির্ভর। যাঁহারা গ্রন্থ উপহার দিয়া পরিষদের পুস্তকালয়ের

পুষ্টিসাধন করিতেছেন, পরিষৎ তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞ। প্রতি বৎসরের মত এবারেও উপহার দাতাদিগের ও উপহৃত গ্রন্থের নাম পরিশিষ্টে প্রকাশিত হইল।

প্রাচীন দুষ্প্রাপ্য গ্রন্থ এবং মাসিক পত্রিকার পুরাতন সংখ্যা পরিষৎ সম্প্রতি মূল্য দ্বারা ক্রয় করেন, তদ্ভিন্ন বঙ্গদেশের ইতিহাসাদি আলোচনার জন্য যে সকল ইংরেজি গ্রন্থ আবশ্যক তাহাও পুরাতন ও দুষ্প্রাপ্য হইলে মূল্য দিয়া ক্রয় করেন। গ্রন্থক্রয়ের জন্য বজেটে যে অর্থ নির্দ্দিষ্ট আছে, তাহার অধিকাংশ ইহাতেই ব্যয়িত হয় এবং অপরাংশ পুরাতন গ্রন্থ বাঁধাইতে যায়। পুস্তকালয়ের তালিকা প্রস্তুত হইলে বজেটে এইজন্য আরও অর্থ নির্দ্দেশ করা আবশ্যক হইবে।

মুদ্রিত গ্রন্থের ন্যায় হস্তলিখিত পুথির একরাশি পুস্তকালয়ে সংগৃহীত হইয়াছে। পরিষদের বন্ধুগণ পুরাতন পুথি উপহার দিয়া থাকেন। যাঁহারা এই বিষয়ে পরিষৎকে সাহায্য করিয়াছেন, তন্মধ্যে পরিষদের পুরাতন সভ্য বাঁকুড়া জেলা-নিবাসী শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়ের নাম সর্ব্বাগ্রে উল্লেখযোগ্য। তিনি পরিষদের জন্য গ্রামে গ্রামে পুথি অন্বেষণে নিযুক্ত আছেন ও মাঝে মাঝে সংগৃহীত গ্রন্থরাশি পরিষদে উপহার দিয়াছেন। এই পরিশ্রম-সাধ্য কার্য্যের জন্য পরিষদের নিকট বসন্ত বাবু এক কপর্দ্দকও সাহায্য গ্রহণ করেন নাই। পরিষদের কার্য্য নির্ব্বাহক-সমিতি বসন্ত বাবুকে পুথি সংগ্রাহকরূপে নিযুক্ত করিয়া ক্ষমতা-পত্র দিয়াছেন। আশা করি, যাঁহাদের ঘরে পুথি অযত্নে নষ্ট হইতেছে, তাঁহারা বসন্ত বাবুর হস্ত দ্বারা পুথিগুলি পরিষদে প্রেরণ করিয়া উহার রক্ষার ব্যবস্থা করিবেন। বৎসরের শেষভাগে দেনুর-নিবাসী শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয় অনেকগুলি পুথি উপহার দিয়া কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। ইনিও পুথি সংগ্রহ প্রভৃতি দ্বারা পরিষদের উপকার করিবেন, এইরূপ আশা দিয়াছেন। আগামী বার্ষিক অধিবেশনে তাঁহাকে বিশেষ-সভ্যরূপে নির্ব্বাচনার্থ কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রস্তাব উপস্থিত করিবেন।

এই প্রসঙ্গে দুইটী দান বিশেষভাবে উল্লেখযোগ্য। বৎসরের আরম্ভে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় একরাশি হস্তলিখিত পুথি পারষৎকে দান করিয়াছেন। ঐ সকল পুথি এককালে তত্ত্ববোধিনী সভার লাইব্রেরিতে ছিল ও কিছু দিন হইতে বোলপুর শান্তিনিকেতনে রক্ষিত ছিল। এই পুস্তকরাশির অধিকাংশ সংস্কৃত গ্রন্থ; তাহার মধ্যে বেদ-বেদান্ত-সংক্রান্ত পুস্তকের সংখ্যাই অধিক; তদ্ভিন্ন অন্যান্য দর্শন, কাব্য, ব্যাকরণ প্রভৃতিও আছে। ৺আনন্দ-চন্দ্র বেদান্তবাগীশ প্রভৃতি ব্রাহ্ম-সমাজের জন্য কাশী হইতে যে সকল বৈদিক গ্রন্থ সংগ্রহ করিয়া আনিয়াছিলেন, তাহাও এই গ্রন্থরাশি মধ্যে আছে। কয়েকখানি বাঙ্গালা গ্রন্থ ও একখানি তিব্বতী গ্রন্থও ইহার মধ্যে আছে, সময়াভাবে এই গ্রন্থসমূহের সম্পূর্ণ তালিকা এখনও প্রস্তুত হয় নাই। পরিষৎ-সম্পাদক কতকগুলি গ্রন্থের তালিকা করিয়াছেন; তৎপরে সহকারী সম্পাদক রাখাল বাবু তালিকা করিবার ভার লইয়াছেন। আগামী বৎসর সম্পূর্ণ তালিকা প্রকাশ করিতে পারা যাইবে। পরিষদের পূর্ব্ব-সংগৃহীত পুথিগুলির তালিকাও রাখাল বাবু প্রায় সম্পূর্ণ করিয়াছেন। প্রাচীন হাতে লেখা পুথির অবস্থা যাঁহারা জানেন, তাঁহারা বুঝিবেন, এই কার্য্য কিরূপ পরিশ্রমসাধ্য। অনেক সময় পুথির

প্রত্যেক পাতা মিলাইয়া লইতে হয়, ছেঁড়া পাতা জোড়া দিতে হয়। এই সকল পুথির উদ্ধার করিয়া মলাট দিয়া কাপড়ে বাঁধিয়া সাজাইয়া রাখা শ্রম ও সময়সাধ্য ব্যাপার। রাখাল বাবুর ন্যায় উদ্যমশীল ও এতাদৃশ কর্ম্মে নিপুণ ব্যক্তির সাহায্য না পাইলে, এই পুস্তকরাশি বহুকাল স্তূপাকারেই থাকিত। পরিষৎ এই জন্য রাখাল বাবুর নিকট বিশেষ কৃতজ্ঞ।

লালগোলার রাজা বাহাদুর, যাঁহার ধনভাণ্ডার পরিষদের জন্য সর্ব্বদা উন্মুক্ত আছে বলিলেই হয়, তিনি আপনা হইতে একখানি অমূল্য গ্রন্থ পরিষৎকে উপহার দিয়াছেন। উহা জগদ্বিখ্যাত পার্সী মহাকবি ফির্দ্দূসী প্রণীত বিখ্যাত মহাকাব্য শাহনামা। গ্রন্থখানি পার্সী অক্ষরে সুন্দররূপে লেখা; প্রায় পত্রে পত্রে বিবিধ বর্ণে রঞ্জিত চিত্রদ্বারা অলঙ্কৃত। এক একখানি চিত্র প্রাচীন চিত্রকলার উৎকৃষ্ট নমুনা। রাজা বাহাদুর এককালে উহা বহুমূল্যে ক্রয় করিয়াছিলেন এবং স্বতঃপ্রবৃত্ত হইয়া উহা পরিষদে দান করিয়াছিলেন। পরিষৎ এই মহামূল্য সামগ্রী সযত্নে রক্ষার ব্যবস্থা করিবেন। ঐ গ্রন্থের সঙ্গে একখানি হাতে লেখা সংস্কৃত মহাভারতের ভীষ্মপর্ব্বও রাজা বাহাদুর উপহার দিয়াছেন।

পরিষদের পাঠাগার পূর্ব্বের ন্যায় প্রতিদিন অপরাহ্নে জনসাধারণ কর্তৃক ব্যবহৃত হয়। বিবিধ সাময়িক পত্রিকা টেবিলের উপর রক্ষিত থাকে এবং কলিকাতার ঐ পল্লীবাসী ভদ্রলোকেরা আগ্রহপূর্ব্বক উহা পাঠ করিয়া যান।

৺ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় তুলট কাগজে ব্রাহ্মণাদি দ্বারা পুথির আকারে যে ভাগবত-গ্রন্থ মুদ্রিত করেন, ৺পিয়ারীচাঁদ মিত্রের পৌত্রেরা পিতামহের স্মৃতি-নিদর্শন স্বরূপ পিতামহের সর্ব্বদা-ব্যবহৃত ঐ সংস্করণের পুথিখানি পরিষৎকে উপহার প্রদান করিয়াছেন। উহা পরিষদে স্বর্গীয় পিয়ারীচাঁদের স্মৃতি-নিদর্শন স্বরূপ রক্ষিত আছে।

আগামী বৎসর লাইব্রেরির ব্যবহার-সম্বন্ধে নিয়ম প্রস্তুত করা আবশ্যক হইবে।

বিদ্যাসাগর লাইব্রেরি

এই প্রসঙ্গে স্বর্গীয় বিদ্যাসাগর মহাশয়ের অপূর্ব্ব লাইব্রেরির সম্বন্ধে একটী কথা বলা আবশ্যক হইয়াছে। বিদ্যাসাগর মহাশয়ের সংগৃহীত লাইব্রেরির নাম না শুনিয়াছেন, বাঙ্গালায় এরূপ শিক্ষিত ব্যক্তি অল্প আছেন। বিদ্যাসাগর মহাশয় ইংরেজি, বাঙ্গালা ও সংস্কৃত বিবিধ গ্রন্থ ক্রয় করিয়া প্রত্যেক বহি বহুব্যয়ে বাঁধাইয়া রাখিয়াছিলেন। এতদ্ব্যতীত হাতে লেখা সংস্কৃত পুথিও বিস্তর ছিল। সকলেই জানেন বিদ্যাসাগর মহাশয় এই পুস্তকগুলি কিরূপ যত্নের সহিত রক্ষা করিতেন; এক একখানি গ্রন্থ তাঁহার দেহের রক্তবিন্দুর সমান ছিল বলিলে অত্যুক্তি হয় না। বিদ্যাসাগর মহাশয়ের উত্তরাধিকারীরা ঋণদায়ে এই অমূল্য গ্রন্থনিচয় বন্ধক রাখিয়াছিলেন এবং এ পর্য্যন্ত ঋণশোধের কোন ব্যবস্থা করেন নাই। পুস্তকগুলি নীলামে উঠিবার আশঙ্কা উপস্থিত হইলে উহা রক্ষার জন্য কতিপয় গণ্যমান্য লোককে লইয়া গতবৎসর এক সমিতি স্থাপিত হয়। পরিষৎ-মন্দিরে পূজার পূর্ব্বেই সভা আহ্বান করিয়া এই সমিতি স্থাপিত হইয়াছিল। সেই সময়ে পুস্তকগুলিও ঋণী ও ধনী উভয় পক্ষের সম্মতিক্রমে পরিষৎ-মন্দিরে আনিয়া রাখা হয়। কিন্তু ঐ সমিতি এ পর্য্যন্ত অর্থ-সংগ্রহে সমর্থ হন নাই; অবশেষে বিদ্যাসাগরের

লাইব্রেরি ম্যাকেঞ্জি লায়েল কর্ত্তৃক প্রকাশ্য নীলামে বিক্রীত হইবে, এইরূপ বিজ্ঞাপনও Exchange Gazetteএ বাহির হইয়াছিল। ঐ বিজ্ঞাপন সহসা লালগোলার রাজা বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করে এবং বিদ্যাসাগর মহাশয়ের কীর্ত্তি ধ্বংসমুখে পতিত হইতেছে, জানিবামাত্র তাঁহার মহৎ হৃদয় বিচলিত হইয়া উঠে। তিনি ক্ষণবিলম্ব না করিয়া লাইব্রেরি-রক্ষার ব্যবস্থার জন্য উপস্থিত হন এবং এ পর্য্যন্ত যতদূর কথাবার্ত্তা হইয়াছে, তাহাতে তিনি স্বয়ং স্বর্গগত মহাপুরুষের কীর্ত্তিকে ধ্বংসমুখ হইতে রক্ষা করিয়া বাঙ্গালী-জাতিকে কলঙ্ক হইতে উদ্ধার করিবেন, এইরূপ আশা পাওয়া গিয়াছে। যদি কোন বিঘ্ন উপস্থিত না হয়, তাহা হইলে বিদ্যাসাগর মহাশয়ের এই লাইব্রেরি নীলাম হইতে রক্ষিত হইল এবং সম্ভবতঃ উহা সাহিত্য-পরিষদের তত্ত্বাবধানে থাকিয়াই সর্ব্বসাধারণের ব্যবহারার্থ রক্ষিত হইবে। লালগোলার রাজা বাহাদুরের নিকট কেবল সাহিত্য-পরিষৎ নহে, বঙ্গদেশ নানারূপে ঋণী। বঙ্গের গৃহে গৃহে প্রাতঃস্মরণীয় বিদ্যাসাগরের লাইব্রেরি এই ধ্বংসমুখ হইতে রক্ষা করিয়া তিনি বাঙ্গালী জাতির কৃতজ্ঞতাভাজন হইলেন।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রবাবুর পরিচালনায় সাহিত্য-পরিষৎ-পত্রিকা দিন দিন উন্নতি লাভ করিয়াছে। পূর্ব্বে পত্রিকা যথাসময়ে বাহির হইত না; গত বৎসরে চতুর্থ অর্থাৎ শেষ সংখ্যা পর্য্যন্ত বাহির হইয়া যাওয়ায়, এই পুরাতন অনুযোগ আর শুনিতে হইবে না। এজন্য পত্রিকা-সম্পাদকের নিকট পরিষৎ কৃতজ্ঞ। পরিষৎ-পত্রিকায় বিবিধ নূতন তত্ত্ব প্রকাশিত হইতেছে। নবাবিষ্কৃত শিলালিপি, তাম্রশাসন, দেবমূর্ত্তি, প্রাচীন কীর্ত্তির অবশেষ প্রভৃতির চিত্র-সহিত বিবরণ সঙ্কলিত হওয়ায় পত্রিকার উপাদেয়তা দিন দিন বর্দ্ধিত হইতেছে। এই সকল সচিত্র বিবরণ প্রকাশের জন্য পত্রিকা-প্রকাশের ব্যয়ও অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। বঙ্গদেশে এই শ্রেণির পত্রিকা আর নাই; সভ্যগণ ইহা বিনামূল্যে পাইয়া থাকেন। গত বৎসরে সরকারি ও বেসরকারি অনেকগুলি কালেজ পত্রিকার গ্রাহক হইয়াছেন; সাধারণের মধ্যে ইহার গ্রাহক-সংখ্যার বৃদ্ধি প্রার্থনীয়। এত অল্পমূল্যে এরূপ উপাদেয় সাময়িক পত্রিকা বাঙ্গালায় আর নাই। আশা করা যায়, অচিরে বৈদেশিকেরা পর্য্যন্ত নূতন তথ্যের পরিচয়-লাভের জন্য পরিষৎ-পত্রিকায় অনুসন্ধান লইতে বাধ্য হইবেন।

নিয়মিত চারি সংখ্যা ব্যতীত একখানি অতিরিক্ত সংখ্যাও গত বৎসরে মুদ্রিত হইয়াছে। অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় প্রণীত বাঙ্গলার ভাষাতত্ত্ব সম্বন্ধে প্রবন্ধের কিয়দংশ পূর্ব্ববৎসর অতিরিক্ত সংখ্যায় বাহির হইয়াছিল। অবশিষ্ট অংশ শীঘ্র বাহির হইবে।

সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু বিবিধ সাহিত্যিক কর্ম্মে লিপ্ত থাকিয়াও পত্রিকার উৎকর্ষ-সম্পাদনে ও সময় মত প্রকাশের জন্য যেরূপ যত্ন করিয়াছেন, তাহাতে তাঁহার পরিষদের প্রতি অনুরাগেরই পরিচয় পাওয়া যাইতেছে। তাঁহার মত পুরাতন বন্ধুর নিকট বোধ করি কৃতজ্ঞতা প্রকাশের প্রয়োজন নাই।

পরিষদ্-গ্রন্থাবলী

আলোচ্য বর্ষে অনেকগুলি নূতন গ্রন্থ পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে; ইতঃপূর্ব্বে আর কোন বৎসর এত গ্রন্থ বাহির হয় নাই।

সভাপতি মহাশয়ের ব্যয়ে মুদ্রিত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত কর্ত্তৃক সম্পাদিত বিদ্যাপতির পদাবলী সর্ব্বাগ্রে উল্লেখযোগ্য। সভাপতি মহাশয়ই বিদ্যাপতিকে বঙ্গের শিক্ষিত-সমাজের সম্মুখে সর্ব্বপ্রথমে স্থাপন করিয়াছিলেন; তাঁহারই চেষ্টায় ও ব্যয়ে বিদ্যাপতির এই অভিনব সংস্করণ প্রকাশিত হইয়া সাহিত্যের গৌরব বৃদ্ধি করিল, ইহা সমুচিতই হইয়াছে। এই বিপুলকায় সংস্করণের সমুচিত পরিচয় দেওয়া অসম্ভব। বিদ্যাপতির এতগুলি রচনা ইহার পূর্ব্বে আর কখনও প্রকাশিত হয় নাই। নগেন্দ্রবাবু প্রত্যেক পদের ভাষা ও অর্থ সম্বন্ধে সূক্ষ্ম আলোচনা দ্বারা যেরূপ সংস্কারসাধন করিয়াছেন, ইহার পূর্ব্বে সেরূপ চেষ্টা কখনও হয় নাই। প্রত্যেক পদে যে সকল টীকা সন্নিবেশিত হইয়াছে, তাহাতে গ্রন্থের উপকারিতা প্রচুর পরিমাণে বৃদ্ধি পাইয়াছে। ফলতঃ এই গ্রন্থ প্রকাশ করিয়া সাহিত্য-পরিষৎ গৌরব ও শ্লাঘা বোধ করিতে অধিকারী।

শ্রীযুক্ত আনন্দনাথ রায়ের ফরিদপুরের ইতিহাসের প্রথমাংশ প্রকাশিত হইয়াছে।

শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত বিক্রমপুরের প্রাচীন ও আধুনিক বিবরণ দিয়া বিক্রমপুরের ইতিহাস প্রকাশ করিয়াছেন। এই গ্রন্থ হইতে বিক্রমপুর অঞ্চল সম্বন্ধে অনেক নূতন তথ্য জানিতে পারা যাইবে।

শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ চট্টগ্রামের পার্ব্বত্য চাকমা জাতির বিবরণ লিখিয়াছেন। বাঙ্গালা সাহিত্যে এই শ্রেণির এইরূপ গ্রন্থ এই নূতন। ইংলিশম্যানের মত পত্রিকাও এই গ্রন্থ উপলক্ষ করিয়া বাঙ্গালীর পরিচালিত সাহিত্য-পরিষদের কার্য্যপ্রণালীর মুক্তকণ্ঠে প্রশংসা করিয়াছেন।

ভারতবর্ষের প্রাচীন ধর্ম্মগ্রন্থ ও শাস্ত্র গ্রন্থ সমূহের অনুবাদ প্রকাশ দ্বারা বাঙ্গালা সাহিত্যের সমৃদ্ধি সম্পাদনে পরিষৎ পূর্ব্বে হইতেই উদ্যোগী আছেন। পূর্ব্ব বর্ষে শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহোদয়ের ব্যয়ে প্রকাশিত মিলিন্দ পঞ্হো নামক বিখ্যাত পালি বৌদ্ধ গ্রন্থের সানুবাদ মূলের প্রথম খণ্ড প্রকাশ বিজ্ঞাপিত হইয়াছিল। কিন্তু তাহার সবিশেষ বিবরণ দেওয়া হয় নাই। পণ্ডিত বিধুশেখর শাস্ত্রী এই গ্রন্থের অনুবাদক ও সম্পাদক। ভারতবর্ষের পশ্চিমাংশে খ্রীষ্টজন্মের পূর্ব্বে মিনাণ্ডার নামক গ্রীক রাজা ছিলেন। ইহাঁর নামের পালি-ভাষায় অপভ্রংশ মিলিন্দ। এই মিলিন্দ রাজা আর্য্যাবর্ত্তের বহু অংশ জয় করিয়া প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন, এবং তাঁহার নামাঙ্কিত মুদ্রা অদ্যাপি পাওয়া যায়। বৌদ্ধ ভিক্ষু নাগসেনের সহিত এই রাজার কথোপকথনচ্ছলে এই গ্রন্থে বৌদ্ধ ধর্ম্মের সার মর্ম্ম আলোচিত হইয়াছে। Sacred Books of the East গ্রন্থাবলীতে ইহার ইংরেজি অনুবাদ প্রকাশিত হইয়াছে। বাঙ্গালা অনুবাদ সহিত এই গ্রন্থের মূল প্রকাশে সাহিত্যের ঐশ্বর্য্য বাড়িল সন্দেহ নাই।

লালগোলার রাজাবাহাদুর ও কুমার শরৎ কুমার রায়ের উদ্যোগে আর একটি নূতন অনুষ্ঠানের প্রবর্ত্তনা হইতে চলিল। লালগোলার রাজা বাহাদুর পূর্ব্বে প্রাচীন বাঙ্গালা

গ্রন্থ প্রকাশের জন্য বার্ষিক তিনশত টাকা দান করিতেন ; দুই বৎসর হইতে বার্ষিক আটশত টাকা দান করিয়া আসিতেছেন। এই অর্থ বাঙ্গালা গ্রন্থের প্রকাশের জন্য নিযুক্ত আছে। তদ্ভিন্ন তিনি স্থায়ী তহবিলে যে-সাড়ে বার হাজার টাকা দানের অঙ্গীকার করিয়াছেন, তাহার মধ্যে কতক অংশ সানুবাদ শাস্ত্র প্রকাশের জন্য নির্দ্দিষ্ট করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। পরিষদের পরমহিতৈষী কুমার শরৎকুমার রায় বহুদিন পূর্ব্বে হইতেই ভারতের প্রাচীন শাস্ত্র প্রকাশের প্রবর্ত্তন করিয়াছেন। তাঁহার প্রবর্ত্তনায় বৈদিক ব্রাহ্মণ গ্রন্থের অনুবাদ প্রকাশিত হইতেছে। প্রাচীন বৌদ্ধ ও হিন্দু তন্ত্র শাস্ত্র সংগ্রহ ও প্রকাশের জন্য কুমার বাহাদুর উদ্যোগী হইয়াছেন। রাজা যোগেন্দ্রনারায়ণ ও কুমার শরৎকুমার উভয়ের এই একমুখ প্রযত্নের ফল একত্র সমাহৃত হইয়া "ভারত-শাস্ত্র-পিটক" নামক গ্রন্থাবলী অতঃপর পরিষদ্ গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইবে। পণ্ডিত বিধুশেখর শাস্ত্রীর অনুবাদিত শত পথ ব্রাহ্মণের প্রথমাংশ গত বৎসর এই শাস্ত্র পিটকের অন্তর্গত হইয়া বাহির হইয়াছে। ঐতরেয় ব্রাহ্মণের অনুবাদও সম্পূর্ণ-প্রায় ; আগামী বৎসরে এই গ্রন্থও বাহির হইবে। সুবিখ্যাত রায় বাহাদুর শরৎচন্দ্র দাসের আবিষ্কৃত মহাকবি ক্ষেমেন্দ্র বিরচিত বোধিসত্ত্বাবদান কল্পলতা গ্রন্থ—যাহার মূল এশিয়াটিক সোসাইটি কর্ত্তৃক প্রকাশিত হইতেছে—এই গ্রন্থেরও অনুবাদ এই পিটক মধ্যে স্থান পাইবে। রায় বাহাদুর শরচ্চন্দ্র স্বয়ং উহার অনুবাদ করিতেছেন ও মুদ্রণ কার্য্য আরম্ভ হইয়াছে।

অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় যে বাঙ্গালা গ্রাম্য শব্দকোষ সঙ্কলন করিয়াছেন, ঐ গ্রন্থও মুদ্রণার্থ প্রস্তুত। উহার প্রথম সংস্করণ মুদ্রণ ও প্রচারের ভার পরিষৎ গ্রহণ করিয়াছেন। বাঙ্গালা ভাষার সম্পূর্ণ অভিধান সঙ্কলন পরিষদের অন্যতম মুখ্য উদ্দেশ্য। এই কোষগ্রন্থে সেই উদ্দেশ্য সাধনে প্রচুর সাহায্য করিবে।

ভারতবর্ষে এতাবৎ আবিষ্কৃত যাবতীয় খোদিত লিপির বিবরণ সঙ্কলন করিবার জন্য সহকারী সম্পাদক রাখাল বাবু ভার লইয়াছেন। ইংরেজিতে কীলহর্ণ সঙ্কলিত যে গ্রন্থ আছে, তাহা অসম্পূর্ণ। ভারতবর্ষের পুরাতত্ত্ব সঙ্কলনে এই সকল উৎকীর্ণ লিপি প্রধান সহায়। এই বিবরণ সম্পূর্ণভাবে সঙ্কলিত করিয়া প্রকাশ করিতে পারিলে ইতিহাস অনুসন্ধিৎসুগণের পরম হিত সাধিত হইবে। পরিষৎ এই গ্রন্থ প্রকাশের ব্যয় ভার গ্রহণ করিয়াছেন।

পরিষৎ সম্পাদক পঠিত বৈজ্ঞানিক প্রবন্ধ "মায়াপুরী"ও সত্বর গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রচারিত হইবে।

নগেন্দ্র বাবুর সম্পাদকতায় লালগোলার রাজা বাহাদুরের ব্যয়ে মুদ্রিত নরহরি চক্রবর্ত্তী প্রণীত নবদ্বীপ পরিক্রমা গত বৎসরে প্রকাশিত হইয়াছে। পণ্ডিত অতুলচন্দ্র গোস্বামী মহাশয় নগেন্দ্র বাবুকে এই গ্রন্থ সম্পাদনে প্রভূত সাহায্য করিয়াছেন।

লালগোলার রাজা বাহাদুরের ব্যয়ে প্রকাশ্য সানুবাদ শ্রীভাষ্যের মুদ্রণ কার্য্য অগ্রসর হইতেছে।

পূর্ব্ব বর্ষের ন্যায় লালগোলার রাজাবাহাদুর এ বৎসরও ৮০০৲ টাকা বার্ষিক সাহায্য দান করিয়াছেন। রাজা বাহাদুরের ইচ্ছামতে উহার মধ্যে ৪০০৲ পত্রিকা প্রকাশের জন্য গৃহীত হইয়াছে। অবশিষ্ট ৪০০৲ প্রাচীন গ্রন্থ-প্রকাশ তহবিলে দেওয়া হইয়াছে।

স্মৃতিরক্ষা

বঙ্গদেশের প্রধান পুরুষগণের বিশেষতঃ বঙ্গসাহিত্যে খ্যাতনামা ব্যক্তিগণের স্মৃতিচিহ্ন রক্ষার ভার পরিষৎ গ্রহণ করিয়াছেন। নূতন মন্দিরে প্রবেশের দিন যে সকল মূর্ত্তি ও চিত্র প্রতিষ্ঠিত হইয়াছিল, গত বৎসরের বার্ষিক কার্য্যবিবরণীতে তাহার উল্লেখ আছে। আলোচ্য বৎসরেও ঐরূপ স্মৃতিচিহ্ন অনেকগুলি সংগৃহীত হইয়াছে। ইহার অধিকাংশই পরিষৎ উপহার স্বরূপে পাইয়াছেন। উপহার দাতাদিগের নামসমেত সম্পূর্ণ তালিকা পরিশিষ্টে প্রকাশ্য। এতন্মধ্যে নিম্নলিখিত স্মৃতি ও চিত্রগুলি উল্লেখযোগ্য।

১। রাজা রামমোহন রায়ের ব্রোমাইড চিত্র—পরিষদের ব্যয়ে প্রস্তুত।
২। রাজনারায়ণ বসুর তৈলচিত্র—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুরের প্রদত্ত।
৩। প্যারীচাঁদ মিত্রের তৈলচিত্র—তৎ পৌত্র শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র দত্ত।
৪। উমেশচন্দ্র বটব্যালের তৈলচিত্র—তৎপুত্রগণ প্রদত্ত।
৫। কবি ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের তৈলচিত্র—কতিপয় বন্ধুর ব্যয়ে প্রস্তুত।
৬। রামতনু লাহিড়ীর ব্রোমাইড চিত্র—তৎপুত্র শ্রীযুক্ত শরৎকুমার লাহিড়ী প্রদত্ত।

চিত্রশালা

ঐতিহাসিক দ্রব্যাদি সংগ্রহ ও রক্ষার জন্য চিত্রশালার প্রতিষ্ঠা গত বৎসরের অন্যতম মুখ্য ঘটনা। ১৩১৩ সালে কলিকাতায় যখন জাতীয় শিল্পপ্রদর্শনী হইয়াছিল, সেই সময়ে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ একটি ক্ষুদ্র কুঠরিতে বিবিধ ঐতিহাসিক ও সাহিত্যিক দ্রব্য প্রদর্শন করিয়াছিলেন, সেই বৎসরের বার্ষিক কার্য্যবিবরণীতে তাহার সবিশেষ উল্লেখ আছে।

সেই সময় হইতে সাহিত্য পরিষৎ এই শ্রেণির বস্তু সংগ্রহ করিয়া একটি চিত্রশালা খুলিবেন, এইরূপ সঙ্কল্প অনেকের মনের মধ্যে ছিল। ১৩১৪ সালের কাশীমবাজারে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে পরিষৎ সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী সারস্বত ভবন প্রতিষ্ঠার সঙ্কল্প জ্ঞাপন করেন ও তাহা যথারীতি প্রস্তাবিত ও সমর্থিত হয়। কাশীমবাজার হইতে প্রকাশিত সাহিত্য-সম্মিলনের রিপোর্টে এতৎসম্বন্ধে সম্পাদকের পঠিত প্রবন্ধাদি প্রকাশিত হইয়াছে। পরিষদের স্থানাভাবে ঐ সংগ্রহ কার্য্যে এতদিন হস্তক্ষেপ হয় নাই। নূতন মন্দির নির্ম্মিত হওয়ার পর পরিষৎ সংগ্রহ কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন, এবং আলোচ্য বৎসরে অতি অল্পদিনেই যে সকল দ্রব্য সংগৃহীত হইয়াছে, তাহা নিতান্ত অল্প নহে। সহকারী সম্পাদক রাখাল বাবুর যত্ন ও উদ্যোগ এ বিষয়ে পরিষদের সার্থকতার প্রধান হেতু। গত বৎসর মধ্যে যে সকল ধাতু ও পাষাণ নির্ম্মিত দেবমূর্ত্তি ও স্বর্ণ রৌপ্য তাম্র মুদ্রা ও অন্যান্য দ্রব্য সংগৃহীত হইয়াছে, তাহার তালিকা পরিশিষ্টে প্রকাশিত হইল।

কতিপয় দেবমূর্ত্তি সম্পূর্ণ নূতন; ভারতবর্ষে বা অন্যত্র অন্য কোন চিত্রশালায় তাহা বিদ্যমান নাই। সংগৃহীত মুদ্রার মধ্যেও কতিপয় অতি প্রাচীন মুদ্রা আছে, এতদ্ব্যতীত

কয়েকখানি প্রাচীন তাম্রশাসনও সংগৃহীত হইয়াছে। যে সকল মহাত্মা পরিষৎকে এই সকল সংগ্রহের ব্যয় নির্ব্বাহে সাহায্য করিয়াছেন, তাঁহাদের নিকট পরিষৎ চিরঋণী থাকিবেন। শ্রীযুক্ত কাশীমবাজারের মহারাজ ও লালগোলার রাজাবাহাদুরকে যখনই অর্থের জন্য প্রার্থনা করা গিয়াছে, তখনই তাঁহারা মুক্ত হস্তে প্রদান করিয়াছেন। একটি গুপ্ত-মুদ্রার জন্য লালগোলার রাজাবাহাদুর ১১৩৲ ও চারিটি শক-মুদ্রা ও একটি গুপ্ত-মুদ্রার জন্য মহারাজ বাহাদুর ৩৫১৲ টাকা দান করিয়াছেন।

যেরূপে দ্রব্যের সংখ্যা বাড়িয়া যাইতেছে, তাহাতে অল্পদিনেই পরিষদের নবমন্দিরেও উহার স্থানাভাব হইবে। বস্তুতঃ জাতীয় চিত্রশালা রক্ষার জন্য একটি পৃথক্ মন্দির শীঘ্রই আবশ্যক হইবে। সেই মন্দিরপ্রতিষ্ঠার সূত্রপাতও হইয়াছে। এইরূপ জাতীয় চিত্রশালা পরলোকগত মহাত্মা রমেশচন্দ্র দত্তের উপযুক্ত স্মৃতি-নিদর্শন হইবে অনুভব করিয়া সাহিত্য-পরিষৎ সঙ্কল্প করেন, যে রমেশভবন বা রমেশচন্দ্র সারস্বত ভবন নামে এই চিত্রশালা প্রতিষ্ঠিত হউক। তদনুসারে গতবর্ষের ফাল্গুন মাসের আরম্ভে ভাগলপুরে সমবেত বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের সম্মুখে পরিষদের পক্ষ হইতে সারস্বত ভবন প্রতিষ্ঠার প্রস্তাব পরিষৎ-সম্পাদক কর্ত্তৃক উপস্থিত করা হয় এবং রাজসাহীর খ্যাতনামা ঐতিহাসিক শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ওজস্বিনী ভাষায় তাঁহার ঐ প্রস্তাব সমর্থন করেন। ঐ প্রস্তাব সম্মিলন কর্ত্তৃক একবাক্যে অনুমোদিত হইয়াছে। এবং সেই প্রস্তাবানুযায়ী কার্য্য যতদূর অগ্রসর হইয়াছে, পরে তাহার উল্লেখ হইবে।

বিশেষ সভ্যগণের কার্য্য

বিশেষ সভ্যগণের মধ্যে পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ মহাশয় প্রবন্ধ দ্বারা পরিষদের সাহায্য করিয়াছেন; তাঁহার রচিত সূর্য্যপদে উপানৎ প্রবন্ধ বিশেষ অনুসন্ধানের ফল। তিনি বিষ্ণুমূর্ত্তির বিবিধ ভেদ সম্বন্ধে এক উপাদেয় প্রবন্ধ দিয়াছেন, তাহা পরিষদের পরম হিতৈষী কুমার শরৎকুমার রায় বাহাদুরের ব্যয়ে সম্ভবতঃ রাজসাহী শাখা কর্ত্তৃক প্রকাশিত হইবে। শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় মাসিক অধিবেশনে প্রবন্ধ পাঠ করিয়াছেন।

ছাত্রসভ্যগণের কার্য্য

খগেন্দ্র বাবুর তত্ত্বাবধানে ছাত্রসভ্যগণ ক্রমেই পরিষদের উদ্দেশ্যানুযায়ী কার্য্যে অগ্রসর হইতেছেন। গতবৎসর কতিপয় ছাত্রসভ্য ইতিহাস, সমাজতত্ত্ব, ভাষাতত্ত্ব, লৌকিক ও গ্রাম্য-সাহিত্য প্রভৃতি সম্বন্ধে প্রবন্ধ লিখিয়া খগেন্দ্র বাবুর হস্তে দিয়াছিলেন। ইহার মধ্যে কয়েকটি প্রবন্ধ অতি উৎকৃষ্ট হইয়াছে; তাহাতে বিশেষ অনুসন্ধানের এবং চিন্তাশীলতার পরিচয় পাওয়া গিয়াছে। কতিপয় প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হইয়াছে, এবং পরিষৎ সমুচিত পুরস্কার দানের ব্যবস্থা করিয়াছেন।

ছাত্রসভ্যদিগের উৎসাহ বর্দ্ধনার্থ একদিন পরিষৎ-মন্দিরে বিশেষ সভা আহূত হয়। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় সভাপতিরূপে ছাত্রদিগকে বহু উপদেশ প্রদান করেন। ছাত্রসভ্যগণের কেহ কেহ স্বরচিত প্রবন্ধ পাঠ করিয়া শুনাইলে রবীন্দ্র বাবু পরম পরিতোষ প্রকাশ করেন। রবীন্দ্র বাবুর উপদেশে ছাত্রগণ যুগপৎ শিক্ষা ও আনন্দ লাভ করিয়াছিল।

অত্যন্ত দুঃখের বিষয় যে ছাত্রসভ্যগণের মধ্যে অন্যতম অগ্রণী সুখবিন্দু সেন গুপ্ত অকালে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। যথাস্থানে ইঁহার পরিচয় দেওয়া হইয়াছে। সুখবিন্দু বাঁচিয়া থাকিলে পরিষৎ তাঁহার নিকট প্রচুর উপকার পাইতেন।

ছাত্রসভ্য সম্বন্ধে খগেন্দ্রবাবুর রিপোর্ট যথাস্থানে প্রকাশিত হইবে।

শাখা-সমিতির কার্য্য

শাখা-সমিতির মধ্যে গৃহনির্ম্মাণ-সমিতি লুপ্ত হইয়াছে।

গ্রন্থপ্রকাশ-সমিতির অধিবেশন হইয়াছিল, তাহাতে কতিপয় গ্রন্থের প্রকাশ্যতা সম্বন্ধে আলোচনা হয়। নবদ্বীপ-পরিক্রমা প্রকাশে তখনও বিলম্ব থাকায় বিশেষ সিদ্ধান্ত কিছু হয় নাই।

রাজসাহীতে সমবেত বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন বৈজ্ঞানিক পরিভাষা সঙ্কলনের জন্য যে সমিতি নিযুক্ত করিয়াছিলেন, পরিষদের শব্দ-সমিতির সহিত উহা মিলিত হইয়াছে। এই মিলিত সমিতির অধিবেশনে ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় উপস্থিত ছিলেন।

রসায়ন-ঘটিত পরিভাষা সঙ্কলন সম্বন্ধে ডাক্তার রায়ের প্রস্তাব গৃহীত হয়। গত বৎসর ভাগলপুরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়, শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র মুখোপাধ্যায় এম্ এ, ও শ্রীযুক্ত হেমচন্দ্র দাসগুপ্ত পারিভাষিক শব্দের সঙ্কলিত তালিকা উপস্থিত করেন। সাহিত্য-সম্মিলনের রিপোর্টে তাহা মুদ্রিত হইবে।

মধ্যে বাঙ্গালা গবর্মেণ্টের উদ্যোগে প্রস্তুত রসায়ন ঘটিত শব্দতালিকা মত প্রকাশার্থ পরিষদে আসিয়াছিল; পরিষৎ তৎসম্বন্ধে যথোচিত মত প্রকাশ করিয়া গবর্মেণ্টে পাঠাইয়াছেন।

নবীনচন্দ্র স্মৃতি রক্ষার্থ নিযুক্ত সমিতি অর্থ সংগ্রহে প্রবৃত্ত হইয়াছেন। এ পর্য্যন্ত আট শত টাকা স্বাক্ষরিত হইয়াছে।

রজনীকান্ত গুপ্তের স্মৃতি রক্ষার্থ পুরাতন সমিতির কার্য্য না থাকায় উহা বহুদিন বিলুপ্ত হইয়াছিল। পরিষৎ ঐ তহবিলে কিছু হাওলাত দিয়াছিলেন, তাহা এপর্য্যন্ত আদায় না হওয়ায় পরিশিষ্টে উহার হিসাব বাহির হইতেছিল। এ বৎসর সেই হাওলাতের দাবি ত্যাগ করা হইয়াছে।

শাখা সভা

রঙ্গপুর, ভাগলপুর, রাজসাহী, ময়মনসিংহ, মুর্শিদাবাদ এবং বারাণসী এই কয়স্থলে পরিষদের শাখা সভা বর্ত্তমান আছে। বাঁকুড়ায় শাখা স্থাপনের প্রস্তাব সফল হয় নাই। গত বৎসর মুঙ্গের, পূর্ণিয়া, লক্ষ্ণৌ, কাণপুর, গৌহাটী, কিশোরগঞ্জ, ও ঢাকা হইতে শাখা স্থাপনের প্রস্তাব আসিয়াছিল, কিন্তু তাহা কার্য্যে পরিণত হয় নাই। শাখা সভা সম্বন্ধে এতকাল কোন বাঁধাবাঁধি নিয়ম ছিল না। সম্প্রতি এইরূপ নিয়ম প্রস্তুত করিবার চেষ্টা হইতেছে। সকল শাখার সহিত পরামর্শ করিয়া নিয়মাবলী নির্দ্ধারিত হওয়া আবশ্যক, এবং নিয়মাবলী নির্দ্ধারিত হইবার পূর্ব্বে আর কোন নূতন শাখা স্থাপিত হইবে না।

বর্ত্তমান শাখা সমূহের মধ্যে রঙ্গপুর শাখা সর্ব্ববিষয়ে অগ্রগণ্য; তঁহারা পুরাতত্ত্বের অনুসন্ধানে বিশেষ দৃষ্টি রাখিয়া যথেষ্ট সফলতা লাভ করিয়াছেন। রঙ্গপুর শাখার প্রকাশিত পত্রিকাও দিন দিন উন্নতি লাভ করিতেছে। রঙ্গপুরের ন্যায় দূর মফস্বলে এই শ্রেণির পত্রিকা সুপরিচালিত হওয়া বিশেষ শ্লাঘার বিষয়। উৎসাহে ও কর্ম্মক্ষমতায় রঙ্গপুর শাখা পরিষদের অন্যান্য শাখার ও বহুস্থলে মূল পরিষদেরও আদর্শ হইয়া উঠিতেছেন।

রঙ্গপুর শাখার উদ্যোগে এবার আসাম গৌরীপুরে উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলন সংঘটিত হইয়াছিল, তাহার বিবরণ যথাস্থানে প্রকাশিত হইল।

পরিষদের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় কার্য্যোপলক্ষে রঙ্গপুরে উপস্থিত হওয়ায় রঙ্গপুর শাখা তাঁহার সম্বর্দ্ধনার ব্যবস্থা করেন এবং অভিনন্দন পত্র দ্বারা তাঁহার প্রতি সম্মান প্রদর্শন করেন। শাখা সভার এই কার্য্য মূল সভার পক্ষে অত্যন্ত প্রীতিজনক হইয়াছে; মূলের সহিত শাখার প্রীতি সম্বন্ধ দৃঢ়ীকৃত করিবার এই উপায় অবলম্বন করিয়া শাখা সভা কেবল বিচক্ষণতার পরিচয় দেন নাই, এইরূপ প্রীতি সম্মিলনের স্থায়ী ফল লাভে উভয় সভাই উপকৃত হইবেন, তাহার একটা নূতন ও সুন্দর পথ আবিষ্কার করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন।

ভাগলপুর শাখার উপর এ বৎসর গুরুতর কর্ম্মভার পড়িয়াছিল। রাজসাহীতে বঙ্গীয় সাহিত্য-সম্মিলনের দ্বিতীয় অধিবেশন সমাপ্তির পর ভাগলপুর শাখার সম্পাদক শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় সাহিত্য-সম্মিলনকে পর বৎসরের জন্য ভাগলপুরে নিমন্ত্রণ করেন। তদনুসারে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন এ বৎসর ভাগলপুরে সংঘটিত হয়; তাহার বিবরণ পরে দেওয়া যাইতেছে। এই সম্মিলন সংক্রান্ত সমুদয় কার্য্যভার ভাগলপুর শাখার উপর পড়িয়াছিল; এবং তাঁহারা যেরূপ সফলতার সহিত এই কার্য্য সম্পন্ন করিয়াছেন, তাহাতে তাঁহারা সমুদয় দেশ মধ্যে যশোলাভ করিয়াছেন। শাখাসভার সভাপতি, সহকারী সভাপতি, সম্পাদক ও কর্ম্মচারীরা সকলেই এজন্য যশস্বী হইয়াছেন।

আগামী বৎসর সাহিত্য-সম্মিলন ময়মনসিংহে নিমন্ত্রিত হইয়াছে। এ বৎসর ভাগলপুর শাখা যে গুরুভার কার্য্য সুচারুভাবে সম্পাদন করিলেন, আগামী বৎসর ময়মনসিংহ শাখার উপর সেই ভার পড়িবে। ময়মনসিংহের সাহিত্যানুরাগী মহোদয়গণ এই কার্য্যের জন্য এখন হইতেই উদ্যোগী হইয়াছেন; তাহাতে আগামী সাহিত্য-সম্মিলনের সফলতা সম্বন্ধে কোনরূপ সংশয়ের প্রয়োজন নাই।

রাজসাহী শাখা পূর্ব্ব বৎসরে সাহিত্য-সম্মিলনের ভার লইয়াছিলেন, সম্মিলনও শাখা সভার উপর কতিপয় কার্য্যভার চাপাইয়া আসিয়াছিলেন। পরম আনন্দের বিষয় রাজসাহী শাখা সংবৎসর কাল সুপ্ত না থাকিয়া অত্যন্ত আগ্রহ ও উৎসাহের সহিত সেই কার্য্য নির্ব্বাহ করিয়াছেন; এবং রাজসাহী শাখার উদ্যমশীল সম্পাদক শ্রীযুক্ত শশধর রায় মহাশয় সংবৎসর ধরিয়া রাজসাহী কর্ত্তৃক সম্পাদিত কর্ম্মের সুবৃহৎ বিবরণ লইয়া সাহিত্য-সম্মিলনে উপস্থিত হইয়াছিলেন। রাজসাহীর এই কর্ম্মপটুতার জন্য শ্রীযুক্ত শশধর রায় বিশেষ কৃতজ্ঞতাভাজন। তিনি স্বয়ং জাতীয় উৎকর্ষ সাধন সম্বন্ধে অনুসন্ধান করিয়াছেন, ও

উত্তর বঙ্গের বিবিধ শ্রেণির লোক মধ্যে অনুসন্ধানের ফল সংগ্রহ করিয়াছেন। শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ মহাশয় বিভিন্ন জাতির লোকের মস্তকের দৈর্ঘ্য, বিস্তার পরিমাণাদি দ্বারা ও অন্যান্য বিজ্ঞান-সম্মত উপায়ে বাঙ্গালীর জাতিতত্ত্ব নির্ণয়ে প্রবৃত্ত আছেন। দীঘাপতিয়া বংশধর কুমার শরৎকুমার রায়—যাঁহার অদম্য উৎসাহ ও অতুল্য প্রীতি বঙ্গসাহিত্যের সেবাকার্য্যে সর্ব্বদা লিপ্ত আছে, সাহিত্য-পরিষৎ যাঁহার বদান্যতার ফল ভোগে চিরকৃতজ্ঞ আছে,—তিনি এই অর্থসাপেক্ষ অনুসন্ধান কর্ম্মে রমাপ্রসাদ বাবুর প্রধান সহায় হইয়াছেন। সম্প্রতি কুমার বাহাদুর রাজসাহী শাখার সভাপতি পদে বৃত হইয়াছেন; এবং তাঁহার নেতৃত্বে রাজসাহী শাখা যেরূপ নবোদ্যমে কর্ম্মক্ষেত্রে নামিয়াছেন, তাহাতে সাহিত্য-পরিষৎ অতীব আনন্দ লাভ করিয়াছেন।

এই প্রসঙ্গে কুমার বাহাদুরের প্রবর্ত্তনায় একটি নূতন অনুষ্ঠান সূচনার শুভ সংবাদ দেওয়া যাইতেছে। বাঙ্গালীর প্রাচীন ইতিহাস উদ্ধার বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্যতম মুখ্য উদ্দেশ্য। এই উদ্দেশ্য সাধনার্থ এ পর্য্যন্ত পরিষৎ যে সকল চেষ্টা করিয়াছেন, তাহাতে দেশ মধ্যে সর্ব্বত্র একটা নূতন ভাবের সঞ্চার হইয়াছে। সর্ব্বত্রই প্রাচীন তথ্য নির্ণয়ের জন্য একটা উৎসাহের আগুন জ্বলিয়া উঠিয়াছে। রঙ্গপুর শাখা পূর্ব্ব হইতেই এ বিষয়ে অগ্রসর হইয়াছেন; এ বৎসর ভাগলপুরে তাহার পরিচয় পাওয়া গিয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্যোগে জাতীয় চিত্রশালা, যাহা রমেশভবন নামে প্রতিষ্ঠিত হইবার উদ্যোগ হইতেছে, তাহাও সেই নূতন ভাবের উদ্দীপনার পরিণত ফল। দেশের মধ্যে সর্ব্বত্র যে সকল প্রাচীন কীর্ত্তির নিদর্শন বিক্ষিপ্ত আছে, তাহার উদ্ধারের ও রক্ষার ব্যবস্থা না হইলে বাঙ্গালী জাতির ইতিহাস সঙ্কলিত হইবে না। কিন্তু এই বহুব্যয়সাধ্য ব্যাপারে এপর্য্যন্ত সম্যক্ চেষ্টা হয় নাই। এ পর্য্যন্ত গবর্মেণ্টের যত্নেই আমাদের প্রাচীন কীর্ত্তি সকল রক্ষিত হইয়া আসিয়াছে, আমরা নিজে এজন্য কোন চেষ্টাই করি নাই। বলা বাহুল্য একা গবর্মেণ্টের চেষ্টা এবিষয়ে পর্য্যাপ্ত নহে। এখন আমাদের সাহিত্য-পরিষৎ ও তাহার শাখাসভাগুলিকে যথাশক্তি এ বিষয়ে প্রবৃত্ত হইতে হইবে।

এই বিষয়ের গুরুত্ব উপলব্ধি করিয়া কুমার শরৎকুমার বাহাদুর স্বতঃপ্রবৃত্ত হইয়া বরেন্দ্রভূমির প্রাচীন কীর্ত্তি অন্বেষণে প্রবৃত্ত হইয়াছেন। গত ইষ্টারের ছুটির সময় তিনি বরেন্দ্রভূমির বন জঙ্গল অন্বেষণে গিয়াছিলেন। তাঁহার সহিত শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়, শ্রীযুক্ত শশধর রায়, শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় পর্য্যটনে বাহির হন। পর্য্যটনের ফলে পাল ও সেন রাজগণের সম্পৃক্ত কতিপয় প্রাচীন নগরের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছ। বহু দেবমূর্ত্তি সংগৃহীত হইয়াছে, প্রাচীন শিল্পের বহু নিদর্শন আনীত হইয়াছে। এই সকল দ্রব্য কয়েকখানি গাড়ী বোঝাই করিয়া আনিয়া এখন রাজসাহীর সাধারণ পুস্তকালয়ে রক্ষিত হইয়াছে। কুমার বাহাদুর এই সকল দ্রব্যের যথোচিত তালিকা ও বিবরণ প্রকাশের ব্যবস্থা করিতেছেন। যখন অক্ষয়বাবুর ন্যায় প্রসিদ্ধ প্রত্নতত্ত্ববিৎ এই ব্যাপারে পরিশ্রম করিতেছেন, তখন এই ঐতিহাসিক বিবরণ বহুমূল্য হইবে সন্দেহ নাই। শশধর বাবু ও রমাপ্রসাদ বাবু এই উপলক্ষে মানবতত্ত্ব সম্বন্ধে অনেক জ্ঞাতব্য

সংবাদ সংগ্রহ করিয়াছেন। এই সকল সংবাদ জানিবার জন্য সর্ব্বসাধারণে উৎকর্ণ হইয়া রহিবে সন্দেহ নাই।

মহারাষ্ট্র-সাহিত্য-সম্মিলন

মহারাজ গাইকোয়াড়ের উৎসাহে বরোদা নগরে যে মহারাষ্ট্র সাহিত্য-সম্মিলন পূজার সময় ঘটিয়াছিল, তাহাতে ভারতবর্ষের সকল প্রদেশের প্রধান পণ্ডিতেরা নিমন্ত্রণ পাইয়াছিলেন। পরিষদের মান্য সভ্যগণ ব্যতীত পরিষৎও বিশেষ ভাবে নিমন্ত্রিত হইয়াছিলেন, তাহা পূর্ব্বে বলা গিয়াছে। দুঃখের বিষয় পূজার কয়দিন ধরিয়া সম্মিলন ঘটায় পরিষদের পক্ষ হইতে অধিক প্রতিনিধি প্রেরণ সম্ভবপর হয় নাই। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় প্রতিনিধিরূপে যাইতে ইচ্ছা করিয়া কলিকাতায় উপস্থিত হইয়াছিলেন, কিন্তু যাত্রার পূর্ব্বে সহসা অত্যন্ত অসুস্থ হইয়া পড়েন। এই সময়ে পরিষদের অন্যতম বিশিষ্ট সভ্য ও পূর্ব্বতন সহকারী সভাপতি মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় পরিষদের প্রতিনিধিত্ব স্বীকার করিয়া পরিষদের লজ্জা মোচন করেন। তিনি এই সময়ে রাজপুতগণের প্রাচীন ইতিহাসের অনুসন্ধানে ব্যাপৃত থাকিয়া রাজপুতানা ভ্রমণ করিতেছিলেন। জয়পুরে থাকিতে পরিষৎ-সম্পাদকের টেলিগ্রাফ মাত্র পাইয়া তিনি তৎক্ষণাৎ বরোদা যাইতে সম্মত হন; পরিষৎ যেরূপ বিশেষ সম্মানসহ নিমন্ত্রিত হইয়াছিলেন, তাহাতে শাস্ত্রী মহাশয় এই অনুগ্রহ না করিলে পরিষৎকে বিশেষ লজ্জার ভাগী হইতে হইত। সম্মিলনে তখন অতি অল্প সময় বর্ত্তমান ছিল; সেই সময়ের মধ্যে বিনা বাক্যব্যয়ে পরিষদের প্রতি এই অনুগ্রহ প্রকাশ করিয়া তিনি আন্তরিক কৃতজ্ঞতা ভাজন হইয়াছেন। শাস্ত্রী মহাশয়ের ন্যায় উচ্চপদস্থ ও সম্মানার্হ ব্যক্তি পরিষদের পক্ষে উপস্থিত হওয়ায় পরিষৎও সম্মিলনে যথেষ্ট সম্মান ও গৌরব পাইয়াছিলেন। এই উপলক্ষে শাস্ত্রী মহাশয় যেরূপ অভ্যর্থিত হইয়াছিলেন, তাহার কিঞ্চিৎ পরিচয় পরিশিষ্টে প্রকাশিত পত্রখানি হইতে বুঝা যাইবে।

পশ্চিম ভারতে পূর্ব্ব হইতেই গুজরাটী সাহিত্য-পরিষৎ প্রতিষ্ঠিত আছে; ঐ পরিষদের সহিত আমাদের পত্র ব্যবহার ও আদানপ্রদান আরম্ভ হইয়াছে। বরোদার সম্মিলন উপলক্ষে মহারাষ্ট্র-সাহিত্য-পরিষদেরও সূচনা হইয়াছে। বঙ্গীয়-পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা রমেশবাবুই এই মহারাষ্ট্র-পরিষদেরও স্থাপনাকার্য্যে লিপ্ত থাকায় আমাদের বিশেষ আনন্দ হইয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্য ও আদর্শ অনুসরণ করিয়াই ভারতবর্ষের ভিন্ন ভিন্ন প্রদেশে সাহিত্য-পরিষৎ স্থাপিত হইতেছে, ইহাও আমাদের শ্লাঘার বিষয়।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

সরস্বতী পূজার ছুটির সময় ভাগলপুরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের তৃতীয় অধিবেশন মহাসমারোহে সম্পন্ন হইয়াছে। সর্ব্ববিষয়ে সফলতায় এই অধিবেশন পূর্ব্ববর্ত্তী সমুদয় অধিবেশনকে পরাস্ত করিয়াছে। বঙ্গের গৌরবস্থল বহু ব্যক্তি এই সম্মিলনে উপস্থিত হইয়াছিলেন। মহারাজ কাশীমবাজার, কুমার শরৎকুমার, পাকুড়ের কুমারগণ, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ, ডাক্তার প্রফুল্লচন্দ্র প্রভৃতি ব্যক্তির উপস্থিতিতে সভার শোভা ও গৌরব বর্দ্ধিত হইয়াছিল। রাজসাহী হইতে অক্ষয়বাবু, শশধরবাবু, বাবু কিশোরীমোহন

চৌধুরী, রঙ্গপুর হইতে রঙ্গপুর শাখার প্রাণস্বরূপ উৎসাহশীল সম্পাদক সুরেন্দ্র বাবু ও তাঁহার ভ্রাতা মণীন্দ্র বাবু, সুদূর গৌহাটী হইতে পণ্ডিত পদ্মনাথ প্রভৃতি যেরূপ পরিশ্রম ও ব্যয় স্বীকার করিয়া যেরূপ উৎসাহ ও শ্রদ্ধাপূর্ণ হৃদয় লইয়া সম্মিলনে উপস্থিত হইয়াছিলেন, তাহাতে বঙ্গ-সাহিত্যের ভবিষ্যৎ ভাবিয়া সকলে পুলকিত হইয়াছিলেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পক্ষ হইতেও বহু সভ্য উপস্থিত হইয়াছিলেন, এবং পরিষদের সভাপতি সারদাচরণ মিত্র মহাশয় স্বয়ং সম্মিলনের সভাপতির আসনে বসিয়া সুচারুভাবে কর্ণধারের কার্য্য চালাইয়াছিলেন; সম্মিলনে যে সকল গুরুতর প্রস্তাব ও উৎকৃষ্ট প্রসঙ্গ উপস্থাপিত ও আলোচিত হইয়াছে, তাহার বিশেষ বিবরণ সম্মিলনের কার্য্যবিবরণে প্রকাশ পাইবে। ভাগলপুর এই উপলক্ষে পুরাতন পুঁথি, মুদ্রা, মূর্ত্তি, প্রভৃতির প্রদর্শনী খুলিয়া সময়োচিত পথে চলিয়াছিলেন। অক্ষয়বাবু ম্যাজিক লণ্ঠন সাহায্যে প্রাচীন শ্রীমূর্ত্তির ব্যাখ্যা শুনাইয়া সর্ব্বসাধারণকে শিক্ষা ও আনন্দ দিয়াছিলেন, ইহাও একটা উল্লেখযোগ্য অভিনব অনুষ্ঠান। সকলের উপর ভাগলপুরবাসীর মহাসমাদরে অভ্যর্থনায় সকলে যে তৃপ্তি ও আনন্দ লাভ করিয়া আসিয়াছেন, তাহা তাঁহাদের চিরকাল অন্তরে জাগরূক থাকিবে।

সাহিত্য-সম্মিলনকে স্থায়ী করিবার জন্য নিয়মাবলীর খসড়া উপস্থিত হইয়াছিল; আগামী অধিবেশনে উহা আলোচিত ও গৃহীত হইবে। বর্ত্তমান বর্ষের জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সাহিত্য-সম্মিলন ঘটিত যাবতীয় কার্য্য পরিচালনার ভার পাইয়াছেন, ইহাও সাহিত্য-পরিষদের পক্ষে আনন্দের বিষয়। আগামী বৎসর ময়মনসিংহে সাহিত্য-সম্মিলন নিমন্ত্রিত হইয়াছে।

উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলন

এই সম্মিলনের কর্ম্মক্ষেত্র উত্তরবঙ্গে নিবদ্ধ হইলেও সফলতায় ও উদ্যম-উৎসাহে এই সম্মিলন কোন বিষয়েই ন্যূন নহেন। আসাম গৌরীপুরের মাননীয় রাজা প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুরের নিমন্ত্রণে উত্তরবঙ্গ সম্মিলন তাঁহার রাজভবনেই সম্পাদিত হয়। রাজাবাহাদুর স্বয়ং যেখানে নিমন্ত্রণকর্ত্তা, সেখানে সফলতায় বিস্মিত হইবার হেতু নাই। উত্তরবঙ্গের সাহিত্যরথারা সম্মিলনে উপস্থিত ছিলেন; এবং অক্ষয় বাবু শশধর বাবু প্রভৃতি উপস্থিত হইয়া তাঁহাদের জ্ঞানপ্রচার কার্য্যে নিযুক্ত হইয়াছিলেন। গৌহাটী কলেজের অধ্যাপক পণ্ডিতবর পদ্মনাথ ভট্টাচার্য্য—যাঁহার উৎসাহ ও উদ্যম দুর্ব্বলের হৃদয়ে বলসঞ্চার করে,—তিনি সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। বলা বাহুল্য এই সম্মিলনেও পুরাতত্ত্ব বিশেষরূপে আলোচিত হইয়াছে। আগামী বৎসর মালদহে উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলন ঘটিবে।

রমেশ-ভবন।

সাহিত্য পরিষদের অন্যতম স্থাপনকর্ত্তা ও প্রথম সভাপতি ৺রমেশচন্দ্র দত্তের স্মৃতিরক্ষা বিষয়ে উদ্যোগের কথা পূর্ব্বেই কিছু কিছু বলা হইয়াছে। রমেশবাবুর মৃত্যুর পর প্রকাশ্য সভা আহ্বান করিয়া স্মৃতিরক্ষার ব্যবস্থা সম্বন্ধে পরিষৎ বিবেচনা করিতে-ছিলেন। ইতিমধ্যে ভাগলপুরে সাহিত্য-সম্মিলন সংঘটিত হওয়ায় সেই সম্মিলনে দেশের

ভিন্ন ভিন্ন স্থানের গণ্য মান্য প্রতিনিধি উপস্থিত হইবার সম্ভাবনা দেখিয়া সেই সম্মিলনেই এতৎসম্বন্ধে প্রস্তাব উপস্থিত করা সঙ্গত বলিয়া স্থির করা হয়। তদনুসারে কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুসারে সাহিত্য-পরিষৎ-সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী সম্মিলনের দ্বিতীয় দিবসে কার্য্যারম্ভেই নিম্নলিখিত প্রস্তাব উপস্থিত করেন :—(প্রস্তাব)—"বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের প্রথম অধিবেশনে যে "সারস্বত-ভবন" প্রতিষ্ঠার প্রস্তাব হইয়াছিল, এই অধিবেশনও সেই প্রস্তাব পুনঃ সমর্থন করিতেছেন এবং এই সম্মিলন ইচ্ছা করেন যে ঐ "সারস্বত-ভবন" স্বর্গীয় রমেশচন্দ্রের স্মৃতি-চিহ্ন স্বরূপে "রমেশচন্দ্র-সারস্বত-ভবন" নামে প্রতিষ্ঠাপিত করিবার জন্য সমস্ত ভারতবর্ষের নিকট অর্থসাহায্য প্রার্থনা করা হইবে। এই কার্য্য-নির্ব্বাহের জন্য নিম্নলিখিত ব্যক্তিবর্গকে লইয়া একটি সমিতি গঠিত হইল"—এই উপলক্ষে সম্পাদক পঠিত প্রবন্ধ গত চৈত্র মাসের "সাহিত্য" পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

বিখ্যাত ঐতিহাসিক বাগ্মিপ্রবর শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় মহাশয় এই প্রস্তাব সমর্থন করিলে উহা সম্মিলনকর্ত্তৃক গৃহীত হয় এবং ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের পদস্থ ব্যক্তি-গণকে লইয়া স্মৃতিরক্ষা-সমিতি সেই স্থলেই গঠিত হয়। সম্মিলনের নির্দ্ধারিত যাবতীয় প্রস্তাবের অনুষ্ঠানভার সাহিত্য-পরিষৎই প্রাপ্ত হইয়াছেন। তদনুসারে সাহিত্য-পরিষদের কার্য্যনির্ব্বাহক সমিতির উদ্যোগে সাহিত্য-পরিষৎ মন্দিরে উক্ত স্মৃতিরক্ষা সমিতির অধিবেশন হইয়া গিয়াছে এবং স্মৃতিরক্ষা-সমিতি কার্য্যনির্ব্বাহার্থ কার্য্যকরী সভা নিযুক্ত করিয়াছেন। সাহিত্য-পরিষদের সভাপতি মহাশয় এবার বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনেরও সভাপতি ছিলেন। এই স্মৃতিরক্ষা-সমিতিরও নেতৃত্ব তিনিই অনুগ্রহপূর্ব্বক গ্রহণ করিয়াছেন ; এবং তাঁহার যত্নে ও উৎসাহে রমেশভবন প্রতিষ্ঠার চেষ্টা অচিরেই সফল হইবে, এইরূপ সম্ভাবনা দাঁড়াইয়াছে। পরম আনন্দের বিষয় যে বরোদাধিপতি মহারাজ গাইকোয়াড় রমেশচন্দ্রের স্মৃতিরক্ষার্থ ধন-ভাণ্ডারের পেট্রন পদ গ্রহণে সম্মত হইয়াছেন এবং ধনভাণ্ডারে পাঁচ হাজার টাকা দান করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। স্বয়ং বরোদাধিপতি যেখানে সহায়, সেখানে কার্য্যসিদ্ধি যে অদূরবর্ত্তিনী যে বিষয়ে সংশয় নাই। বরোদাধিপতির এই আদেশ ও অনুগ্রহ বার্ত্তা ভারতবর্ষের প্রধান প্রধান সংবাদ-পত্রাদিতে ঘোষিত হইয়াছে এবং নানা স্থান হইতে ধনভাণ্ডারে সাহায্য প্রতিশ্রুতি আসিতেও আরম্ভ হইয়াছে। বাঙ্গালা-সাহিত্যের পরমবন্ধু ও ভবিষ্যতের আশার স্থল শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় ধনরক্ষকের পদ গ্রহণ করিয়াছেন এবং স্বয়ং এক হাজার টাকা দানে প্রতিশ্রুত হইয়াছেন। রমেশ-ভবন নির্ম্মাণার্থ উপযুক্ত পরিমাণ ভূমির জন্যও চিন্তা করিতে হইবে না ; এজন্য বদান্যবর কাশীমবাজার মহারাজের হস্ত সর্ব্বদাই মুক্ত রহিয়াছে। সাহিত্য-পরিষৎও তাহার মন্দিরে যে সকল প্রাচীন মুদ্রা, তাম্রশাসন, দেবমূর্ত্তি, কীর্ত্তিনিদর্শন প্রভৃতি সংগ্রহে প্রবৃত্ত হইয়াছেন, এবং কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় প্রভৃতি সদাশয় বন্ধুর প্রবর্ত্তনায় ও ব্যয়ে যে সকল মহার্ঘ দ্রব্য সংগৃহীত হইতে চলিয়াছে, তাহা নবনির্ম্মিত রমেশমন্দিরে স্থানলাভ করিয়া বাঙ্গালীর জাতীয় চিত্রশালা গঠন করিবে এইরূপ আশা আছে ; এই কার্য্যে সাহায্যের জন্য প্রত্যেক বাঙ্গালীকে এই অবসরে পরিষৎ আহ্বান করিতেছেন।

যে সকল পত্রিকাসম্পাদক রমেশ-ভবন সম্বন্ধে বিবরণ ও বিজ্ঞাপনাদি প্রকাশ করিয়া সাহায্য করিয়াছেন, তাঁহারা পরিষদের কৃতজ্ঞতা গ্রহণ করুন।

উপসংহার।

উল্লিখিত সংক্ষিপ্ত বিবরণ হইতেই বুঝা যাইবে, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কিরূপ দ্রুতবেগে উন্নতির পথে উঠিতেছেন। পরিষদের কর্ম্মক্ষেত্রের পরিধি কিরূপ প্রসার লাভ করিতেছে ও কিরূপ বৈচিত্র্যপূর্ণ হইয়া উঠিতেছে, তাহারও কতক পরিচয় এই বিবরণ হইতে পাওয়া যাইবে। এক বৎসর মাত্র হইল পরিষৎ নূতন গৃহে প্রবেশ করিয়াছেন, ইহার মধ্যেই তাঁহার জীবন-শক্তি যেরূপ খরস্রোতে বহিতে আরম্ভ করিয়াছে, তাহা সমস্ত বাঙ্গালী জাতির পক্ষে কল্যাণজনক। বস্তুতঃ সমগ্র বাঙ্গালীজাতি নূতন আশা ও নূতন আকাঙ্ক্ষা লইয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মুখের দিকে চহিয়া রহিয়াছেন। বঙ্গীয়-সাহিত্য পরিষৎ নূতন পথ অবলম্বন করিয়া বাঙ্গালীর জাতীয়তা গঠনে প্রবৃত্ত হইয়াছেন। এই মহৎ কার্য্যে সমুদয় দেশের সাহায্য ও সহানুভূতি আহ্বানে পরিষদের অধিকার জন্মিয়াছে। জাতীয় সাহিত্যই জাতীয় উন্নতির সর্ব্বোৎকৃষ্ট, সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বাপেক্ষা স্থায়ী নিদর্শন; সাহিত্যের উৎকর্ষেই জাতীয় উৎকর্ষ সর্ব্বদেশে ও সর্ব্বকালে পরিমিত হইয়া থাকে। দেশের মধ্যে যে নূতন ভাব জাগ্রত হইয়াছে, নূতন আকাঙ্ক্ষা উদ্দীপিত হইয়াছে, জাতীয় সাহিত্যই তাহাকে প্রকৃষ্ট পথে চালনা করিবে। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ নবীন উদ্যমে নবীন উৎসাহে যে ব্রত গ্রহণ করিয়াছেন, বিধাতা তাহার উদ্যাপনে সহায় হউন।

সাহিত্য-পরিষদের যে সকল সভ্যগণ ও কর্ম্মচারিগণ ও বন্ধুগণ সময়ে-অসময়ে সম্পাদককে তাঁহার কর্ত্তব্য পালনে নানারূপে সাহায্য করিয়াছেন, যাঁহাদের যত্ন, পরিশ্রম ও আন্তরিক শ্রদ্ধা ও অনুরাগ ব্যতীত সুষ্ঠুভাবে কোন কর্ম্মই সম্পাদিত হইত না, তাঁহাদের প্রতি অন্তরের গভীর কৃতজ্ঞতা প্রকাশ করিয়া পরিষদের ষোড়শ সাংবৎসরিক কার্য্যবিবরণী সমাপ্ত করা গেল।

সাহিত্য-পরিষৎ-মন্দির
২৯ বৈশাখ, ১৩১৭

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
সম্পাদক।

পরিশিষ্ট

বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রের তালিকা

Daily—১। Amita Bazar Patrika. ২। Indian Mirror. ৩। Hindu Patriot. ৪। Bengalee. ৫। নায়ক।

সাপ্তাহিক। ৬। বঙ্গবাসী। ৭। সঞ্জীবনী। ৮। বসুমতী।
৯। সময়। ১০। আনন্দবাজার-পত্রিকা। ১১। বঙ্গবন্ধু। ১২। প্রসূন। ১৩। মিহির ও সুধাকর। ১৪। হিন্দুস্থান। ১৫। শিক্ষা ও সমাচার। ১৬। বরিশালহিতৈষী। ১৭। বৰ্দ্ধমান-সঞ্জীবনী। ১৮। কল্যাণী। ১৯ এডুকেশন গেজেট। ২০। সোলতান।* ২১। হাবড়া-হিতৈষী।* ২২। ঢাকাপ্রকাশ। ২৩। জাগরণ। ২৪। Indian Nation. ২৫। Reis and Rayyet. ২৬। Unity and Minister. ২৭। খুলনাবাসী। ২৮। Telegraph. ২৯। পল্লীবাসী। ৩০। পল্লীবার্ত্তা। ৩১। স্বদেশ।* ৩২। মুর্শিদাবাদ-হিতৈষী। ৩৩। দেশবার্ত্তা। ৩৪। The Indian Empire. ৩৫। একতা।* ৩৬। চব্বিশ-পরগণা-বার্ত্তাবহ। ৩৭। ত্রিপুরা- হিতৈষী। ৩৮। মালদহ সমাচার। ৩৯। গৌড়দূত। ৪০। সমাজদর্পণ।*

পাক্ষিক। ৪১। ধর্ম্মতত্ত্ব।

মাসিক। ৪২। Calcutta University Magazine. ৪৩। Indian Family Doctor. ৪৪। The Bangabasi Magazine, ৪৫। তত্ত্ববোধিনী-পত্রিকা। ৪৬। ভারতী। ৪৭। বঙ্গদর্শন। ৪৮। Dawn. ৪৯। নব্যভারত। ৫০। আর্য্যদর্পণ। ৫১। আর্য্যভূমি। ৫২। আলোচনা। ৫৩। ভিষক্‌দর্পণ। ৫৪। বামাবোধিনী-পত্রিকা। ৫৫। ইন্দিরা। ৫৬। সাহিত্য-সংহিতা। ৫৭। সাহিত্য। ৫৮। কৃষক। ৫৯। উদ্বোধন। ৬০। বিদ্যোদয়। ৬১। হিন্দু-পত্রিকা। ৬২। পূর্ণিমা। ৬৩। আরতি। ৬৪। শিল্প ও সাহিত্য। ৬৫। মানসী। ৬৬। দেবনাগর। ৬৭। আর্য্যবিভূতি।* ৬৮। কল্যাণী। ৬৯। জগজ্জ্যোতি। ৭০। পন্থা। ৭১। অর্চ্চনা। ৭২। প্রবাসী। ৭৩। মহিলা। ৭৪। উপাসনা। ৭৫। কমলা।* ৭৬। জাহ্নবী। ৭৭। ধৰ্ম্মপ্রচারক। ৭৮। নাগরী-প্রচারিণী পত্রিকা। ৭৯। সচ্চাষী-সুহৃদ। ৮০। প্রচার। ৮১। সরল হোমিওপ্যাথি। ৮২। দারোগার দপ্তর। ৮৩। সরস্বতী। ৮৪। Journal of the Asiatic Society of Bengal. ৮৫। নমঃশূদ্র-সুহৃদ্। ৮৬। অলৌকিক-রহস্য। ৮৭। কণিকা। ৮৮। কাজের লোক। ৮৯। কায়স্থ-পত্রিকা। ৯০। শ্রীগৌরাঙ্গ-পত্রিকা। ৯১। গৃহস্থ। ৯২। তত্ত্বমঞ্জরী। ৯৩। তারা। ৯৪। তিলি-বান্ধব। ৯৫। দেবালয়। ৯৬। নবদর্শন।* ৯৭। প্রজাপতি। ৯৮। শ্রীবৈষ্ণব-সেবিকা। ৯৯। মৃণ্ময়ী। ১০০। যোগিসখা। ১০১। শান্তি-কণা। ১০২। সুপ্রভাত। ১০৩। সমাজ। ১০৪। সনাতনী। ১০৫। দি ইউনাইটেড ট্রেড গেজেট।

ত্রৈমাসিক—১০৬। সাহিত্য-পরিষৎ-পত্রিকা—রঙ্গপুর শাখা। ১০৭। হিন্দুসখা, ১০৮। শ্রীবৈষ্ণব সঙ্গিনী।

---

* যতদিন প্রচার বন্ধ হয় নাই ততদিন আসিয়াছিল।

উপহৃত পুস্তক ও পুঁথি

১। পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী

১। শ্রীশ্রীবৈষ্ণব-বন্দনা

২। শ্রীযুক্ত গিরিশচন্দ্র দত্ত বি এ,

১। আর্য্যনীতি বিজ্ঞান

৩। পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ

১। মায়াবাদ

৪। শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার

১। ময়মনসিংহের ইতিহাস

২। সারস্বত কুঞ্জ

৫। শ্রীযুক্ত কুমুদিনীকান্ত গঙ্গোপাধ্যায় বি এ,

১। সিন্ধু-গৌরব

৬। শ্রীযুক্ত রায় লক্ষ্মীনারায়ণ আঢ্য

১। ভাতৃ

৭। শ্রীযুক্ত বিশ্বনিন্দুক রায় ওরফে বি, এন্, রায়

১। হিন্দু-বিজ্ঞান-সূত্র

৮। সার্ রোপার লেথব্রিজ কে, সি, আই, ই

১। India and Imperial Preference

৯। মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর

১। প্রথম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের সম্পূর্ণ বিবরণী সন ১৩১৪ সাল

১০। Librarian,—Imperial Library

১। Imperial Library Catalogue

১১। শ্রীযুক্ত দীননাথ সান্যাল এম্, বি

১। কুমার-সম্ভব কাব্য

১২। ডাক্তার শ্রীযুক্ত পশুপতিনাথ ঘোষ

১। ব্যবসায়ী (শ্রীমহেশচন্দ্র ভট্টাচার্য্য) ২। শ্রীমৎ পরমহংস শিবনারায়ণ স্বামীর উপদেশ (শ্রীমোহিনীমোহন চট্টোপাধ্যায়)

৩। The Society's Registration Act. 1860 (Act No. XXI of 1860) পুস্তিকা

৪। Maharsi Swami (Dayananda Saraswati)

৫। গুরুকুল বিদ্যালয় সম্বন্ধে নিবেদন নামক পুস্তিকা

৬। বেদ বিষয়ে ইংরাজী মতের প্রতিবাদ (শশধর তর্কচূড়ামণি)

৭। Samkhya-yoga Karma Yoga (Swami Atmananda)

১৩। শ্রীযুক্ত মুনীন্দ্রনাথ চট্টোপাধ্যায়

১। সার্ব্বজনীন উপাসনা ও সাম্যবাদ (২ খানা) (শ্রীমৎ সচ্চিদানন্দ স্বামী)

১৪। শ্রীযুক্ত গৌরহরি সেন

১। Plays from Moliere (translation)

২। চৈতন্য-লাইব্রেরীর বাঙ্গলা পুস্তকের তালিকা।

The Chaitanya Library Journal

				Vol	No.
৩।	——	——	——	I	I
৪।	——	——	——	„	2
৫।	——	——	——	„	3
৬।	——	——	——	„	4

১৫। গুজরাট ভার্ণাকিউলার সোসাইটী

১। বুদ্ধিপ্রকাশ ২। ৫০ বৎসরের রিপোর্ট ৩। হীরক-মহোৎসব।

১৬। মিঃ, ডিঃ, এইচ্, হলাণ্ড (Director General, Survey of India)

১। A sketch of the Geography of Geology of the Himalaya Mountains and Tibet

১৭। শ্রীযুক্ত আর্, আর্, সেন

১। The Triumph of Valmiki

১৮। শ্রীযুক্ত সম্পাদক গুজরাট-সাহিত্য-সভা

১। ১ম বার্ষিক রিপোর্ট। (পাঁচখানি)

১৯। শ্রীযুক্ত দক্ষিণারঞ্জন মিত্র-মজুমদার

১। আর্য্য-নারী দ্বিতীয় ভাগ ২। খোকা-খুকুর খেলা (স্বরচিত) ৩। মা বা আহুতি (স্বরচিত)

২০। শ্রীযুক্ত হেমচন্দ্র দাস গুপ্ত

১। Nature Vol. XLV
২। „ „ XLVI
} সাময়িক বৈজ্ঞানিক পত্র

২১। শ্রীযুক্ত যজ্ঞেশ্বর চট্টোপাধ্যায় বিদ্যাবিনোদ

১। নিত্যানন্দ চরিত।

২২। শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত

১। আনার কলি ২। বিক্রমপুরের ইতিহাস (পরিষৎ-গ্রন্থাবলী—২৫ সং)

২৩। মৌলবি দীন মহম্মদ

১। ক্রুসেড ও জেহাদ

২৪। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্

১। সাহিত্য-রত্ন (নরেশচন্দ্র মজুমদার) ২। নববিধান কি ? (কৃষ্ণবিহারী সেন)

৩। উৎকলে শ্রীকৃষ্ণ-চৈতন্য

৪। পরিষদ্-গ্রন্থাবলী বা বিদ্যাপতি ঠাকুরের পদাবলী (শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত সংকলক)

২৫। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

১। বিবাহ বা উদ্বাহ-তত্ত্বের গূঢ় রহস্য (শ্রীবসন্তলাল মিত্র)

২। বাঙ্গালা ব্যাকরণ (পণ্ডিত হৃষীকেশ শাস্ত্রী)

৩। সাহিত্য প্রবেশ, বাঙ্গালা ব্যাকরণ (মহামহোপাধ্যায় প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন)

৪। আরবী শিক্ষক (১ম খণ্ড) (রহিম উদ্দিন)

৫। Opinions on Life of Ramtanu Lahiri (Lethbridge)

৬। The Colour Line in the Indian Educational and Scientific Departments (R. Chatterjea Esq.)

৭। A Dying Race (U. N. Mukherjea Esq.)

৮। Murshidabad District Gazetteer Statistics 1901—02

৯। Bangabasi College Magazine (June 1909)

১০। বিবিধ মাসিক পত্রিকা (৭ সংখ্যা)

১১। পুরুষ বা আত্মা (শ্রীমৎস্বামী হরিহরানন্দ আরণ্য)

১২। Report of the National Council of Education, Bengal 1908

১৩। Calcutta University Convocation Address by the Honourable Mr. Justice Dr. Ashutosh Mukherjea, Saraswati F. R. A. S., F. R. S. E.

১৪। Scheme of Examination (1909) by the National Council of Education, Bengal

১৫। The Froebel Society of Great-Britain and Ireland,—34th Annual Report 1908

১৬। Indian Folklore by Ram Satya Mukherjee

১৭। স্বল্পব্রহ্মচর্য্যবিধি (শ্রীশশিভূষণ ভট্টাচার্য্য)

১৮। চটুলাবিলাপম্ (শ্রীরজনীকান্ত কাব্যতীর্থ)

১৯। রচনা-পদ্ধতি (শ্রীজয়গোপাল কবিরত্ন)

২০। রচনা-পদ্ধতি (শ্রীগিরীন্দ্রকুমার সেন এম্ এ)

২১। ২২। বিবিধ প্রবন্ধ ১ম ও ২য় ভাগ (শ্রীগিরীন্দ্রকুমার সেন এম্ এ)

২৩। সহজে সংস্কৃত শিক্ষা (পণ্ডিত বনমালি বেদান্ততীর্থ এম্ এ)

২৪। মালদহ জাতীয় শিক্ষা সমিতির রিপোর্ট ১ম বর্ষ
(শ্রীবিপিনবিহারী ঘোষ বি এল সম্পাদক)
২৫। বৈরাগ্য শতক (পণ্ডিত বাণেশ্বর বিদ্যালঙ্কার)
২৬। ধর্ম্মতত্ত্ব (মাসিক পত্রিকা)
২৭। পার্সিভাষায় লিখিত পুস্তক
২৮। A key to Professor H. H. Wilson's System of Transliteration
২৯। Translation of Passages from English into Bengali by Mr. P. K. Roy, B. L.
৩০। Report of the Society for the promotion of Technical education in Bengal July 1906—June 1908
৩১। বিবিধ ইংরাজি ও বাঙ্গালা মাসিক পত্রিকা
৩২। ইংলণ্ডে বঙ্গ মহিলা (বঙ্গ মহিলা)
৩৩। অমর। ১ম স্তর। (শ্রীজগচ্চন্দ্র সেনগুপ্ত বি এ)
৩৪। ভাব্‌বার কথা (স্বামী বিবেকানন্দ)
৩৫। সুললিত ইতিহাস (শ্রীরামলাল মিত্র)
৩৬। পঞ্চবটী (শ্রীদেবেন্দ্রনাথ মজুমদার)
৩৭। প্রবন্ধ-পাঠ (শ্রীপূর্ণচন্দ্র দে)
৩৮। রোমাবতীর উপাখ্যান (শ্রীমতী রমাসুন্দরী দেবী)
৩৯। গোপালকামিনী (পণ্ডিত রামনারায়ণ বিদ্যারত্ন)
৪০। Matriculation Practical Geometry by Krishnalal Chatterjea

২৬। শ্রীযুক্ত পর্ব্বতীচরণ তর্কতীর্থ
১। নেত্রার্পণ

২৭। Registrar, Calcutta University
১। History of the Medæval School of Indian Logic (Mahamahopadhyaya Satish ch. Vidyabhushan M. A. Ph. D.
২। Calcutta University Minutes for the year, 1908 Part iii
৩। Do Do 1908 Part vi
৪। Do Do 1909 Part i

২৮। Principal, Sanskrit College.
১। A Descriptive Catalogue of Sanskrit Manuscripts in the Library of the Calcutta Sanskrit College (Pandit Hrishikesh Sastri and Babu Nilmany Chakravarty)

২৯। মহারাজকুমার শ্রীযুক্ত শশিকান্ত আচার্য্য চৌধুরী
শিকার কাহিনী ১ম খণ্ড

৩০। শ্রীযুক্ত দ্বারকানাথ চৌধুরী
১। সুখ-সর্ব্বরী (শ্রীমতী যোগমায়া দেবী)
২। রাধানাথ সঙ্গীত (শ্রীদ্বারকানাথ রায়চৌধুরী
৩। Helps to Conjugation and Parsing. (শ্রীদ্বারকানাথ চৌধুরী)

৩১। শ্রীযুক্ত অবনীন্দ্রনাথ ঠাকুর
১। ভারত শিল্প ২। The Deeper Meaning of the Struggle (A. K. Koomaraswami)

৩২। শ্রীযুক্ত শশিভূষণ বন্দ্যোপাধ্যায়
১। দুর্য্যোধন ২। কাকলী (শ্রীউপেন্দ্রনাথ নাগ)

৩৩। শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত
১। কবিবর ৺মদনমোহন তর্কালঙ্কারের জীবন চরিত এবং গ্রন্থ সমালোচনা ও বাসব দত্তা (৺মদনমোহন)
২। গীতরত্ন গ্রন্থ (৺রামনিধি গুপ্ত)
৩। সচিত্র আয়ুর্ব্বেদোক্ত উদ্ভিদ্ সংগ্রহ (পূর্ণচন্দ্র সাহা)
৪। কাব্যকণা (স্বরচিত)

৩৪। শ্রীযুক্ত ভবানীনাথ রায়
১। হিন্দু-বিজ্ঞান-সূত্র

৩৪। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত
১। মালদহ জাতীয় শিক্ষা সমিতির ১ম বর্ষীয় কার্য্য-বিবরণী (২ খানা)
২। গুরুগোবিন্দ সিংহ

৩৬। শ্রীযুক্ত দৌলত আহাম্মদ এম্ এম্ দাহার
১। মুকুর ২। The Staircase of Improvement
৩। রাজ উৎসব ৪। বঙ্গ ভিখারী ৫। হর্ষাষ্টক ৬। নববোধ (স্বরচিত)

৩৭। শ্রীযুক্ত শরচ্চন্দ্র বসু
১। শকুন্তলা (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)
২। সীতার বনবাস (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)
৩। W. Irving's Rip Van Winkle and the Legend of Sleepy Hollow (Edited by S. Bose)

৩৮। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি
১। বিবিধ মাসিক পত্র (১১০০ সংখ্যা)

৩৯। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১। বনৌষধি দর্পণ ২য় ভাগ (বিরজাচরণ গুপ্ত প্রণীত)

৪। শ্রীযুক্ত অনুকূলচন্দ্র চট্টোপাধ্যায়

১। The New Dispensation—E. B. N. D. Chench.
২। কুসুম মালিকা (যোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত ও প্রকাশিত)
৩। ৺মনোহারিলাল সোমের স্বর্গারোহণে অশ্রুধারা
৪। বিমাতৃক (রাজেশ্বর সাধুখাঁ)
৫। বঙ্গীয় সমালোচক (বাউল ফকিরচাঁদ বাবাজী বিরচিত)
৬। সাত নরী (অঘোরনাথ কুমার প্রকাশক)
৭। ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতাবলী (রামচন্দ্র গুপ্ত সম্পাদিত)
৮। হাতেম তায়ি (বর্দ্ধমান রাজবাটী)

৪১। শ্রীযুক্ত প্রসাদচন্দ্র ঘোষ

১। ভারতের শেষবীর (স্বরচিত)

৪২। Brahmo Tract Society

১। Keshab Chandra Sen on British Rule in India. Reprinted from New Dispensation 1881. ২য় খণ্ড।

৪৩। শ্রীযুক্ত দুর্গাচরণ চক্রবর্ত্তী রায় সাহেব

১। স্থপতি-বিজ্ঞান (স্বরচিত)

৪৪। ডাঃ শ্রীযুক্ত অম্বিকাচরণ মজুমদার

১। চিকিৎসক (আদর্শ হোমিওপ্যাথিক গ্রন্থ, স্বরচিত)

৪৫। শ্রীযুক্ত ডাঃ প্রফুল্লচন্দ্র রায় ডি এস্ সি, পি এচ ডি

১। বাঙ্গালীর মস্তিষ্ক ও তাহার অপব্যবহার (২ খণ্ড স্বলিখিত)
২। A History of Hindu Chemistry vol ii (স্বরচিত)

৪৬। শ্রীযুক্ত আনন্দনাথ রায়

১। ফরিদপুরের ইতিহাস, পরিষৎ-গ্রন্থাবলী—২৭, (স্বরচিত)

৪৭। শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ

১। চাকমাজাতি, পরিষৎ-গ্রন্থাবলী—২৬,—জাতীয় চিত্র ও ইতিবৃত্ত (স্বরচিত

৪৮। Librarian—Government Oriental Manuscripts Library—) Madras

১। A Descriptive Catalogue of the Sanskrit Library.

৪৯। শ্রীযুক্ত সুমনস্ হরিলাল ধ্রুব (আহ্মদাবাদ)

১। প্রবাস পুষ্পাঞ্জলী (এস্, ধ্রুব)

৫০। শ্রীযুক্ত হরকুমার সরকার

১। ইতিহাসমালা (W. Carey) শ্রীরামপুরে ১৮১২ সালে মুদ্রিত)

৫১। ৺সুখবিন্দু সেন গুপ্ত

১। প্রেম-লহরী } দুষ্প্রাপ্য
২। দূতী-বিলাস

৫২। শ্রীযুক্ত রজনীকান্ত মুখোপাধ্যায়

১। চিকিৎসা-প্রণালী ২। ঔষধ-সারসংগ্রহ

৫৩। শ্রীযুক্ত পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায়

১। শৈশব-সহচরী

২। মধুমতী

৫৪। শ্রীযুক্ত নরেন্দ্রনাথ দে

১। অভিনয়-প্রণালী ও অথার,

২। হাসি-কান্না

৫৫ শ্রীযুক্ত নন্দলাল ঘোষাল

১। Diary of an Austrian Secretary of Legation at the Court of Czar Peter the Great Vols. 1—2.
২। Alexandri Magni
৩। Juvenal's Satires.
৪। The Eight books of Medicine of A. C. Celsus Vol. II.
৫। The Indian Evidence Act 1891
৬। The Arian Witness (খণ্ডিত)
৭। The Prayer book
৮। Archœological remains in Cuchh (খণ্ডিত)
৯। Report on the Varnacular newspapers and periodicals published in the N. W. P. during 1872
১০। Indian Epic poetry (Oxford Lectures by Monier Williams)
১১।১২। Taylor's Law of Evidence Vols I & II
১৩। The Pentateuch and the book of Joshua Colenzo
১৪। Anglo-French Dictionary
১৫। Geography
১৬। Scriptures
১৭। Bible Hand book
১৮। Words and Places
১৯। Dramas of Southey
২০। Latin English Dictionary
২১। Josephus' works
২২। Syra Germanica (Christian life)
২৩। Questions and answers for matriculation, etc.
২৪। Papers relating to the uncovenanted service Examination in Madras
২৫। Discourse of Dante (in Latin)
২৬। The Ragulations of the Bengal Code
২৭। A Code of Civil Procedure in Burmese
২৮। Davidson's Precedents and forms in conveyencing

২৯। Greek accidents (Arnold)
৩০। Lectures on the law of Evidence
৩১। Austin's Jurisprudence
৩২। Hebrew and English Lexicen
৩৩। General and Civil Circular of the Judical Commissioner of L. Burma
৩৪। Chreslomathic (A French Book)
৩৫। Indian Penal Code (in Burmese)
৩৬। French Grammar (Eton)
৩৭। Questions for law Students
৩৮। Law of Evidence (Starkie)
৩৯। Leviticus (Greek)
৪০। A Guide to the Examinations at the College of Fort William.
৪১। Several law pamphlets
৪২। Trinunnus
৪৩। A Treatise on French Conjugation
৪৪। Spanish Grammar
৪৫। History of the Greek Dramas
৪৬। A grammar of the Greek language
৪৭। English and Tamil Dictionary
৪৮। Appendix to the Eton Greek Grammar
৪৯। Matriculation Greek paper
৫০। Method of acquiring languages
৫১। Grammar of the Hanse language
৫২। Psalms and Proverbs in Burmese
৫৩। Austin's Jurisprudence Vol. I
৫৪। " " " II
৫৫। Chronological table of Greek and Roman History.
৫৬। The Chinese Repository (Magazine)
৫৭। Gradus-ad-Parnassum (French)
৫৮। Tamil minor poets
৫৯। Indian Antiquary 1888 (Feb. Mar. June)
৬০। The Alps, Switzerland, Savoy and Lombardy
৬১। The Pentateuch and Book of Joshna Colenzo Pt. V.
৬২। Prose works of Henry Ware
৬৩। A synopsis of Criticisms on Old Testament
৬৪। The Examination Directory
৬৫। Nineveh.
৬৬। Literature and the history of the Veda
৬৭। A new and complete Grammar of the Burmese Langauge

৬৮। General Summary of the history of Burmah
৬৯। Report on the administration of Br. Burmah
৭০। Post Office in Br. Burmah
৭১। Euripides' Tragedy.
৭২। Arnold's Greek Prose Composition Part I.
৭৩। " " " " " II.
৭৪। Aeschylus' works
৭৫। A Gazetteer of the Province of Oudh A to G. খণ্ডিত
৭৬। Life and writings of Sallust
৭৭। A Genealogical and Heraldic Dictionary of the landed gentrey of G. Britain and Ireland by J. Burke Vol. I.
৭৮। " " " " II.
৭৯। Latin Hexameters Bland)
৮০। History of the Conquest of Mexico I.
৮১। " " II.
৮২। " " III.
৮৩। Eclogæ Ovidianæ (Arnold)
৮৪। English and Tamil Grammatical Vocabulary
৮৫। Judson's Burmese English Dictionary
৮৬। Euripides' Tragedy (Greek) Vol. II.
৮৭। Greek and Latin lexicon
৮৮। Memoires of Kemble and History of the Stage Vol. I.
৮৯। " " " " Vol. II.
৯০। Hebrew and Chaldei Lexicon
৯১। Petrifactions and their teachings
৯২। Arnold's Latin Prose Composition Part I.
৯৩। Arnold's Latin Prose Composition Part II.
৯৪। A Latin Grammar (Madvig)
৯৫। Roman Antiquities (Alexander Adana)
৯৬। English and Hebrew vocabulary
৯৭। Selections from the Edinburgh Review Vol. I.
৯৮। Selections from the Edinburgh Review Vol. III.
৯৯। Selections from the Edinburgh Review Vol. V.
১০০। A Dutch School Grammar (in Dutch)
১০১।১০২। Persian works
১০৩।১০৪। Burmese works
১০৫। De. Digtees (French)
১০৬। Materials for French Prose Composition
১০৭। Atlas.

৫৬। শ্রীযুক্ত বিপিনবিহারী নন্দী
১। শিখ যুদ্ধকাব্য (স্বরচিত)

৫৭। মৌলবি মোহম্মদ মোজাম্মেল হক্

১। জাতীয়-মঙ্গল (স্বরচিত)

৫৮। শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায় এম্ এ

১। রাজনারায়ণ বসুর আত্ম-জীবনী

৫৯। রায় বাহাদুর কালীপ্রসন্ন বিদ্যাসাগর সি, আই, ই

১। ভ্রান্তিবিনোদ (স্বরচিত)

২। ভক্তির জয় (স্বরচিত)

৩। নিশীথ চিন্তা (ঐ)

৪। প্রভাত চিন্তা (ঐ)

৫। নিভৃত চিন্তা (ঐ)

৬০। শ্রীযুক্ত মুকুন্দলাল চৌধুরী

১। মণিপুরের ইতিহাস (স্বরচিত)

৬১। শ্রীমতী সরোজিনী দেবী

১। আদর্শ জীবনী

৬২। শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বি এল্

১। ভাষা ও আদিরস এবং পরবশতা

২। উপনিষদ্ গ্রন্থাবলী ১ম ভাগ

৬৩। Mr. Jules Bloch

১। Castes et Dialectes En Tamul (স্বরচিত)

৬৪। শ্রীযুক্ত মনোরঞ্জন ঘোষ বি এ

১। বঙ্গীয় শব্দাভিধান (নীলকমল মুস্তফী ১২৪৫ সাল)

৬৫। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন

১। রাঙ্গা পা দুখানি (রসিকলাল দে)

২। কলাপ ব্যাকরণ,—সন্ধিবৃত্তি

৩। ,, ,, চতুষ্টয়বৃত্তি (নবীনচন্দ্র ব্যাকরণতীর্থ)

৪। পুষ্পাঞ্জলি (রসিকলাল দে)

কতকগুলি মাসিক পত্রের সংখ্যা

৬৬। শ্রীযুক্ত প্রসন্নকুমার সেন

১। বিবিধ ধর্ম্ম-সঙ্গীত

৬৭। শ্রীযুক্ত প্রমথনাথ বোস্ বি এস্ সি, এফ্ জি এস্, এম্ আর এ এস্

১। Hindu Civilisation under British rule Vol. I

২। ,, ,, ,, Vol. II

৩। ,, ,, ,, Vol. III

৪। Essays and lectures on the industrial development of India and other Indian subjects.

৫। Notes on the Geology and mineral resources of Mayurbhanj

৬। „ „ Rajpipta State.

৭। „ „ Narnaul District (Patiala State)

৮। „ „ „ of Sikkim

৯। Notes on the Geology of a part of the Tenasserim valley with special reference to the Tendan Kanapying coal-field.

১০। Report on the Um-riling coal-beds, Assam

১১। Note on granite in the districts of Tavoy and Margui

১২। The Darjeeling coal between the Hisu and the Ranithi rivers, explored during season 1889-90

১৩। Memoirs of the geological survey of India Vol. XXI, part I.

৬৮। শ্রীযুক্ত ডাঃ শরচ্চন্দ্র ঘোষ এম্ ডি

১। Life of Dr. Mahendralal Sarkar

৬৯। শ্রীযুক্ত সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়

১। শেফালি

৭০। শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ বি, এল্,

১। শরশয্যা

৭১। পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণ

১। কালিদাস

২। দত্তক-বিধি বিচার

৭২। শ্রীযুক্ত সুখরঞ্জন সেনগুপ্ত

১। শারদীয়াঞ্জলী

২। নবীন কুসুম

৭৩। শ্রীযুক্ত সম্পাদক কায়স্থ পত্রিকা

১। কতকগুলি কায়স্থ পত্রিকা

৭৪। শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ

১। কলাপসার ব্যাকরণ ১ম ভাগ

(শরচ্চন্দ্র ভট্টাচার্য্য সংগ্রাহক)

২। সায়াহ্নস্তোত্রম্

৭৫। শ্রীযুক্ত সম্পাদক শ্রীগৌরাঙ্গ পত্রিকা

১। ব্রহ্মচর্য্য

৭৬। শ্রীযুক্ত অক্ষয়কুমার বসু

১। শ্রীচৈতন্যকথামৃত (স্বরচিত)

২। শিশুবোধ রামায়ণ (ঐ)

৭৭। শ্রীযুক্ত স্যার্ গুরুদাস বন্দ্যোপাধ্যায়

১। জ্ঞান ও কর্ম্ম

৭৮। শ্রীযুক্ত মধুসূদন ভট্টাচার্য্য

১। রত্নমালা ১ম খণ্ড

৭৯। শ্রীযুক্ত সম্পাদক ইউনাইটেড্ রিডিং রুমস্

১। পুস্তকের তালিকা, বাঙ্গালা ও সংস্কৃত বিভাগ

৮০। শ্রীযুক্ত সম্পাদক বাগবাজার রিডিং লাইব্রেরী

১। বাঙ্গালা পুস্তকের তালিকা জুলাই ১৯০৩

২। „ „ „ এপ্রিল ১৯০৮

৮১। শ্রীযুক্ত কালীপদ ভট্টাচার্য্য

১। ব্রহ্মশতকম্

৮২। শ্রীযুক্ত রাধাবল্লভ চতুর্দ্ধুরিণ

১। রাগানুগাদীপিকা

২। রাধাগোবিন্দয়োর্দ্বাদশমাসোৎসবার্চ্চন পদ্ধতিঃ

৮৩। শ্রীযুক্ত ইন্দ্রনারায়ণ ঘোষ বি এল্

১। ভাগলপুর মহাশয় বংশ

৮৪। শ্রীযুক্ত ত্রৈলোক্যনাথ চট্টোপাধ্যায়

১। বিচারপতি দ্বারকানাথ মিত্রের জীবনী

২। বাজীরাও

৩। The Life of Dr. Mohendra Lal Sarker

৮৫। শ্রীযুক্ত মন্মথনাথ চক্রবর্ত্তী

১। সনাতন সাধন-তত্ত্ব বা তন্ত্র-রহস্য

৮৬। শ্রীযুক্ত রামকমল সিংহ—শ্রীরামনারায়ণ বিদ্যারত্নের জীবনী

৮৭। শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়—মোক্ষমূলারের সংস্কৃত ব্যাকরণ

পুঁথি

১। শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়

১। বৈষ্ণব-বন্দনা (দৈবকী-নন্দন) (১০৭৩)

২। নিগম (নরোত্তম দাস) (১০৯৬)

৩। গুরুদক্ষিণা (শঙ্কর দাস) (১১০৮)

৪। রসকদম্ব (যদুনন্দন দাস পণ্ডিত) (১১৮২)

৫। প্রসাদ চরিত্র (কবিচন্দ্র) (১২১৪)

৬। অক্রূরাগমন (কবিচন্দ্র) (১২৩৫)

৭। উদ্ধব-সংবাদ (কবিচন্দ্র) (১২৭৬)

৮। রাস পঞ্চাধ্যায় (গদাধর দাস)

৯। শ্রীকৃষ্ণ-চরিত্র (দ্বিজহরি দাস পণ্ডিত)

১০। স্বরূপবর্ণন (কৃষ্ণদাস)

১১। বৈষ্ণবামৃত (নরোত্তম দাস)

১২। চাণক্য শতকম্ (১২৩৭)

১৩। শিবচরিত্র (কবিচন্দ্র) (১২৩৭)

১৪। অঙ্গদ রায়বার (ঐ) ১২৪০)

১৫। বস্ত্রহরণ (ঐ)

১৬। দ্রৌপদীর বস্ত্রহরণ (ঐ)

১৭। জগন্নাথ চরিত্র (জয়ানন্দ)

১৮। গোবিন্দমঙ্গল (দ্বিজ পঞ্চানন্দ)

১৯। গোপাল-বিজয় (কবিশেখর)

২০। শ্রীমদ্ভাগবতসার (দ্বিজ মাধব)

২১। হরিনামামৃত ব্যাকরণ

২২। শক্তিশৈল (রামায়ণ) (১২৭৪)

২৩। কিষ্কিন্ধ্যাকাণ্ড (রামায়ণ) কৃত্তিবাস (১২২৪)

২৪। অযোধ্যাকাণ্ড (ঐ) (১২৭৮)

২। শ্রীযুক্ত কামিনীনাথ রায়

শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন মহাশয়ের নিকট হইতে সংগৃহীত

১। চৈতন্য ভাগবত (সম্পূর্ণ)

২। চৈতন্যদেবের হস্তাক্ষরের ফটো

৩। শ্রীযুক্ত মনোরঞ্জন ঘোষ বিএ, (শ্রীযুক্ত যদুনাথ সরকার এম্ এ মহাশয়ের সংগৃহীত)

১। মনসামঙ্গল (ক্ষেমানন্দ)

২। বিরাটপর্ব্ব (কাশীরাম দাস)

৪। শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী

১। কতকগুলি পুঁথি

৫। শ্রীযুক্ত রামমোহন সরকার

১। রাধিকার জন্মকথা

৬। শ্রীযুক্ত রায় যাদবচন্দ্র চক্রবর্ত্তী বাহাদুর

১। কুলশাস্ত্র-দীপিকা

৭। শ্রীযুক্ত উমেশচন্দ্র বসু

১। উপসর্গ।

১৩১৬ সালের আয়-ব্যয় বিবরণ

আয়

বিবরণ		টাকা
চাঁদা		৫৬৫৩।৵০
প্রবেশিকা		৩৩৭৲
পুস্তক-পত্রিকা বিক্রয়		১০০৸৵০
বিবিধ আয়		৯॥০
এককালীন দান		১২১৪৲
আমানত হাওলাত	৫৮৮/১০	
গ্রহণ	৫০০৲	১০৮৮/১০
	১০৮৮/১০	
		৮৪৫২৸/১০

কৈফিয়ত

গত বর্ষের উদ্বৃত্ত	২১৭॥৶০
বর্ত্তমান বর্ষের আয়	৮৪৫২৸/১০
	৮৬৭০॥১০
বর্ত্তমান বর্ষের ব্যয়	৮৩১০।৶০
উদ্বৃত্ত	৩৬০/১০

পরীক্ষায় দেখা গেল হিসাব পরিশুদ্ধ।

শ্রীগৌরীশঙ্কর দে
আয়-ব্যয়-পরিদর্শক।

শ্রীসারদাচরণ মিত্র,
সভাপতি

ব্যয়

বিবরণ		টাকা
বেতন		১২৮৭॥৵০
এলাউন্স		৩৫২৲
কমিশন		২৩২৸৫
বাড়ীভাড়া ও ট্যাক্স		২৭৫৶০
আলোক		২৫৬৸৶০
বিবিধ ডাকমাশুল		৪৯৫॥/০
বিবিধ ব্যয়		৩১০।৶১০
দপ্তর সরঞ্জামী		১২২॥/০
আসবাব		১৯২/১০
পত্রিকামুদ্রণ		১৯৪৭৸/০
কাগজ	৬৩৫৸৶০	
মুদ্রণ	৮১০৸০	
ছবি	১১৬৵০	
ডাকমাশুল	৩৩৩৲	
দপ্তরী	৫২৲	
	১৯৪৭৸/০	
গ্রন্থাবলী মুদ্রণ		৪০০৲
বিবিধ মুদ্রণ		৩২৮৵০
অতিরিক্ত ব্যয়		৭৬২৸৶১০
পুস্তকালয়		৪৬৪৸১৫
পুস্তক খরিদ	৩২৮/০	
দপ্তরী	১৩৬॥৶১৫	
	৪৬৪৸১৫	
হাওলাত		৮২১॥১০
শোধ	৮২১॥১০	
		৮৩১০।৶০

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
ধনরক্ষক

শ্রীরামকমল সিংহ
হিসাব-রক্ষক

১৩১৭ সালের আনুমানিক আয়-ব্যয়

আয়		ব্যয়	
চাঁদা	৭৫০০৲	বেতন ও এলাউন্স	২৪৫০৲
প্রবেশিকা	৩০০৲	বাড়ীভাড়া, ট্যাক্স, ও আলোক	৬০০৲
পুস্তক ও পত্রিকা বিক্রয়	১০০৲	কমিশন	৪৫০৲
The Executive Committee of the Maharashtra Literary Conference deem themselves to be under a deep obligation to you for having kindly taken the trouble to attend the Conference. The co-operation and sympathy of men living in distant parts of India, with the cause of the conference are greatly appreciated and the success of the conference was cheifly due to them. You will kindly accept our sincere thanks for the same. Your utterances at the conference were peculiarly valued as proceeding from one who had bestowed great thought and study on the subjects dealth with.

You will kindly communicate our thanks to the Bangya Sahitya Parishad of Bengal for their having deputed to the Conference as their delegate a man so eminently qualified as yourself.

I beg to remain
Yours, sincerely
Sampatrao Gaekwad
Chairman of the Reception Committee.
(Maharashtra Literary Conference, Baroda

রঙ্গপুর শাখা-পরিষৎ

১৩১৬ বঙ্গাব্দে এ সভার পঞ্চম বর্ষ শেষ হইয়াছে।

আলোচ্যবর্ষে সভ্যসংখ্যা—প্রথম শ্রেণীর		১৬০
	দ্বিতীয় শ্রেণীর	১৪৪
	বিশেষ সভ্য	৭
	বিশিষ্ট সভ্য	৪
	আজীবন সভ্য	১
	মোট	৩১৬

এতদ্ব্যতীত এ সভায় ৩ জন ছাত্রসভ্য ছিলেন, তন্মধ্যে ১ জন স্থানান্তরে যাওয়ায় তাঁহাকে সভার নিয়মানুসারে সভ্যপদ হইতে অপসৃত করা হইয়াছে।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি আনন্দের সহিত বিজ্ঞাপিত করিতেছেন যে কুচবিহারাধিপতি শ্রীযুক্ত মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর জি, সি, আই, ই, সি, বি, এ, ডি, সি, মহোদয় এ সভায় এককালীন ৫০০৲ চাঁদা দিয়া আজীবন সভ্যপদ গ্রহণ করিয়াছেন।

আলোচ্যবর্ষে এ সভার প্রথম শ্রেণীর ১ জন, এবং দ্বিতীয় শ্রেণীর ২ জন মোট ৩ জন সভ্যের মৃত্যু হইয়াছে। তাঁহাদিগের মধ্যে সভার অন্যতম সহকারী-সম্পাদক ও নলডাঙ্গার ভূম্যধিকারী স্বর্গীয় সুরেশচন্দ্র লাহিড়ী মহাশয়ের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য।

১১।১২ই আষাঢ় শ্রীযুক্ত শশধর রায় এম্‌এ, বিএল্, মহাশয়ের সভাপতিত্বে এই সভার চতুর্থ সাংবৎসরিক অধিবেশন, সহিত্যিক প্রদর্শনী ও সান্ধ্যসম্মিলনাদি সুসম্পন্ন হইয়াছিল। আলোচ্যবর্ষে এই সভার ১২টি মাসিক অধিবেশন হইয়াছিল ও এই সমস্ত সভাতে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছিল :—

অধিবেশন	প্রবন্ধ	প্রবন্ধলেখক
১ম অধিবেশন	১। বাণরাজার বাড়ী	শ্রীযুক্ত কেদারনাথ সেন
	২। পাহাড়পুরের পুরাতন স্তূপ	শ্রীযুক্ত শ্রীরাম মৈত্রেয়
	৩। রঙ্গপুরের গ্রাম্য-সঙ্গীত-সংগ্রহ	শ্রীযুক্ত বৃন্দাবনচন্দ্র ভট্টাচার্য্য
	৪। ভাওয়াই গ্রাম	মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন
২য় "	৫। বোধিসত্ব লোকনাথ ও বজ্রাসন বুদ্ধমূর্ত্তি	শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়
৩য় "	৬। মলদ ও মালদহ	" রাধেশচন্দ্র শেঠ বি এল্
৪র্থ "	৭। আয়ুর্ব্বেদে ম্যালেরিয়া	" কবিরাজ শরচ্চন্দ্র লাহিড়ী আয়ুস্তত্ত্ব-বিশারদ
৫ম "	৮। পৌণ্ড্রদেশ নির্ণয়	" প্রভাসচন্দ্র সেন বি এল্
৬ষ্ঠ "	৯। রঙ্গপুরের শিল্পেতিহাস	" কালীকান্ত বিশ্বাস
৭ম "	১০। সত্যপীর	" পঞ্চানন সরকার এম্ এ, বিএল্
৮ম "	১১। আহমরাজ রুদ্রদেব সিংহের তাম্রশাসন	" রাখালদাস বন্দ্যোপাধ্যায়
৯ম "	১২। কবি জীবন মৈত্রেয়	" মোহিনীমোহন মৈত্রেয়
১০ম "	১৩। শ্রীশ্রীউমা মহেশ্বর বা বাভ্রবীকায়া	" বিপিনচন্দ্র কাব্যরত্ন
	১৪। আয়ুর্ব্বেদের অবনতির কারণ ও তাহার প্রতি-কারের উপায়	" পূর্ণেন্দুমোহন সেহানবীশ
১১শ "	১৫। জীমূতবাহন	" কালীকান্ত বিশ্বাস
	১৬। মুগার চাষ	" কুমুদবিহারী রায়

এই সমস্ত অধিবেশনে নিম্নলিখিত দ্রব্যাদি প্রদর্শিত হইয়াছিল :—

অধিবেশন	দ্রব্য	প্রদর্শক
১ম "	১। বর্দ্ধনকুটীর রাজা ভগবানের দেবমন্দিরের ইষ্টকলিপি,	শ্রীযুক্ত কালীকান্ত বিশ্বাস
	২। পাবনার জোড় বাঙ্গলার আলোকচিত্র—	শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ।
৩য় "	৩। বোধিসত্ব লোকনাথ ও বজ্রাসন বুদ্ধমূর্ত্তির আলোকচিত্র	কৃষ্ণলাল চৌধুরী
৬ষ্ঠ "	৪। রঙ্গপুর মন্থনার প্রাচীন চণ্ডীমণ্ডপের কারুকার্য্যময় ইষ্টক	জগদীশনাথ মুখোপাধ্যায়
	৫। প্রাচীন তাম্রমুদ্রা	সুরেন্দ্রনাথ বক্সী
৭ম "	৬। রঙ্গপুর বামনডাঙ্গার জীর্ণ মন্দিরের ইষ্টকলিপি	পূর্ণেন্দুমোহন সেহানবীশ

অধিবেশন		প্রবন্ধ	প্রবন্ধ-লেখক
		৭। সের সাহের স্বুবর্ণমুদ্রা	শ্রীযুক্ত মৃত্যুঞ্জয় রায় চৌধুরী
৮ম	„	৮। আটটি বিভিন্ন দেশীয় তাম্রমুদ্রা	„ বসন্তকুমার লাহিড়ী
		৯। কাকিনার নিকট প্রাপ্ত ধাতবপদার্থ	„ পূর্ণেন্দুমোহন সেহানবীশ
		১০। রাজসাহী দারাচপুরের সূর্য্যমূর্ত্তির আলোকচিত্র	„ শ্রীরাম মৈত্রেয়
৯ম	„	১১। হাজার মসলা ও গোলেবকাম্নলী নামক প্রাচীন পুঁথি	„ সৈয়দ নুরুল হোসেন কাশীমপুরী
১০ম	„	১২। কয়েকখানি প্রাচীন পুঁথি	„ বসন্তকুমার লাহিড়ী
১১ম	„	১৩। নওডাঙ্গার ১১৪৬ সালের লিখিত শিবমন্দিরের চিত্র	„ পূর্ণেন্দুমোহন সেহানবীশ
	„	১৪। প্রাচীন মুদ্রা (পারসিক লিপিযুক্ত পাঠ উদ্ধৃত হয় নাই)	
	„	১৫। বগুড়ার সাধককবি গোবিন্দচন্দ্র চৌধুরীর স্বহস্ত-লিখিত অপ্রকাশিত সঙ্গীত- [illegible]	„ হরগোপাল দাসকুণ্ডু

নির্দ্দিষ্ট একাদশটি মাসিক অধিবেশন ব্যতীত আলোচ্য বর্ষে এই সভার উদ্যোগে দুইটি বিশেষ সভার অধিবেশন হইয়াছিল। প্রথম অধিবেশন শ্রীযুক্ত জে, ভ্যাস, আই, সি, এস্ মহোদয়ের সভাপতিত্বে রঙ্গপুর জেলা স্কুলগৃহে হয়। মহিমারঞ্জন-সারস্বত-ভবন প্রতিষ্ঠার প্রস্তাব এই অধিবেশনে গৃহীত হয়। এই প্রস্তাব কার্য্যে পরিণত করিবার নিমিত্ত রঙ্গপুরের সকল শ্রেণী হইতে বিশিষ্ট ব্যক্তিগণকে লইয়া একটি সমিতি গঠিত হয়। শ্রীযুক্ত জে, ভ্যাস মহাশয় উক্ত সমিতির সভাপতি, মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন মহাশয় সহকারী-সভাপতি, শ্রীযুক্ত পণ্ডিত ভবানীপ্রসন্ন লাহিড়ী কাব্যব্যাকরণতীর্থ ধনরক্ষক ও শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী মহাশয় সম্পাদক নিযুক্ত হন। শ্রীযুক্ত জে, ভ্যাস মহাশয় স্থানান্তরে গমন করায় শ্রীযুক্ত ম্যাক্‌হুইনি আই সি এস্ মহোদয় ঐ সমিতির সভাপতি নিযুক্ত হইয়াছেন। ২য় অধিবেশনে মূল পরিষদের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয়ের রঙ্গপুর শুভাগমন উপলক্ষে এই সভার পক্ষ হইতে তাঁহাকে অভিনন্দিত করা হয়। তদুপলক্ষে শ্রীযুক্ত হরগোপাল দাসকুণ্ডু মহাশয় "বগুড়ার বৌদ্ধ যোগী" নামক সচিত্র প্রবন্ধ পাঠ করেন।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনে গৌরপুরে উপস্থিত হইবার জন্য ৪৫ জন প্রতিনিধি নির্ব্বাচিত হন। ভাগলপুরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে নিম্নলিখিত ব্যক্তিগণ প্রতিনিধিরূপে উপস্থিত ছিলেন ;—

শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র রায়চৌধুরী
„ জগদীশনাথ মুখোপাধ্যায়
„ হরগোপাল দাসকুণ্ডু
„ পূর্ণেন্দুমোহন সেহানবীশ
„ হরেন্দ্রচন্দ্র লাহিড়ী
„ উপেন্দ্রচন্দ্র কুণ্ডু
„ সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী
„ অক্ষয়কুমার মৈত্রেয়
„ রাধেশচন্দ্র শেঠ

গৌরীপুরে আহূত উত্তর-বঙ্গ-সাহিত্য সম্মিলনের প্রস্তাব অনুসারে এই সভার কার্য্য-নির্ব্বাহক সমিতি উত্তর-বঙ্গ-সাহিত্য সম্মিলনীর স্থায়ী কার্য্যকারিণী সমিতিরূপে সম্মিলনীর যাবতীয় কর্ম্মভার গ্রহণ করেন।

আলোচ্যবর্ষে সভার গ্রন্থাগারে ২টি রৌপ্য মুদ্রা ক্রীত হইয়াছে ও ২৭ রৌপ্য ও তাম্রমুদ্রা উপহার পাওয়া গিয়াছে। আলোচ্যবর্ষে এই সভার গ্রন্থাগারে ৩৫ খানি প্রাচীন দুষ্প্রাপ্য গ্রন্থ সংগৃহীত হইয়াছে ও ৫৩ খানি গ্রন্থ উপহার পাওয়া গিয়াছে।

প্রাচীন পুঁথি সংগ্রহ কার্য্যে সভার উৎসাহী সভ্য শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ, শ্রীযুক্ত কালীকান্ত বিশ্বাস ও শ্রীযুক্ত বসন্তকুমার লাহিড়ী মহাশয়ত্রয় বিশেষ সাহায্য করিয়া সভার কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

আলোচ্যবর্ষে এই সভার মুখপাত্র রঙ্গপুর সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে বাঙ্গালা ও আসাম হইতে প্রকাশিত নিম্নলিখিত সাপ্তাহিক ও মাসিক পত্রিকাদি প্রাপ্ত হওয়া গিয়াছে :—(মাসিক) বঙ্গদর্শন, The Dawn Magazine, হিন্দু সখা গৃহস্থ, মানসী হিন্দুপত্রিকা, বসুধা, সাহিত্য-সংহিতা, বাঁশী, আলোচনী, ঊষা, কৃষি-সমাচার,আরতী, অলৌকিক-রহস্য, সনাতন, বাণী, ঐতিহাসিক চিত্র, জন্মভূমি, উপাসনা, জগজ্জ্যোতি। ত্রৈমাসিক—সাহিত্য-পরিষৎ-পত্রিকা। (সাপ্তাহিক) হিন্দুরঞ্জিকা, মালদহ-সমাচার, গৌড়দূত বঙ্গজননী, রঙ্গপুর দর্পণ, শিক্ষা-সমাচার, আসামবন্তী, বসুমতী। এই জন্য এই সমস্ত পত্রিকার সম্পাদকগণের নিকটে সভা কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

রঙ্গপুরের কবি দ্বিজকমললোচন প্রণীত সুবৃহৎ চণ্ডিকা-বিজয় কাব্য কুণ্ডীর অন্যতম ভূম্যধিকারী শ্রীযুক্ত মৃত্যুঞ্জয় রায়চৌধুরী মহাশয়ের ব্যয়ে সম্পূর্ণ মুদ্রিত হইয়া বিতরিত হইয়াছে। শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয় রচিত গৌড়ের ইতিহাস (হিন্দুরাজত্ব) গ্রন্থের মুদ্রণ কার্য্য প্রায় শেষ হইয়াছে, আগামী বর্ষের প্রারম্ভেই উহা বিতরিত

হইবে। অদ্ভুতাচার্য্যের সুবৃহৎ রামায়ণ গ্রন্থের প্রকাশ কার্য্য নানাকারণে আলোচ্যবর্ষে আরব্ধ হয় নাই। আগামী বৎসরে ঐ গ্রন্থের প্রকাশ-কার্য্য আরম্ভ হইবে। দীঘাপতিয়া রাজকুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ, ঐ গ্রন্থ প্রকাশের ব্যয় নির্ব্বাহার্থ ৫০০৲ দান করিতে স্বীকার করিয়াছেন ও এই টাকার মধ্যে দুইশত টাকা পাঠাইয়া দিয়াছেন। তজ্জন্য তিনি এ সভার এবং বঙ্গবাসী মাত্রেরই বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

রঙ্গপুর-বিবরণ প্রকাশার্থ রঙ্গপুর ডিষ্ট্রীক্ট বোর্ড ১৯১০-১১ ইংরেজী অব্দের জন্য ৩০০৲ মাত্র সাহায্য মঞ্জুর করিয়া সভার কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। সভার কার্য্য-সমিতি আশা করেন বোর্ড শাখা-সভায় একটি বার্ষিক সাহায্য স্থায়ীভাবে প্রদান করিয়া গ্রন্থাদি প্রকাশ ও ঐতিহাসিক নিদর্শনাদি সংগ্রহ ও রক্ষার উপায় বিধান করিবেন।

শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি, এল্ মহাশয়ের সভাপতিত্বে এবং গ্রন্থ ও পত্রিকা-প্রকাশ সমিতির সুপরিচালনায় আলোচ্যবর্ষে এই পত্রিকার চারি সংখ্যা চিত্রাদিসহ প্রকাশিত এবং সর্ব্বত্র সমাদৃত হইয়াছে। লণ্ডন আসিয়াটিক সোসাইটী কর্ত্তৃক সাগ্রহে এই পত্রিকার গ্রহণ সংবাদই ইহার প্রমাণরূপে উল্লিখিত হইতে পারে। এই পত্রিকার ৪র্থ ভাগে নিম্নলিখিত প্রবন্ধাদি প্রকাশিত হইয়াছে।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

চতুর্থ ভাগের সূচী—১৩১৬ বঙ্গাব্দ।

পরিশিষ্ট

রঙ্গপুর-সাহিত্য-পরিষৎ-পত্রিকার চতুর্থ ভাগের

চিত্র-সূচী

২১ বগুড়ায় উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন—১৮।১৯ মাঘ, ১৩১৫ বঙ্গাব্দ
২২ ঐ সভাপতি মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন
২৩ মাধাই নগরের লক্ষ্মণ সেন দেব প্রদত্ত তাম্রশাসন (প্রথম পৃষ্ঠা)
২৪ ঐ (দ্বিতীয় পৃষ্ঠা)
২৫ গৌরীপুর উত্তরবঙ্গ-সাহিত্য-সাম্মিলনের অভ্যর্থনা-সমিতির সভাপতি অনারেবল শ্রীযুক্ত রাজা প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর।

পরিশেষে সভার অনুগ্রাহক ও উৎসাহী সভাবৃন্দের নিকটে কৃতজ্ঞতা জ্ঞাপন করিয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই পঞ্চম সাম্বৎসরিক কার্য্য-বিবরণ শেষ করিতেছেন। ইতি—

শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
সম্পাদক

ভাগলপুর-শাখা

আলোচ্যবর্ষের শেষে শাখা-পরিষদের সভ্যসংখ্যা ৩৮ জন ছিল। বর্ত্তমান বর্ষে শাখা-পরিষদের পুস্তকাগারে ৩৪০ থানা পুস্তক ছিল। এই পুস্তকাগারের সংরক্ষণ ও পুস্তক-বিতরণের ভার স্থানীয় কলেজের কতিপয় ছাত্রের উপর ন্যস্ত ছিল। তাহারা এই জন্য শাখা-পরিষদের ধন্যবাদার্হ।

আলোচ্যবর্ষে নিম্নলিখিত মহোদয়গণ কর্ম্মচারী নিযুক্ত ছিলেন :—

শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায় বিএল্—সভাপতি
„ প্রভাচরণ বন্দ্যোপাধ্যায় এম্‌এ, বিএল্—সহকারী সভাপতি
„ সারদামোহন ভট্টাচার্য্য এম্‌এ—সহকারী সভাপতি
„ মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়—সম্পাদক
„ গিরীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এম্‌এ, বিএল্ }
„ কুমুদনাথ চক্রবর্ত্তী এম্‌এ } সহকারী সম্পাদক
„ সত্যসুন্দর বসু বিএল্ }

বর্ত্তমান বর্ষে শাখা-পরিষদের আয় ত্রিশ টাকা চারি আনা ও ব্যয় তিন টাকা ছয় আনা। আলোচ্যবর্ষের শ্রীপঞ্চমীর অবকাশে ভাগলপুরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের তৃতীয় অধিবেশন হয়। এই অধিবেশনে শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্‌এ, বিএল্, মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। (এই সম্মিলনের সংক্ষিপ্ত বিবরণ পঞ্জিকায় প্রকাশিত হইল)। এই বৃহৎ

কার্য্যের উদ্যোগে ও অনুষ্ঠানে সর্ব্বাংশভাবে ব্যাপৃত থাকায় শাখা-পরিষৎ স্বীয় সাধারণ কার্য্যাদির প্রতি বিশেষ মনোযোগ দিতে পারেন নাই। ভাগলপুর ইন্‌ষ্টিটিউটের কর্ত্তৃপক্ষ শাখা-পরিষৎকে নানা প্রকার সাহায্য করায় শাখা-পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞ। অর্দ্ধমূল্যে উদ্বোধন দেওয়ার জন্য উদ্বোধন-পরিচালকগণ শাখা-পরিষদের ধন্যবাদার্হ।

শ্রীমণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

সম্পাদক।

মুর্শিদাবাদ-শাখা

আলোচ্য বর্ষে এই শাখা-পরিষদের সভাসংখ্যা ৯৫ জন ছিল। মাননীয় শ্রীমন্মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর এই শাখা-পরিষদের স্থায়ী সভাপতি, শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন এম্ এ, বিএল্ সম্পাদক, শ্রীযুক্ত যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায় সহকারী-সম্পাদক নিযুক্ত ছিলেন। আলোচ্য বর্ষে এই শাখা-পরিষদের দুইটি বিশেষ ও তেরটি নিয়মিত অধিবেশন হইয়াছিল। এই দুইটি অধিবেশনে ৺নবীনচন্দ্র সেন ও ৺রমেশচন্দ্র দত্ত মহোদয়দ্বয়ের পরলোক গমনে শোকপ্রকাশ করা হয়। নিয়মিত তেরটি অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধ-লেখক কর্ত্তৃক নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছিল :—

	প্রবন্ধের নাম।	প্রবন্ধ-লেখকের নাম।
১।	বঙ্গসাহিত্যের উৎকর্ষ-বিধান	অধ্যাপক শ্রীযুক্ত ভূষণচন্দ্র দাস এম্ এ,
২।	মুরশিদাবাদের বর্ত্তমান অবস্থা	„ „ মোহিনীমোহন রায় এম্ এ,
৩।	ব্রহ্মচর্য্য	„ শশিভূষণ ভট্টাচার্য্য বিএ,
৪।	হিন্দুর জ্যোতিষ	অধ্যাপক বৈকুণ্ঠচন্দ্র রায় এম্ এ,
৫।	হিন্দুজাতির ক্ষয় ও তন্নিবারণের উপায়	„ রাধাচরণ মুখোপাধ্যায় বিএল্,
৬।	বাঙ্গলায় সুকুমার সাহিত্য	„ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়
৭।	গীতিকাব্যে-রবীন্দ্রনাথ	„ কালিদাস রায়
৮।	আয়ুর্ব্বেদের জন্মান্তর বাদ ও পরলোক	কবিরাজ শ্রীযুক্ত অন্নদাপ্রসাদ গুপ্ত বৈদ্যরত্ন
৯।	বর্ত্তমান শিক্ষা-সমাজ ও গবেষণা	শ্রীযুক্ত হরিপদ ঘোষ বিএল্,
১০।	সাহিত্য ও সমাজ	„ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়
১১।	হিন্দু-আয়ুর্ব্বেদ	কবিরাজ „ প্রভাসচন্দ্র গুপ্ত কবিরত্ন
১২।	আয়ুর্ব্বেদের মহত্ত্ব	„ „ ললিতমোহন কাব্যতীর্থ
১৩।	প্রকৃতির শিল্পশালা	„ „ শশিশেখর বন্দ্যোপাধ্যায় বিএ,

শ্রীবোধিসত্ত্ব সেন

সম্পাদক।

ময়মনসিংহ-শাখা

আলোচ্যবর্ষের শেষে এই শাখা-পরিষদের সভ্যসংখ্যা ৬৩ জন ছিল। এই বৎসর শাখা-সভার ৮টি অধিবেশন হয়। এই সমস্ত অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি নিম্নলিখিত সভ্যগণ কর্ত্তৃক পঠিত হইয়াছিল—

	প্রবন্ধের নাম	প্রবন্ধলেখকের নাম
১।	রামায়ণের সমাজ	শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার এম্ আর, এ, এস
২।	পূর্ব্ববঙ্গে সাহিত্য-চর্চ্চা	„ শরৎকুমার সেন গুপ্ত।
৩।	রামায়ণের কাল	„ কেদারনাথ মজুমদার এম্,আর, এ, এস্
৪।	আয়ুর্ব্বেদের প্রচার ও অবস্থাভেদ	„ গিরীশচন্দ্র সেন কবিরত্ন।
৫।	প্রাচীন ভারতের শিল্প ও স্থাপত্য	„ অবিনাশচন্দ্র রায়।
৬।	রামায়ণী সভ্যতা	„ কেদারনাথ মজুমদার এম্ আর এ এস্
৭।	৺রমেশচন্দ্র	„ পূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।
৮।	৺চন্দ্রকান্ত তর্কালঙ্কার	„ গিরীশচন্দ্র সেন কবিরত্ন।
৯।	মহামহোপাধ্যায় ৺চন্দ্রকান্ত তর্কালঙ্কার	„ পূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।

আলোচ্যবর্ষে স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত ও মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়দ্বয়ের পরলোকগমনে দুইটি শোক-সভার অধিবেশন হয়। শেষোক্ত শোক-সভায় কুমার উপেন্দ্রচন্দ্র চৌধুরী বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন। এই শাখা-পরিষদের পক্ষ হইতে ভাগলপুর বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে উপস্থিত হইবার জন্য শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত, শ্রীযুক্ত হেমচন্দ্র দাসগুপ্ত, শ্রীযুক্ত রেবতীশঙ্কর রায় ও শ্রীযুক্ত নগেন্দ্রকুমার মজুমদার মহাশয়গণকে প্রতিনিধি নির্ব্বাচন করা হয়। আলোচ্যবর্ষে এই শাখা-পরিষদের জন্য নিম্নলিখিত কর্ম্মচারিগণ নিযুক্ত হইয়াছিলেন :—

শ্রীযুক্ত পরমেশপ্রসন্ন রায় বিএ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট—সভাপতি।
„ গিরীশচন্দ্র সেন কবিরত্ন কবিরাজ - সহকারী সভাপতি।
„ কেদারনাথ মজুমদার এম্ আর এ এস্—সম্পাদক।
„ অবিনাশচন্দ্র রায়—সহকারী সম্পাদক।

বাঙ্গালা-সাহিত্যের অকৃত্রিম সুহৃদ্ রামগোপালপুরের রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রকিশোর রায় বাহাদুর স্থানীয় শাখা-পরিষদের গৃহনির্ম্মাণ জন্য শাখা-পরিষদের তহবিলে এক হাজার টাকা দান করিয়াছেন এবং কালিপুরের অন্যতম জমিদার শ্রীযুক্ত যামিনীকান্ত লাহিড়ী চৌধুরী তাঁহার মূল্যবান্ পুস্তকালয় পরিষদের হস্তে প্রদান করিতে প্রতিশ্রুত হইয়াছেন। শাখা-সভার সভ্যগণ মাসিক চারি আনা হিসাবে চাঁদা দিবেন এই নিয়ম আলোচ্যবর্ষে বিধিবদ্ধ হইয়াছে। স্থানীয় কলেজের কর্ত্তৃপক্ষ মাসিক অধিবেশন জন্য কলেজগৃহে স্থান দান করিয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতা-ভাজন হইয়াছেন।

ময়মনসিংহ। } শ্রীকেদারনাথ মজুমদার
সম্পাদক।

রাজসাহী-শাখা

আলোচ্যবর্ষে রাজসাহী শাখা-পরিষদের চতুর্থ বৎসর শেষ হইল। এ বৎসর মাসিক ও বিশেষ মোট ছয়টী অধিবেশন হইয়াছে। সভ্যগণের গড় উপস্থিতি ৩৩ জন। সভ্যগণের উপস্থিতির ঊর্দ্ধ সংখ্যা ১০০ এবং নিম্ন সংখ্যা ৯ জন। মাসিক অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছিল।

১। বাঙ্গালীর জাতিতত্ত্ব — শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ বিএ।

২। শ্রীমূর্ত্তির বিবৃতি (উপক্রমণিকা অংশ) — „ অক্ষয়কুমার মৈত্রেয়।

এই দুই প্রবন্ধ বঙ্গ-সাহিত্যে নূতন গবেষণার সূত্রপাত করিয়াছে।

বর্ত্তমান বর্ষে রঙ্গপুর-শাখা-পরিষদের বার্ষিক-অধিবেশনে শাখা-পরিষদের অন্যতম সম্পাদক শ্রীযুক্ত শশধর রায় এম্‌এ, বিএল্ মহাশয় সভাপতির কার্য্য করেন। গৌরীপুরের উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনে শ্রীযুক্ত শশধর রায়, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়, শ্রীযুক্ত কিশোরীমোহন চৌধুরী মহোদয়গণ এই শাখা-পরিষদের প্রতিনিধি স্বরূপ উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত অক্ষয়-কুমার মৈত্রেয় বি, এল্ ম্যাজিক ল্যাণ্টার্ণের সাহায্যে কতিপয় শ্রীমূর্ত্তির আলোকচিত্র প্রদর্শন করিয়া সমবেত সভ্যমণ্ডলীকে সুন্দররূপে শ্রীমূর্ত্তি রহস্য বুঝাইয়া দেন। তদনন্তর বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের তৃতীয় অধিবেশনে শ্রীযুক্ত শশধর রায়, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়, শ্রীযুক্ত কিশোরীমোহন চৌধুরী, শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী ও শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ এই সভার প্রতিনিধিস্বরূপ ভাগলপুরে উপস্থিত ছিলেন। তথায় শ্রীযুক্ত শশধর রায় মানবের উৎকর্ষ সাধন নামক প্রবন্ধের, অধ্যাপক শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী এম, এ আয়ুর্ব্বেদীয় ঔষধের উপাদান বিষয়ক এবং শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ বাঙ্গালীর জাতি-তত্ত্ব সম্বন্ধে স্ব স্ব লিখিত প্রবন্ধের সার মর্ম্ম বিবৃত করেন; সময়াভাবে সমগ্র প্রবন্ধ পঠিত হইতে পারে নাই। দ্বিতীয় ও তৃতীয় প্রবন্ধ সম্পূর্ণ মৌলিক গবেষণায় পূর্ণ এবং প্রথম প্রবন্ধে মানব-তত্ত্বই যে মানবজাতির বিশেষ ভাবে আলোচ্য তাহা বুঝাইয়া দেওয়া হইয়াছে। এই সম্মিলনে শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ম্যাজিক ল্যাণ্টার্ণের সাহায্যে শ্রীমূর্ত্তি রহস্য বুঝাইয়া দেন। সর্ব্বশেষে বগুড়া রায়কালী সাহিত্য-সমিতির বার্ষিক অধিবেশনে এই সভা হইতে প্রতিনিধি নির্ব্বাচিত হইয়া শ্রীযুক্ত শশধর রায় মহাশয় বগুড়া গমন করেন এবং তথায় সভাপতি পদে মনোনীত হইয়া সভায় সভাপতির কার্য্য করেন।

আলোচ্যবর্ষে রাজসাহী-শাখা-পরিষৎ হইতে কয়েকটি মৌলিক গবেষণা হইয়াছিল। শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ জাতি-তত্ত্ব বিষয়ে বিবিধ তথ্য সংগ্রহ করেন এবং তাহারই কিয়দংশ ভাগলপুর-সাহিত্য-সম্মিলনে পঠিত হয়। অচিরেই মৌলিক গ্রন্থাকারে এ সকল প্রকাশিত হইবে। চন্দ মহাশয়ের অনুসন্ধানে বুঝা যাইতেছে যে কুল-শাস্ত্র-বিষয়ক গ্রন্থাদি সম্পূর্ণ নির্ভর-যোগ্য নহে এবং কান্যকুব্জাগত ব্রাহ্মণগণের সহিত বঙ্গদেশীয় ব্রাহ্মণগণের দেহে ও সমাজগঠনে পার্থক্য রহিয়াছে। এই উপলক্ষে তিনি এবং শশধরবাবু নানা জাতির

মস্তকাদির পরিমাপ গ্রহণ করিয়াছিলেন, তৎসমুদয় ঐ গ্রন্থে প্রকাশিত হইবে। বাঙ্গালী জাতির "আয়ুষ্কাল" এবং বংশের হ্রাসবৃদ্ধি সম্বন্ধে শ্রীযুক্ত শশধর রায় মহাশয় মৌলিক গবেষণা আরম্ভ করতঃ অনেক তথ্য সংগ্রহ করিয়াছেন। এই গবেষণার ফলে যতদূর বুঝিতে পারা গিয়াছে তাহাতে দেখা যায় যে, তালিকার লিখিত ব্যক্তিগণের এবং সম্ভবতঃ বাঙ্গালী জাতির জনন-শক্তি হ্রাস হয় নাই, বরং মোটের উপর বৃদ্ধি হইয়াছে। ইহা একটী অতি আশাপ্রদ সিদ্ধান্ত।

শাখা পরিষদের অন্যতর সভ্য অধ্যাপক শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী মহাশয় আয়ুর্ব্বেদীয় ঔষধ সম্বন্ধে মৌলিক গবেষণা করিতেছেন, তাহার ফলে আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধভাবে প্রস্তুত করিবার উপায় উদ্ভাবিত হইতে পারে, আশা করা যায়।

শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় শ্রীমূর্ত্তি সম্বন্ধে মৌলিক গবেষণায় নিযুক্ত আছেন। তাহার ফল যথা সময়ে গ্রন্থাকারে প্রকাশিত হইবে।*

আলোচ্য-বর্ষের শেষভাগে রাজসাহী শাখা পরিষদের কতিপয় সভ্য ধারাবাহিকভাবে বরেন্দ্রভূমির প্রত্ন-তত্ত্ব অনুসন্ধানের আবশ্যকতা অনুভব করিয়া বরেন্দ্র অনুসন্ধান কার্য্যে অবতীর্ণ হয়েন। কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ এই অনুসন্ধান কার্য্যের সমুদয় ব্যয়ভার ও আয়োজন ভার গ্রহণ করেন। শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি এল্ মহাশয় ইহার উপ-দেষ্টা হয়েন, এবং শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ বিএ, শ্রীযুক্ত হরিমোহন চৌধুরী বি এল, শ্রীযুক্ত অনাথনাথ মৈত্রেয় প্রভৃতি কতিপয় মহোদয় ঐ কার্য্যে উৎসাহ সহকারে যোগদান করেন। কুমার বাহাদুর কর্ত্তৃক সাদরে নিমন্ত্রিত হইয়া কলিকাতাস্থ ইণ্ডিয়ান মিউজিয়মের বিখ্যাত প্রত্নতত্ত্ববিৎ এবং মূল পরিষদের সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ, মহাশয়ও এই অনুসন্ধানকার্য্যে সাহায্যার্থ পরম উৎসাহে যোগদান করেন। কুমার বাহাদুরের আহ্বানে শাখা-পরিষদের সম্পাদক শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বিএল্ ও এই কার্য্যে মিলিত হন। তদ্ব্যতীত মূলপরিষদের কর্ম্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহ ও কুমার বাহাদুরের আনুষঙ্গিক অন্যান্য ব্যক্তি অনুসন্ধানে উপস্থিত ছিলেন। ১০ই হইতে ১৪ই চৈত্র পর্য্যন্ত কয়েক দিন ধরিয়া উঁহারা রাজসাহী জেলার অন্তর্গত দেওপাড়া, চব্বিশনগর, মাড়ইল, জগপুর, ইটাহার, বিজয়নগর, খেতুরি প্রভৃতি গ্রামে অনুসন্ধান করিয়া, বিবিধ ঐতিহাসিক তথ্য আবিষ্কার করেন এবং বিবিধ প্রস্তরমূর্ত্তি ও ভাস্কার্য্যাদির নমুনা আনয়ন করেন। ঐ সকল দ্রব্য আপাততঃ কুমার বাহাদুরের ইচ্ছা-ক্রমে রাজসাহী শাখা-পরিষদের

---

* শাখা পরিষদের অন্যতর সম্পাদক শ্রীমান্ ব্রজসুন্দর সান্যাল এখনও তাঁহার "মুসলমান বৈষ্ণব কবি" সম্বন্ধে গবেষণা করিতেছেন। তাঁহার নবসংগৃহীত বিবরণ সাহিত্য-সম্মিলনের দ্বিতীয় বার্ষিক কার্য্য-বিবরণীতে প্রকাশিত হইয়াছে। আমাদের আশা আছে, ভবিষ্যতে শ্রীমান্ ব্রজসুন্দর আমাদিগকে আরও বহুতর মুসলমান বৈষ্ণব কবির পরিচয় প্রদান ও তাঁহাদের কবিতা-মাধুর্য্য প্রদর্শন করতঃ পরিতৃপ্ত করিতে সক্ষম হইবেন।

শ্রীশশধর রায়—সম্পাদক।

হস্তে গচ্ছিত এবং বোয়ালিয়া সাধারণ পুস্তকালয়ের গৃহে রক্ষিত হইয়া, শ্রীযুক্ত কালীপ্রসন্ন আচার্য্য বিএল্ মহাশয়ের তত্ত্বাবধানে রহিয়াছে। ১৬ই চৈত্র তারিখের শাখা-সভার বিশেষ অধিবেশনে ঐ সকল দ্রব্য সাধারণের সমক্ষে প্রদর্শিত হয় ও শ্রীযুক্ত কুমার শরৎকুমার রায়, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ও শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ মহাশয়গণ তাঁহাদের অনুসন্ধানের বিবরণ ও দ্রব্যগুলির যথাসম্ভব পরিচয় প্রদান করেন। ঐসকল দ্রব্যের বিস্তৃত বিবরণ সহ অনুসন্ধান ফল যথাসময়ে পুস্তকাকারে প্রকাশের ব্যবস্থা হইতেছে। আশা আছে, সেই পুস্তক প্রকাশিত হইলে বাঙ্গালার পুরাতত্ত্ব সম্পর্কে অনেক নূতন তথ্য জানা যাইবে। এই ঐতিহাসিক অনুসন্ধান কার্য্যের ভার গ্রহণের জন্য বরেন্দ্র অনুসন্ধান সমিতির সভ্যগণ ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় শাখা-পরিষদের আন্তরিক কৃতজ্ঞতা-ভাজন হইয়াছেন।

গত ১৬ই চৈত্র তারিখের অধিবেশনে সভা পুনর্গঠিত হইয়া ৩টি বিভাগে বিভক্ত হইয়াছে,—১ম—বিজ্ঞান-শাখা, ২য়—ইতিহাস-শাখা, ৩য়—সাহিত্য-শাখা। প্রত্যেক শাখার বিশেষ বিশেষ সভ্য মনোনীত হইয়াছেন। সভার কতিপয় নিয়মও বিধিবদ্ধ হইয়াছে। প্রত্যেক সভ্য সভার উন্নতিকল্পে মাসিক অন্যূন।০ চাঁদা দিবেন বলিয়া স্থির করা হইয়াছে। ৫ম বর্ষের নিমিত্ত কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় সভাপতি, শ্রীযুক্ত রায় বাহাদুর কুমদিনীকান্ত বন্দ্যোপাধ্যায় এম্‌এ, ও শ্রীযুক্ত কিশোরীমোহন চৌধুরী এম্‌এ, বিএল্ সহকারী সভাপতি, শ্রীযুক্ত শশধর রায় ও শ্রীযুক্ত ব্রজসুন্দর সান্যাল—সম্পাদক, শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন মৈত্রেয় ও শ্রীযুক্ত বিমলাচরণ মৈত্রেয় সহকারী সম্পাদক শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি এল্ পত্রিকাদি সম্পাদক এবং শ্রীযুক্ত অক্ষয়কুমার ভাদুড়ী কোষাধ্যক্ষ মনোনীত হইয়াছেন। আলোচ্যবর্ষে মোট সভ্যসংখ্যা ১০০ জন। সভার অধিবেশনাদি রাজসাহী-সাধারণ পুস্তকালয়-গৃহে হইয়াছে; তজ্জন্য পুস্তকালয়ের সম্পাদক শ্রীযুক্ত কালীপ্রসন্ন আচার্য্য পরিষদের ধন্যবাদার্হ।

আলোচ্য বর্ষে সভার সাহিত্যিক সজীবতা বিলক্ষণ পরিলক্ষিত হইয়াছে। শ্রীযুক্ত অক্ষয় কুমার মৈত্রেয় মহাশয় যে "শ্রীমূর্ত্তি বিবৃত্তি" আলোচনা করিতেছেন, তাহা বাঙ্গালী জাতির মধ্যে প্রায় অভিনব বলিলেও অত্যুক্তি হয় না। ইহা হইতে বাঙ্গালীর শিল্প-কলার ও ধর্ম্ম বিশ্বাসের ক্রমিক বিবর্ত্তন সুন্দররূপে প্রদর্শিত হইবে, এরূপ আশা আছে। মঙ্গলময়ের ইচ্ছায় আমাদের এই সাহিত্যিক উৎসাহ সফল হউক। অলমিতি বিস্তরেণ—

রাজসাহী
২২ চৈত্র ১৩১৬

শ্রীশশধর রায়
সম্পাদক।

বারাণসী-শাখা

১২৮২ বঙ্গাব্দে ১৯শে জ্যৈষ্ঠ শিবচন্দ্র ঘোষাল, গোপালচন্দ্র বিশ্বাস, দীননাথ চট্টোপাধ্যায়, তারাপ্রসন্ন সান্যাল, প্রসন্নকুমার ভট্টাচার্য্য, চণ্ডীচরণ ভট্টাচার্য্য মিলিত হইয়া একটি সভা সংস্থাপন করেন। বঙ্গভাষার উত্তম উত্তম পুস্তক সকল সর্ব্বসাধারণে সুলভে পাঠ করিতে পারেন ইহাই এই সভার প্রধান উদ্দেশ্য ছিল। বঙ্গ-সাহিত্য-সমাজ নামক এই পুস্তকালয়টি প্রতিষ্ঠিত হইয়া বিগত ৩৪ বৎসরের নানা বিবর্ত্তন ও স্থান পরিবর্ত্তনের পর কাশীমপুরের জমিদার শ্রীযুক্ত কেদারপ্রসন্ন লাহিড়ী রায় বাহাদুরের মাতৃদেবীর অনুগ্রহে তাঁহার সুবৃহৎ দেবালয়ের এক কোণে আশ্রয় পাইয়া বঙ্গ-ভারতীর এই প্রাচীন মন্দিরের কার্য্য কোন মতে চলিয়া আসিতেছিল। এমন সময়ে ১৩১৫ বঙ্গাব্দে ফাল্গুন মাসে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্যতম সহকারী-সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় বারাণসী নগরে উপস্থিত হন। তিনি উহার অস্তিত্ব অবগত হইয়া অতিশয় উৎসাহ প্রদান পূর্ব্বক যাহাতে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একটি শাখা স্থাপিত হইয়া উহার কার্য্য একত্রে চলে তাহার জন্য কতিপয় বিশেষ সভ্যের মনোযোগ আকর্ষণ করেন। তিনি শাখা পরিষদের ইতি-কর্ত্তব্যতা নির্দ্ধারণ করিয়া দিলে বঙ্গ-সাহিত্য-সমাজের কার্য্য-নির্ব্বাহক সমিতি কর্ত্তৃক ১৩১৫ বঙ্গাব্দের ২২শে ফাল্গুন বারাণসীস্থ বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-শাখা গঠিত হইয়া বঙ্গ-সাহিত্য-সমাজের সহিত মিলিত হয়। পুস্তকালয়টি পরিষৎ শাখারই পুস্তকালয় বলিয়া পরিগণিত হয়। কেবল প্রাচীনের প্রতি সম্মান প্রদর্শনার্থ উহার নামটি অবিকৃত রাখাই স্থির হয়। ১৩ই চৈত্র লিখিত মূল পরিষদের সভাপতি মহাশয়ের পত্রে বঙ্গ-সাহিত্য-সমাজ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা রূপে পরিগৃহীত হয়। উক্ত বর্ষের চৈত্র মাস মধ্যেই দুইটি অধিবেশন আহূত হয়। প্রথম অধিবেশনে—শ্রীযুক্ত ললিতমোহন মুখোপাধ্যায় কর্ত্তৃক—"বিক্রমাদিত্য প্রসঙ্গে ভোজ রাজ ও ধার রাজ্য" শীর্ষক একটি প্রবন্ধ পঠিত হয় ও দ্বিতীয় অধিবেশনে মহামহোপাধ্যায় কৈলাসচন্দ্র শিরোমণির পরলোকগমনে শোক প্রকাশ করা হয়।

১৩১৬ সালে ৫টি সাধারণ অধিবেশন হয়।—

	বিষয়।		আলোচক।
১।	আমাদের জাতীয় জড়তা		শ্রীযুক্ত ফণিভূষণ অধিকারী এম্‌এ,
২।	মুসলমান শাসন সময়ে ভারতীয়গণের প্রতিপত্তি	"	অশ্বিনীকুমার গঙ্গোপাধ্যায়
৩।	আমাদিগের বর্ত্তমান অভাব	"	ডাঃ নীলমণি পাল,
৪।	কর্ম্ম ও ধর্ম্মশাস্ত্র	পণ্ডিত "	কালীকৃষ্ণ সিদ্ধান্তশাস্ত্রী
৫।	স্বর্গীয় রমেশচন্দ্র দত্তের জীবনী	"	বীরেশ্বর গোস্বামী

২৮শে কার্ত্তিক ও ৫ই অগ্রহায়ণ ছাত্রদিগকে আহ্বান করিয়া মূল-পরিষৎ সংশ্লিষ্ট ছাত্র-শাখার আদর্শে শাখা-পরিষদের অন্তর্নিবিষ্ট একটি ছাত্র-পরিষৎ গঠিত হইয়া প্রতি রবিবারেই

তাহার অধিবেশনের দিন স্থির হয়। শ্রীযুক্ত মোক্ষদাদাস মিত্র, শ্রীযুক্ত কেদারপ্রসন্ন লাহিড়ী রায় বাহাদুর, শ্রীযুক্ত চণ্ডীচরণ দেব মজুমদার বিএ. শ্রীযুক্ত দীননাথ চট্টোপাধ্যায়, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাক্তার সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্‌এ, পি এচ্‌ ডি মহাশয়গণকে শাখা-পরিষদের সম্মানিত সভ্যরূপে গ্রহণ করা হইয়াছে। শ্রীযুক্ত শ্যামাচরণ ভট্টাচার্য্য মহাশয় কার্য্যনির্ব্বাহক সমিতির অন্যতম সভ্যরূপে গৃহীত হইয়া পুস্তকালয়ের ও নব-প্রতিষ্ঠিত পাঠাগারের পর্য্যবেক্ষকরূপে ও শ্রীযুক্ত নীলকমল ভট্টাচার্য্য এম্‌এ, মহাশয় শাখা-পরিষদের ও ছাত্র পরিষদের অধিবেশনগুলির পর্য্যবেক্ষকরূপে বৃত হন। আলোচ্যবর্ষে শাখাসভার ৬টি বিশেষ অধিবেশন হইয়াছিল। পুরাতন পুস্তকালয়টিতে ১৪০০ শতের অধিক পুস্তক সংগৃহীত ছিল। আলোচ্যবর্ষে ২৯ খানি পুস্তক ক্রীত হইয়াছে ও ১৫০ খানি পুস্তক উপহার পাওয়া গিয়াছে। এই বর্ষে এই সভায় মোট আয় ১২১৸১৭॥ ব্যয় ৯০৶১৭॥।

বারাণসী

শ্রীললিতমোহন মুখোপাধ্যায়
সম্পাদক।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন

তৃতীয় অধিবেশন

গৌরীপুর রাজবাটী, গোয়ালপাড়া, আসাম,

সভাপতি—শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্‌ এ

প্রথম দিন, শনিবার, ৯ই মাঘ, ১৩১৬; ২২শে জানুয়ারী ১৯১০

পূর্ব্বাহ্ন—৯॥ টা হইতে ১২ টা

১। প্রারম্ভিক সঙ্গীত

২। প্রার্থনা—মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত ধীরেশ্বর কবিরত্ন।

৩। আবৃত্তি (ক) সংস্কৃত স্তোত্র—শ্রীযুক্ত বরদাকান্ত রায় বিদ্যারত্ন বি,এল্‌ (দিনাজপুর)

(খ) কোরাণ সরিফ হইতে—মৌলবি মহাম্মদ আবদুল হালিম

৪। অভ্যর্থনা-সমিতির সভাপতি রাজা শ্রীযুক্ত প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর কর্ত্তৃক সমাগত প্রতিনিধিগণের অভিনন্দন।

৫। সভাপতি-বরণ—প্রস্তাবক—শ্রীযুক্ত যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী

সমর্থক—পণ্ডিত শ্রীযুক্ত তারানাথ স্মৃতিতীর্থ

অনুমোদক—মুন্সী নাজিম উদ্দীন খন্দকার

৭। নিম্নলিখিত মহাত্মাদ্বয়ের মৃত্যুতে সম্মিলন আন্তরিক দুঃখ-প্রকাশ করিতেছেন—

(ক) রমেশচন্দ্র দত্ত সি, আই, ই

(খ) রাজা মহিমারঞ্জন রায় চৌধুরী (কাকিনা)

প্রস্তাবক—শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি, এল্ (রাজসাহী)

সমর্থক—শ্রীযুক্ত প্যারীলাল দত্ত বি, এল্ (ধুবড়ী)

৮। সম্মিলনীর সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী কর্ত্তৃক অনাগত ব্যক্তিবর্গের টেলিগ্রাম ও পত্রাদি পাঠ এবং তাঁহাদিগকে ধন্যবাদ দিবার প্রস্তাব উপস্থাপন। সর্ব্বসম্মতি-ক্রমে উক্ত প্রস্তাব গৃহীত হইল।

৯। সভাপতির অভিভাষণ।

১০। শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয় বিগত বর্ষের সম্মিলনের প্রস্তাবিত কার্য্যাদি কতদূর অগ্রসর হইয়াছে তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিলে উহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

প্রস্তাবক—শ্রীযুক্ত পঞ্চানন সরকার এম্ এ, বি এল্ (কুচবিহার)।

সমর্থক— „ অভয়নাথ চক্রবর্ত্তী (গৌরীপুর)।

অনুমোদক—„ কুঞ্জবিহারী মুখোপাধ্যায় বিএল্ (রঙ্গপুর)।

১১। নিম্নলিখিত প্রবন্ধগুলির সার বিজ্ঞাপিত হওয়ার পর পঠিত বলিয়া গৃহীত হইল :—

(ক) উত্তর-বঙ্গের ঐতিহাসিক স্থানের বিবরণ—শ্রীযুক্ত কালীকান্ত বিশ্বাস।

(খ) রাজা বিরাট ও মৎস্যদেশ—শ্রীবিনোদবিহারী রায়।

প্রস্তাবক—পণ্ডিত শ্রীযুক্ত অন্নদাচরণ বিদ্যালঙ্কার।

সমর্থক—শ্রীযুক্ত দ্বিজেশচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, বি এল্, (গৌরীপুর)।

অনুমোদক—শ্রীযুক্ত হরগোপাল দাস কুণ্ডু (রঙ্গপুর)।

প্রথম দিন, অপরাহ্ন ৩ ঘটিকা।

১২। মৌলবি মহম্মদ আব্দুল হালিম কর্ত্তৃক বক্তৃতা।

১৩। প্রবন্ধ-পাঠ (ক) সূর্য্যপূজা—শ্রীযুক্ত রাজেন্দ্রলাল আচার্য্য বিএ।

(খ) বৈদিক-সাহিত্যের দ্বিতীয় প্রস্তাব (লেখক শ্রীকোকিলেশ্বর ভট্টাচার্য্য বিদ্যারত্ন এম্এ)

শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী কর্ত্তৃক পঠিত।

রাত্রি ৯ ঘটিকার সময় শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়দ্বয় গৌড়ীয় শিল্প-কলার নিদর্শন আলোক-চিত্র দ্বারা প্রদর্শন করেন।

দ্বিতীয় দিন, রবিবার ১০ই মাঘ ১৩১৬।

১। সঙ্গীত।

২। বাণীবন্দনা—পণ্ডিত শ্রীযুক্ত হরশঙ্কর শস্মরত্ন।

৩। শ্রীযুক্ত জগদীশনাথ মুখোপাধ্যায় মহাশয় কর্তৃক নিম্নলিখিত দ্রব্যাদির (সম্মিলন উপলক্ষে সংগৃহীত) পরিচয়-প্রদান ;—

(ক) সের সাহের নামাঙ্কিত ৯৫০ হিজরীর চারি ফিট্ দীর্ঘ ৪ ইঞ্চি বেধের মকরমুখযুক্ত কামান ১টি।

(খ) ১৫১৪ শকে নির্ম্মিত রুদ্রনারায়ণ সিংহের নামাঙ্কিত মকরমুখযুক্ত ৭ ফিট্ লম্বা ৪ ইঞ্চি বেধের কামান ১টি।

(গ) নওয়ারা অর্থাৎ জলযুদ্ধে ব্যবহৃত কামান ১টি।

(ঘ) উষ্ট্রোপরি বাহিত ক্ষুদ্র কামান ২টি।

(ঙ) গৌরীপুর রাজ অস্ত্রাগারে রক্ষিত মোগলদিগের সময়ে বিচিত্র কারুকার্য্যময় নালিকাস্ত্র এবং ষোড়শ শতাব্দীর ইউরোপীয়গণের দ্বারা নির্ম্মিত ঐ প্রকারের আর একটি নালিকাস্ত্র।

(চ) রাণী ভবাণীর পূর্ব্বের উত্তরবঙ্গের স্বনামধন্যা রাণী সত্যবতীর স্বাক্ষরিত সনন্দ একখানি।

(ছ) রাণী ভবানীর স্বাক্ষরিত অপর একখানি দলিল।

(জ) মোগলবাদসাহদিগের পাঞ্জাঙ্কিত সনন্দাদি।

(ঝ) রাজা মল্লনারায়ণের প্রদত্ত তাম্রশাসন। মহামহোপাধ্যায় পণ্ডিত ধীরেশ্বর কবিরত্ন মহাশয় এই তাম্রশাসন সভায় পাঠ করিয়াছিলেন।

(ঞ) লিপিকারের স্বহস্ত-অঙ্কিত চিত্রাদির সহিত বৃক্ষপত্রোপরি লিখিত আসাম বুরুঞ্জী।

৪। প্রথম প্রস্তাব—পূর্ব্ব পূর্ব্ব সম্মিলনে যে সকল প্রস্তাব গৃহীত হইয়াছে তাহা বিশিষ্টরূপে কার্য্যে পরিণত করিবার জন্য একটি কার্য্য-কারিণী সমিতি থাকা আবশ্যক। এজন্য স্বতন্ত্র সমিতি গঠিত না করিয়া রঙ্গপুর শাখা সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতিকেই স্থায়িরূপে এই সম্মিলনের কার্য্য-নির্ব্বাহক সমিতিরূপে গণ্য করা হইবে এবং উহারই প্রতি সকল ভার অর্পিত হইবে।

প্রস্তাবক—শ্রীযুক্ত কিশোরীমোহন চৌধুরী এম্ এ, বিএল্ (রাজসাহী)
সমর্থক— „ চৌধুরী আমানতুল্লা আহাম্মদ (কুচবিহার)
অনুমোদক— „ সারদানাথ খান্ বিএল্ (বগুড়া)

৫। দ্বিতীয় প্রস্তাব—সম্মিলনের অনুষ্ঠিত কার্য্য নির্ব্বাহের জন্য অর্থসংগ্রহের আবশ্যক। এতদর্থে পৃথক্‌ভাবে অর্থসংগ্রহের চেষ্টা করিয়া কৃতকার্য্য হওয়া সম্ভবপর নহে। অতএব সমগ্র উত্তর-বঙ্গ এবং আসামে রঙ্গপুর শাখা সাহিত্য-পরিষদের সভ্যসংখ্যা বৃদ্ধি দ্বারা অর্থসংস্থানের চেষ্টা করা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত বিধুরঞ্জন লাহিড়ী এম্‌এ, বিএল্ (রঙ্গপুর)
সমর্থক— „ প্রসন্নকুমার ঘোষ বিএল্ (গোয়ালপাড়া)

অনুমোদক—শ্রীযুক্ত সুরেশচন্দ্র দাস গুপ্ত বিএল্ (বগুড়া)

৬। তৃতীয় প্রস্তাব--কিরূপভাবে এই সম্মিলনের কার্য্য পরিচালিত হইবে তাহার প্রণালী নির্দ্দেশের ভার সম্মিলনের কার্য্যকারিণী সমিতিরূপে রঙ্গপুর-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতি স্থির করিয়া আগামী সম্মিলনে উপস্থিত করিবেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত শশধর রায় এম্‌এ, বিএল্ (রাজসাহী)

সমর্থক— „ কালীকৃষ্ণ গোস্বামী বিদ্যারত্ন এম্‌এ, বিএল্ (রঙ্গপুর)

অনুমোদক— „ আনন্দচন্দ্র সেন (গোয়ালপাড়া)

৭। চতুর্থ প্রস্তাব—উত্তরবঙ্গ ও আসামের অশিক্ষিত হিন্দু ও মুসলমানের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য সরল-সাহিত্য-রচনা বিভাগে আগামী বর্ষে একখানি কৃষি, একখানি ইতিহাস-মূলক উপন্যাস ও একখানি লোক-তত্ত্ব বিষয়ে সংক্ষিপ্ত গ্রন্থরচনা করা হইবে।

প্রস্তাবক—শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বিএল্, (রাজসাহী)

সমর্থক— „ অতুলচন্দ্র গুপ্ত এম্‌এ, বিএল্ (রঙ্গপুর)

অনুমোদক— „ মহেন্দ্রনাথ অধিকারী (কুচবিহার)

৮। এই চারিটী প্রস্তাব যথারীতি গৃহীত হওয়ার পরে শ্রীযুক্ত গোপালকৃষ্ণ দে মহাশয় সম্মিলন-সভাপতি মহাশয়ের রচিত "অসমীয়া ভাষা সম্বন্ধে কিছুমান কথা" শীর্ষক একটি আসামীয় ভাষার সহিত প্রবন্ধ পাঠ করিলেন।

৯। পরে দে মহাশয় স্বরচিত আসাম সম্বন্ধে একটি বাঙ্গালা প্রবন্ধ পাঠ করিলেন।

দ্বিতীয় দিন, অপরাহ্ণ আড়াই ঘটিকা।

পণ্ডিত শ্রীযুক্ত অমৃতভূষণ অধিকারী বিএ, কর্ত্তৃক "কামরূপী ভাষা" সম্বন্ধীয় প্রবন্ধ পাঠ।

সময়াভাব বশতঃ নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বলিয়া গৃহীত হইল ;—

(ক) কামতাবিহারী সাহিত্য—শ্রীযুক্ত পঞ্চানন সরকার এম্‌এ, বিএল্।

(খ) রাজবংশী ভাষা ও জাতিতত্ত্ব—শ্রীযুক্ত চৌধুরী আমানতুল্লা মহম্মদ।

(গ) চট্টগ্রামের কথিত ভাষা—শ্রীযুক্ত আব্দুল সৈয়দ।

(ঘ) মধ্য বরেন্দ্র পুরাতত্ত্বানুসন্ধান—শ্রীযুক্ত শ্রীরাম মৈত্রেয় খাঁন।

(ঙ) উত্তরবঙ্গীয় সংস্কৃত সাহিত্যের বিবরণ—শ্রীযুক্ত বিপিনচন্দ্র কাব্যরত্ন।

(চ) সজীব-সাহিত্য—শ্রীযুক্ত সারদানাথ খাঁন্ বিএল্।

(ছ) অসমীয়া ভাষার শিক্ষা-প্রণালী—জনৈক আসামবাসী।

অভ্যর্থনা-সমিতির সভাপতি অনারেবল রাজা শ্রীযুক্ত প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর, রাজসাহী, পাবনা, রঙ্গপুর, দিনাজপুর, বগুড়া, কুচবিহার, নদীয়া, কলিকাতা ও আসাম হইতে সমাগত, সাহিত্যিকগণের সঙ্গলাভে এবং এই মিলনের দ্বারা উভয় প্রদেশের সখ্যতা বৃদ্ধিতে আনন্দ প্রকাশ করিয়া সাহিত্যিকগণের সঙ্গলাভ নিতান্ত সংকীর্ণ সময়ের জন্য

হওয়ায় দুঃখ প্রকাশ করিয়া অভ্যর্থনাদিতে যে সকল ত্রুটী হইয়াছে তাহা ক্ষমা করিবার জন্য সবিনয় প্রার্থনা করিলেন।

"আসাম এড্‌ভোকেট" সম্পাদক মহাশয় আসামে "অসমীয়া ভাষার প্রচলন" বিষয়ে কিঞ্চিৎ বক্তৃতা করেন; তৎপরে সম্মিলনের সভাপতি মহাশয়কে ধন্যবাদ প্রদান পূর্ব্বক মালদহবাসীর পক্ষ হইতে অনুরুদ্ধ হইয়া আগামী বর্ষে উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের চতুর্থ অধিবেশন মালদহে আহ্বান করিলেন।

আসামবাসীর পক্ষ হইতে শ্রীযুক্ত মথুরামোহন বড়ুয়া মহাশয় মালদহবাসীর এই সাদর নিমন্ত্রণ গ্রহণ করিয়া বঙ্গীয় সাহিত্যিকগণকে ও রাজাবাহাদুরকে ধন্যবাদ প্রদান করিলেন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পক্ষ হইতে সমাগত প্রতিনিধিবর্গের মধ্যে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় মূল পরিষদের পক্ষ হইতে রাজা বাহাদুরকে এবং সম্মিলন-সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয়কে ধন্যবাদ প্রদান করিলেন।

সম্মিলন-সভাপতি পণ্ডিত শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্‌এ মহাশয় রাজা বাহাদুর, তাঁহার দেওয়ানপ্রমুখ সুযোগ্য রাজকর্ম্মচারিবৃন্দ ও স্বেচ্ছাসেবকগণ অক্লান্ত পরিশ্রমে বাণীসেবকগণের সেবা করায় সম্মিলনের পক্ষ হইতে ধন্যবাদ প্রদান করিলে উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের তৃতীয় অধিবেশন সমাপ্ত হইল।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

তৃতীয় বর্ষ—ভাগলপুর

সভাপতি—শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্‌এ, বিএল্,

কার্য্য-বিবরণ

প্রথম দিন, ১লা ফাল্গুন, রবিবার, অপরাহ্ন।

১। স্থানীয় যুবকগণ কর্ত্তৃক "বন্দে মাতরম্" গান।

২। শ্রীযুক্ত বাসুদেব শর্ম্মা কর্ত্তৃক বৈদিক গাথা পাঠ।

৩। " শ্যামজী পাঁড়ে কর্ত্তৃক সংস্কৃতে মঙ্গলাচরণ।

৪। স্থানীয় কুমারীগণ কর্ত্তৃক গান।

৫। গতবর্ষের সম্মিলনের সভাপতি ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ডি এস্‌সি, পিএচ ডি মহাশয় কর্ত্তৃক সভার উদ্বোধন।

৬। অভ্যর্থনা-সমিতির সভাপতি শ্রীযুক্ত চন্দ্রশেখর সরকার এম্‌এ, বিএল্ মহাশয় কর্ত্তৃক সমাগত ব্যক্তিবর্গের অভিভাষণ।

৭। সম্মিলনের সভাপতি-বরণ—

প্রস্তাবক—মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর (মুরশিদাবাদ)

সমর্থক—কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্‌এ (রাজসাহী)

পরিপোষক—মাননীয় শ্রীযুক্ত দীপনারায়ণ সিংহ (বেহারীদিগের পক্ষে)

শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায় বিএল্ (প্রবাসী বাঙ্গালীদিগের পক্ষে)

৮। সভাপতির অভিভাষণ।

৯। সভাপতি মহাশয় কর্তৃক অনাগত ব্যক্তিবর্গের পত্রাদি পাঠ।

১০। সভাপতি মহাশয় কর্তৃক নিম্নলিখিত সাহিত্যিক ও সাহিত্য-বন্ধুগণের মৃত্যুতে শোক-প্রকাশ :—

(ক) মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার

(খ) রমেশচন্দ্র দত্ত সি, আই, ই

(গ) রাজা মহিমারঞ্জন রায় (কাকিনা)

১১। গত বর্ষের রাজসাহী সম্মিলনের সম্পাদক শ্রীযুক্ত শশধর রায় মহাশয় কর্তৃক গত বর্ষের কার্য্য-বিবরণ পাঠ।

১২। গত বর্ষের সাহিত্যসম্মিলনে সংকল্পিত কার্য্যগুলির মধ্যে কতগুলি কার্য্য অগ্রসর হইয়াছে তাহার বিবরণ—

(ক) ১ম প্রস্তাব—বৈজ্ঞানিক-পরিভাষা-সমিতির কার্য্য-বিবরণ—শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্,এ।

(খ) ২য় প্রস্তাব—মানব-তত্ত্বালোচনার উদ্দেশ্যে বাঙ্গালীর বংশহানি ও বংশবৃদ্ধির গতি পর্য্যবেক্ষণের ফলাফল—শ্রীযুক্ত শশধর রায় এম্, এ, বি, এল্

(গ) ৩য় প্রস্তাব—বাঙ্গালী জাতির উৎপত্তি নির্ণয় জন্য উত্তরবঙ্গ হইতে উপকরণ-সংগ্রহ—শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ, বি, এ।

(ঘ) ৬ষ্ঠ প্রস্তাব—বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের কার্য্যপ্রণালী স্থিরীকরণ ও তাহার নিয়মাবলী—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্এ।

(ঙ) ৭ম প্রস্তাব—বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা ও মধ্য পরীক্ষায় ইতিহাস, ভূগোল ও গণিত-শাস্ত্রের মাতৃভাষায় অধ্যাপনা ও পরীক্ষা গ্রহণের ব্যবস্থা—ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়

১৩। বঙ্গীয়সাহিত্য সম্মিলনের আলোচনার্থ সাহিত্য, ইতিহাস, বিজ্ঞান এই তিন বিভাগের জন্য তিনটি শাখা-সমিতি গঠনের প্রস্তাব,

প্রস্তাবক—শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়, ডি, এস্‌সি, (কলিকাতা)।

সমর্থক— „ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী, (রঙ্গপুর)

পরিপোষক—„ শশধর রায়, এম্এ, বিএল্, (রাজসাহী)

১৪। বর্ত্তমান সম্মিলনের দ্বিতীয় ও তৃতীয় দিবসের আলোচ্য-বিষয়াদি নির্ব্বাচনের জন্য "আলোচ্য-বিষয়-নির্ব্বাচনী-সমিতি" গঠন।

প্রস্তাবক—সভাপতি।

দ্বিতীয় দিন—২রা ফাল্গুন, সোমবার—পূর্ব্বাহ্ণ।

১। সরস্বতী-বন্দনা।

২। সাধারণ-সঙ্কল্প ;—

(ক) বাঙ্গালার মানব-তত্ত্বালোচনার উদ্দেশ্যে আপাততঃ ভাগলপুর জেলার বিভিন্ন ধর্ম্ম, বর্ণ, জাতি ও ব্যবসায়ভুক্ত জনগণের বংশহানি ও বংশবৃদ্ধির গতি পর্য্যবেক্ষণ ব্যবস্থা করিবার নিমিত্ত ভাগলপুরকে অনুরোধ করা হইতেছে।

(খ) বাঙ্গালী জাতির উৎপত্তি-সম্বন্ধে বিহার হইতে উপকরণ-সংগ্রহ পূর্ব্বক গ্রন্থ প্রকাশ করিবার জন্য ভারগ্রহণে ভাগলপুরকে অনুরোধ করা হইতেছে, এবং সংগৃহীত তথ্য আগামী বৎসরের সম্মিলনে উপস্থিত করিবার জন্যও অনুরোধ করা হইতেছে।

(গ) বাঙ্গালা ভাষার শব্দ-তত্ত্ব সংগ্রহের জন্য ভাগলপুর জেলায় প্রচলিত বাঙ্গালা ও বিহারী ভাষার সংমিশ্রণোৎপন্ন সেকাসেকী ভাষার সর্ব্বনাম ও ক্রিয়াপদের ভিন্ন ভিন্ন বিভক্তি-যোগ রূপভেদ সঙ্কলনের ভারগ্রহণে ভাগলপুরকে অনুরোধ করা হইতেছে।

(ঘ) বহু-প্রাচীন কীর্ত্তি, ধ্বংসাবশেষপূর্ণ বিহার প্রদেশ হইতে প্রত্ন-তত্ত্ব ও প্রাচীন শিল্পাদি-বিষয়ক উপকরণ সংগ্রহ করিবার জন্য ভাগলপুরকে অনুরোধ করা হইতেছে।

(ঙ) এই সকল প্রস্তাবানুসারে কার্য্য করিবার জন্য উপযুক্ত ব্যক্তিগণ দ্বারা উপযুক্ত উপায়াদি অবলম্বন ও আগামী সাহিত্য-সম্মিলনে এই সকল কার্য্যের বিবরণ উপস্থাপিত করিবার ভার সাহিত্য-পরিষদের ভাগলপুর শাখার প্রতি অর্পিত হইল।

প্রস্তাবক—সভাপতি।

৩। ২য় প্রস্তাব—৺রমেশচন্দ্র দত্ত মহাশয়ের স্মৃতি-রক্ষা-কল্পে, পূর্ব্বাধিবেশনে পরিগৃহীত "সারস্বত-ভবন" প্রতিষ্ঠার সঙ্কল্পের সহযোগে নিম্নলিখিত সঙ্কল্প গ্রহণের প্রস্তাব,—"বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের প্রথম অধিবেশনে "সারস্বত-ভবন" প্রতিষ্ঠার যে প্রস্তাব হইয়াছিল, এই সম্মিলন এই অধিবেশনেও সেই প্রস্তাব পুনঃ সমর্থন করিতেছেন এবং এই সম্মিলন ইচ্ছা করেন যে, ঐ "সারস্বত-ভবন' স্বর্গীয় রমেশচন্দ্র দত্তের স্মৃতিচিহ্ন স্বরূপ "রমেশচন্দ্র সারস্বত-ভবন' নামে অভিহিত করা হইবে এবং তজ্জন্য সমস্ত ভারতবর্ষের নিকট অর্থ-সাহায্য প্রার্থনা করা হইবে। এই কার্য্য নির্ব্বাহের জন্য নিম্নলিখিত ব্যক্তিবর্গকে লইয়া "রমেশচন্দ্র স্মৃতি-সমিতি" নামে একটি সমিতি গঠিত হউক :—

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র,
ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়,
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর,
মাননীয় মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর,
" " সার প্রদ্যোতকুমার ঠাকুর,
" " গিরিজানাথ রায় বাহাদুর,
মহারাজ রামচন্দ্র ভঞ্জ দেও, (ময়ূরভঞ্জ),
" নৃপেন্দ্রনারায়ণ ভূপ, (কুচবিহার),

মহারাজ বীরেন্দ্রকিশোর মাণিক্য বাহাদুর, (ত্রিপুরা),
„ জগদিন্দ্রনাথ রায়, (নাটোর)
মাননীয় মহারাজ রামেশ্বর সিংহ, (দ্বারবঙ্গ)
„ রণজিৎ সিংহ, (নশীপুর)
মাননীয় রাজা প্রমদানাথ রায়, (দীঘাপতিয়া)
„ কুমার মহেন্দ্ররঞ্জন রায়, (কাকিনা
রাজা জানকীবল্লভ সেন, (ডিমলা রংপুর)
„ বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, (কলিকাতা)
মহারাজকুমার শশিকান্ত আচার্য্য,
কুমার শরৎকুমার রায়,
„ অরুণচন্দ্র সিংহ,
„ মন্মথনাথ মিত্র,
রায় প্রমথনাথ রায় চৌধুরী, (সন্তোষ),
„ যতীন্দ্রনাথ চৌধুরী, (টাকী)
শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর,
„ গগনেন্দ্রনাথ ঠাকুর,
„ সত্যেন্দ্রনাথ ঠাকুর,
মাননীয় শ্রীযুক্ত সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ,
মহামহোপাধ্যায় বিজয়রত্ন সেন,
ডাক্তার নীলরতন সরকার,
কবিরাজ উপেন্দ্রনাথ সেন,
শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ সেন বিদ্যাভূষণ,
„ আশুতোষ চৌধুরী,
„ ব্যোমকেশ চক্রবর্ত্তী
ডাক্তার রাসবিহারী ঘোষ,
শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়,
„ মতিলাল ঘোষ,
শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি,

এতদ্ব্যতীত বঙ্গদেশের ও ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের কতিপয় গণ্যমান্যব্যক্তিগণ লইয়া এই সমিতি গঠিত হইল।

প্রস্তাবক—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ, (মুরশিদাবাদ)

সমর্থক—শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়, এম্ এ, বি এল্, (রাজসাহী ।

৪। ৩য় প্রস্তাব—গবর্মেণ্ট ও বিশ্ব-বিদ্যালয়ের বাঙ্গালা শিক্ষার ও পরীক্ষার প্রণালী, বিশেষতঃ পাঠ্য-পুস্তক নির্ব্বাচন সম্বন্ধে সংস্কার আবশ্যক। এই বিষয়ে বিশেষ বিবেচনার পর কর্ত্তব্য নির্দ্ধারণের জন্য নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া একটি সমিতি নিযুক্ত হউক :—

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, এম্ এ, বি এল্, (সভাপতি)
„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্
„ মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ যাদবেশ্বর তর্করত্ন
„ হরেন্দ্রলাল রায়, বি এল্
„ কুমার শরৎকুমার রায়, এম্ এ
„ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
„ সুরেশচন্দ্র সমাজপতি (সম্পাদক)

প্রস্তাবক—„ সুরেশচন্দ্র সমাজপতি
সমর্থক—„ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী

৫। ৪র্থ প্রস্তাব—ভারতবর্ষের ভিন্ন ভিন্ন দেশের ও অন্যান্য দেশের সাহিত্য ভারতবর্ষের অন্যান্য প্রদেশে ও অন্যান্য দেশে পরস্পরের মধ্যে আদৃত হইবার বিবিধ উপায় অবলম্বন করা আবশ্যক।

প্রস্তাবক—শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায়, বি এল্
সমর্থক— „ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, বি এ
পরিপোষক— „ নরেশচন্দ্র সিংহ, এম্ এ, বি এল্

৬। অতঃপর নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বা পঠিত রূপে গৃহীত হইল :—

১। ভাগলপুরের ভূবিদ্যা সম্বন্ধে কয়েকটি কথা—
শ্রীযুক্ত ললিতমোহন রায়, এম্ এ
২। বিশ্বের আকর্ষণী শক্তি—শ্রীযুক্ত চন্দ্রশেখর সরকার, এম্ এ, বি এল্
৩। রাসায়নিক পরিভাষা—ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ও
„ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ
৪। রাসায়নিক পরিভাষা
৫। মকরধ্বজ ও নব্য-বিজ্ঞান শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্ এ,
৬। ত্রিহুতে সোরার চাষ
৭। আয়ুর্ব্বেদের রাসয়নিক সংস্কার—শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী, এম্ এ
৮। জাতীয় উৎকর্ষ সাধন—শ্রীযুক্ত শশধর রায়, এম্ এ, বি এল্
৯। রাসায়নিক পরিভাষা—শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র মুখোপাধ্যায়, এম্ এ
১০। ভারতের প্রাচীন হিমনদী—শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত, এম্ এ

দ্বিতীয় দিন—অপরাহ্ণ

১। সঙ্গীত।

২। শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় মহাশয় কর্তৃক প্রদর্শনীর দ্রব্যাদির ব্যাখ্যা।

৩। সম্মিলনীর নিয়মাবলীর পাণ্ডুলিপি—

উপস্থাপক—সভাপতি।

প্রস্তাবক—মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর।

বঙ্গীয়-সাহিত্য সম্মিলনের খসড়া নিয়মাবলী উপস্থাপিত করিয়া মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্র চন্দ্র নন্দী বাহাদুর এই প্রস্তাব উপস্থিত করিলেন,—"সাহিত্য-সম্মিলনের নিয়মাবলীর এই পাণ্ডুলিপি গত বর্ষের এবং বর্ত্তমান বর্ষের উপস্থিত সদস্যগণের নিকট প্রেরিত হইবে এবং তিন মাসের মধ্যে তাঁহাদের মত লিখিয়া পাঠাইতে অনুরোধ করা হইবে। নিয়ম-সমিতি ঐ সকল মতামত বিবেচনা করিয়া পাণ্ডুলিপি সংশোধন করা আবশ্যক বোধ করিলে সংশোধন করিয়া আগামী সম্মিলনে উপস্থিত সদস্যগণকে জানাইবেন এবং উক্ত সংশোধিত পাণ্ডুলিপি আগামী সম্মিলনে বিবেচিত হইবে। আপাততঃ আগামী বৎসরে সম্মিলনের সম্পর্কীয় যাবতীয় কার্য্য পরিচালনার ব্যবস্থা করিতে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতিকে অনুরোধ করা হউক"।

সমর্থক—কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, এম্ এ।

৪। তিব্বতের টাসি লুম্পো বিশ্ববিদ্যালয়ের চিত্র, সেখানকার কয়েকখানি পুঁথি, আনাম দেশের "বিশুদ্ধিবর্গ" নামক পুঁথি, "অবদান কল্পলতার পুঁথি," প্রভৃতি বহু গ্রন্থ প্রদর্শন এবং তিব্বত, আনাম, কম্বোডিয়া প্রভৃতি দেশে সভ্যতা ও ধর্ম্ম বিস্তারে বাঙ্গালীর প্রভাব সম্বন্ধে শ্রীযুক্ত রায় শরচ্চন্দ্র দাস বাহাদুরের বক্তৃতা।

৫। প্রবন্ধ পাঠ,—

(১) মুসলমান ভারতের ইতিহাসের উপকরণ—শ্রীযুক্ত যদুনাথ সরকার, এম্ এ।

(২) বঙ্গের ইতিহাসের এক পৃষ্ঠা—শ্রীযুক্ত পরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্এ বি এল্।

(৩) মালদহে ঐতিহাসিক অনুসন্ধান কার্য্যের পরিচয়—শ্রীযুক্ত বিনয়কুমার সরকার, এম্ এ।

(৪) জাতি-তত্ত্বালোচনা—শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ, বি এ।

(৫) বঙ্গ সাহিত্যে প্রত্ন-তত্ত্ব ও ইতিহাস—শ্রীযুক্ত নিখিলনাথ রায়, বি এল্।

(৬) বিষ্ণু-মূর্ত্তি পরিচয়—(রচয়িতা পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ) পাঠক শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়, বি এল্।

(৭) খেতুরি জাতি—শ্রীযুক্ত নরেশচন্দ্র সিংহ, এম্ এ, বি এল্।

(৮) সাঁওতালগণের বিবরণ—শ্রীযুক্ত প্রভাসচন্দ্র পাল।

(৯) রাজবল্লভের কীর্ত্তি পরিচয়—শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত।

(১০) কোটালিপাড়ার কূটশাসন—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়,।

(১১) ভাগলপুরের ইতিহাস—শ্রীযুক্ত কালিদাস ভাদুড়ী।

তৃতীয় দিবস—৩রা ফাল্গুন ১৩১৬—মঙ্গলবার, ৭॥০ হইতে ১॥০টা পর্য্যন্ত।

১। সঙ্গীত।

২। ১ম প্রস্তাব—সাহিত্যের সঙ্গে শিল্প ও বিজ্ঞানের উন্নতি সাধন, বৈজ্ঞানিক সত্য সমুদায়ের প্রগাঢ় অনুসন্ধান করিবার নিমিত্ত ব্যবহারিক শিল্প-শাস্ত্র সঙ্কলন ও শিল্প-পাঠাগার প্রতিষ্ঠা ও তদুপযোগী যন্ত্রাদি নির্ম্মাণ করিবার চেষ্টা করা আবশ্যক।

প্রস্তাবক—মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর।

সমর্থক—ডাক্তার „ প্রফুল্লচন্দ্র রায়, ডি এস্‌সি।

৩। ২য় প্রস্তাব—বঙ্গের অদ্বিতীয় মহাকবি কাশীরাম দাসের বাস্তুভিটা আবিষ্কৃত ও নির্ণীত হইয়াছে; তথায় তাঁহার উপযুক্তরূপে স্মৃতি রক্ষার সুব্যবস্থা করা আবশ্যক।

প্রস্তাবক—শ্রীযুক্ত কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, বি এ।

সমর্থক—শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী।

৪। প্রবন্ধ পাঠ—

(১) বর্ত্তমান সাহিত্যের গন্তব্য পথ—শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রলাল রায়, বি এল্।

(২) শিক্ষা ও তাহার সংস্কার—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র, এম্ এ।

(৩) বাঙ্গালা ভাষা ও অসমিয়া ভাষা—শ্রীযুক্ত তারাপ্রসন্ন ঘোষ বিদ্যাবিনোদ।

(৪) বাঙ্গালা সম্বোধন রহস্য—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী।

(৫) বর্ণমালার অভিযোগ—শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায়, এম্ এ।

(৬) বেদে পৃথিবী সচলা—শ্রীযুক্ত বিনোদবিহারী রায়।

(৭) কবি কালিদাসের চিতাভূমি ও তাঁহার শেষ কবিতা—মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্ এ, পিএচ্ ডি।

(৮) ধূমকেতু—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়, এম্ এ।

৫। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের বক্তৃতা।

৬। সভাপতির শেষ কথা।

৭। অভ্যর্থনা সমিতির সভাপতির শেষ নিবেদন।

৮। ধন্যবাদ প্রস্তাব—

(ক) প্রতিনিধিবর্গের ও অভ্যাগতবর্গের পক্ষ হইতে অভ্যর্থনা সমিতি ও সেচ্ছা-সেবকগণকে কৃতজ্ঞতা জ্ঞাপন।

প্রস্তাবক—শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ, বি এল্ (মালদহ)।

সমর্থক— „ ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, এম্ এ।

„ „ সুরেশচন্দ্র সমাজপতি।

„ „ সতীশচন্দ্র দাস, (গৌহাটী)।

(খ) সভাপতি মহাশয়কে কৃতজ্ঞতা জ্ঞাপন—

প্রস্তাবক—শ্রীযুক্ত চন্দ্রশেখর সরকার, এম্ এ, বি এল্।

সমর্থক— „ হরেন্দ্রলাল রায়, বি এল্।

পরিপোষক—„ অক্ষয়কুমার মৈত্রেয়, বি এল্।

৯। নিমন্ত্রণ—

ময়মনসিংহবাসীদিগের পক্ষ হইতে নিমন্ত্রণ—

শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত।

অনুমোদক „ হেমচন্দ্র দাশগুপ্ত, এম্ এ।

গৌরীপুর উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনে উপস্থিত পরিষদের প্রতিনিধিগণ

রাজা শ্রীযুক্ত প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর (গৌরীপুর) শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম এ, (গৌহাটী) শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী—(রঙ্গপুর) শ্রীযুক্ত দ্বিজেশচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, বি এল্, (গৌরীপুর) শ্রীযুক্ত পঞ্চানন সরকার এম্ এ, বি এল্, (রঙ্গপুর) শ্রীযুক্ত সতীন্দ্রসেবক নন্দী, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী কলিকাতা।

ভাগলপুর বঙ্গীয়-সহিত্য-সম্মিলনে উপস্থিত সাহিত্য-পরিষদের প্রতিনিধিগণ

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, ডাঃ প্রফুল্লচন্দ্র রায়, শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর, পদ্মনাথ ভট্টাচার্য্য, সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী, সুরেশচন্দ্র সমাজপতি, ললিতকুমার বন্দ্যোপাধ্যায়, রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর, কিশোরীমোহন চৌধুরী, শশধর রায়, রমাপ্রসাদ চন্দ, পঞ্চানন নিয়োগী, খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, মণীন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়, প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়, বঙ্কিমচন্দ্র মুখোপাধ্যায়, রাধাকুমুদ মুখোপাধ্যায়, বিনয়কুমার সরকার, বিনয়কুমার সেন, খগেন্দ্রনাথ মিত্র, বিপিনবিহারী গুপ্ত, কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, নিখিলনাথ রায়, যদুনাথ সরকার, অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ, চারুচন্দ্র মিত্র, ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, শৈলেশচন্দ্র মজুমদার, বাণীনাথ নন্দী, কুমার জ্ঞানেন্দ্রচন্দ্র পাঁড়ে, কুমার প্রতাপেন্দ্রচন্দ্র পাঁড়ে, রামকমল সিংহ, সতীন্দ্রসেবক নন্দী, যোগেন্দ্রনাথ গুপ্ত, তারাপ্রসন্ন ঘোষ বিদ্যাবিনোদ, বৈদ্য-নাথ সাহা, জ্যোতিঃপ্রসাদ সিংহ, মথুরানাথ সিংহ, বসন্তরঞ্জন রায়, দুর্গাদাস রায়, জগদীশনাথ মুখোপাধ্যায়, হরগোপাল দাস-কুণ্ডু, প্যারীশঙ্কর দাসগুপ্ত, রাধেশচন্দ্র শেঠ, যজ্ঞেশ্বর বন্দ্যো-পাধ্যায়, সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, রাসবিহারী বন্দ্যোপাধ্যায়, হরেন্দ্রচন্দ্র লাহিড়ী, যোগীন্দ্র-প্রসাদ মৈত্র, বসন্তকুমার মিত্র, গঙ্গাপ্রসন্ন ঘোষ, মহাশয় তারকনাথ ঘোষ, সৌরেন্দ্রমোহন সিংহ, নরেশচন্দ্র সিংহ, ইন্দ্রনারায়ণ ঘোষ, পরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, সুরেন্দ্রনাথ মজুমদার, মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, হরেন্দ্রলাল রায়, দাশরথ সিংহ ব্যোমকেশ মুস্তফী, রাখালদাস বন্দ্যোপাধ্যায়, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, হেমচন্দ্র দাশ গুপ্ত,।